The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 901 | 19 December 2025 | শুক্রবার ৪ পৌষ অগ্রহায়ণ ১৪৩২




Trump, 79, Gave Deranged Response to Pollster's Dire Warnings → Page 18

Rep. Ilhan Omar says her son was pulled over by ICE agents in Minnesota → Page 18





Three Casinos in NYC: Hope of Thousands of Job → Page 19

Mayor Adams may skip Mamdani's inauguration over 'nasty' supporters → Page 19



# জাতিকে কাঁদিয়ে হাদির বিদায়

আজকাল রিপোর্ট



জুলাই বিপ্লবের সম্মুখসারির যোদ্ধা ও ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদি (৩২) গুলিতে আহত অবস্থায় সিঙ্গাপুরে চিকিৎসাধিন থাকার সময় গতকাল বৃহস্পতিবার শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বাংলাদেশ সময় রাত সাড়ে ৯টায় তিনি না ফেরার দেশে পাড়ি জমান (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। লাখ লাখ মানুষের দোয়া, প্রার্থনা আর আরাধনাকে ছাড়িয়ে পৃথিবীর মায়া ত্যাগ করে তিনি এখন সকল কিছুর উর্ধ্বে। ঘরে ঘরে সাধারণ মানুষ হাদি শহীদ হওয়ার খবর শুনে কান্নায় ভেঙ্গে পড়েন। ইনকিলাব মঞ্চের ভেরিফায়েড ফেসবুক পেজে প্রথম বলা হয়, 'ভারতীয় আধিপত্যবাদের মোকাবিলায় মহান বিপ্লবী ওসমান হাদিকে আল্লাহ শহীদ হিসাবে কবুল করেছেন।' তার মৃত্যু সংবাদ ছড়িয়ে পড়ার পর পর ঢাকাসহ বাংলাদেশের বিভিন্ন অঞ্চলে উত্তাল বিক্ষোভ ছড়িয়ে পড়ে। দুটি মিডিয়া হাউজে আগুন ও ভাঙ্গচুরের ঘটনা, রাজধানীতে আতঙ্ক ছড়িয়ে পড়েছে বলে জানা যায়। শহীদ হাদির লাশ আজ শুক্রবার বিকেলে বাংলাদেশে নেয়ার কথা রয়েছে। সিঙ্গাপুরে প্রথম জানাজার পর বীর এই শদীদের প্রধান জানাজার নামাজ অনুষ্ঠিত হবে মানিক মিয়া এভিনিউতে। একজন খাঁটি দেশপ্রেমিক ও অন্যায়ের বিরুদ্ধে সোচ্চার এই জুলাই যোদ্ধার মৃত্যুতে শোকে স্তব্ধ পুরো জাতি। মৃত্যু সংবাদ শুনে শোকবিহবল হয়ে পড়ে দেশবাসী। সামাজিক যোগাযোগমাধ্যমে এই তথ্য ছড়িয়ে পড়লে শোকের ছায়া নেমে আসে। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের পাশাপাশি বিএনপি, জামায়াতে ইসলামী ও এরপর ৫০ পৃষ্ঠায়



## সিআইপি অ্যাওয়ার্ড পেলেন আজকাল সম্পাদক শাহ নেওয়াজ

আজকাল রিপোর্ট

নিউ ইয়র্কের বিশিষ্ট ব্যবসায়ী গোল্ডেন এইজ হোমকেয়ার এর প্রেসিডেন্ট এন্ড সিইও, এনওয়াই ইন্সুইরেন্স এর কর্ণধার ও জনপ্রিয় সাপ্তাহিক আজকাল পত্রিকার সম্পাদক শাহ নেওয়াজ এরপর ৪৫ পৃষ্ঠায়

## ২৫ ডিসেম্বর ফিরছেন তারেক ফ্লাইটে কোন সিট খালি নেই



আজকাল রিপোর্ট

তারেক রহমানের ফ্লাইটে কোন সিট খালি নেই। ২৫ ডিসেম্বর তার দেশে ফেরার চূড়ান্ত ঘোষণার কয়েক ঘন্টার মধ্যে তারেককে বহনকারি বিমানের সব সিট বিক্রি হয়ে যায়। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দীর্ঘ ১৭ বছর এরপর ৪৫ পৃষ্ঠায়

## 'হঠকারী হবেন না' সংযমের আহ্বান ইউনূসের



আজকাল রিপোর্ট

ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরীফ ওসমান বিন হাদির মৃত্যুর পর সবাইকে ধৈর্য ধারণ ও সংযমের এরপর ৩৪ পৃষ্ঠায়

## হাদির মৃত্যুতে উত্তাল বাংলাদেশ

ভারত ও আ.লীগের বিরুদ্ধে শ্লোগান

ছায়ানট কার্যালয়ে হামলা চালায়

সাংবাদিকদের ক্রেন দিয়ে উদ্ধার

মাসুদ করিম, *ঢাকা থেকে*



ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদির মৃত্যুর খবরে উত্তাল হয়ে উঠেছে বাংলাদেশ। বিক্ষুব্ধ জনতা রাস্তায় নেমে ভারত ও আওয়ামী লীগের বিরুদ্ধে শ্লোগান দিচ্ছে। তারা ভারত ও আওয়ামী লীগের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন স্থানে হামলা করছে। তারা প্রথম আলো ও ডেইলি স্টার পত্রিকা অফিস জ্বালিয়ে দিয়েছে। বাংলাদেশে চরম এক অরাজক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। ধানমন্ডি ৩২ নম্বরে অবস্থিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বাড়িতে হামলা চালিয়েছে বিক্ষুব্ধ জনতা। এছাড়াও, চট্টগ্রামে ভারতের এরপর ৩৮ পৃষ্ঠায়

## ট্রাম্পের জনপ্রিয়তা কমছেই

আজকাল রিপোর্ট



যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের জনপ্রিয়তা কমছেই। তার অর্থনৈতিক নেতৃত্ব নিয়ে আমেরিকানদের অসন্তোষ আগের যেকোনো সময়ের তুলনায় বেড়েছে। নিউজ/এনপিআর/মেরিস্টের এক নতুন জরিপে দেখা গেছে, অর্থনীতি পরিচালনার ক্ষেত্রে ট্রাম্প তার রাজনৈতিক জীবনের সর্বনিম্ন অনুমোদন রেটিং এরপর ৫০ পৃষ্ঠায়



## সিনেটে লড়তে চান বাংলাদেশি আমেরিকান কারিশমা মঞ্জুর

আজকাল রিপোর্ট

বাংলাদেশি আমেরিকান কারিশমা মঞ্জুর নিউ হ্যাম্পশায়ার থেকে সিনেটে লড়বেন। আগামী নভেম্বরে এ নির্বাচন অনুষ্ঠিত হবে। প্রার্থীতা ঘোষণা করেছেন ডেমোক্র্যাটিক পার্টির হয়ে। তবে নভেম্বরের নির্বাচনের আগে নিজ দল থেকে প্রার্থী হিসেবে মনোনয়ন পেতে হবে। এরপর ১৪ পৃষ্ঠায়

## শনিবার মানিক মিয়ায় হাদির জানাজা

আজকাল রিপোর্ট

ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরীফ ওসমান বিন হাদির মরদেহ শুক্রবার সিঙ্গাপুর থেকে দেশে আনা হবে। ঢাকা মেডিকেল এরপর ২৮ পৃষ্ঠায়
































NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
SWH
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-538-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

সাপ্তাহিক আজকাল
Friday, 19 December 2025, Issue 901, www.ajkalnewyork.com PAGE 03


# যুক্তরাষ্ট্রে আরও দেশের ওপর ভ্রমণ নিষেধাজ্ঞা

আজকাল রিপোর্ট



আরও ২০ টি দেশকে যুক্ত করে ভ্রমণ নিষেধাজ্ঞা সম্প্রসারণ করছে যুক্তরাষ্ট্র। এর ফলে এ বছরের শুরুতে ঘোষিত কঠোর ভ্রমণ ও অভিবাসন সীমাবদ্ধতার আওতাভুক্ত দেশের সংখ্যা দ্বিগুণ হলো। ট্রাম্প প্রশাসন সম্পূর্ণ ভ্রমণ নিষেধাজ্ঞার তালিকায় আরও পাঁচটি দেশ যুক্ত করেছে এবং ফিলিস্তিনি কর্তৃপক্ষের ইস্যু করা ভ্রমণ নথি বহনকারীদের ওপরও যুক্তরাষ্ট্রে প্রবেশে পূর্ণ নিষেধাজ্ঞা আরোপ করেছে। পাশাপাশি আরও ১৫টি দেশের নাগরিকদের ওপর আংশিক সীমাবদ্ধতা জারি করা হয়েছে। এ খবর দিয়েছে বার্তা সংস্থা। প্রশাসনের তথ্য অনুযায়ী, যুক্তরাষ্ট্রে ভ্রমণ ও অভিবাসনের ক্ষেত্রে প্রবেশের মানদণ্ড আরও কঠোর করার চলমান প্রচেষ্টার অংশ হিসেবেই এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। তবে সমালোচকদের মতে, এই পদক্ষেপ নানা দেশের মানুষের জন্য অন্যায্যভাবে ভ্রমণ বন্ধ করে দিচ্ছে। প্রশাসন আরও ইঙ্গিত দেয়, থ্যাঙ্কসগিভিং সপ্তাহান্তে ন্যাশনাল গার্ডের দুই সদস্যকে গুলির ঘটনায় অভিযুক্ত এক আফগান নাগরিক গ্রেপ্তারের পরই তারা এই নিষেধাজ্ঞা আরও বিস্তৃত করার সিদ্ধান্ত নেয়। যাদের কাছে ইতিমধ্যেই বৈধ ভিসা রয়েছে, যারা যুক্তরাষ্ট্রের বৈধ স্থায়ী বাসিন্দা (গ্রিন কার্ডধারী), অথবা কূটনীতিক, ক্রীড়াবিদসহ নির্দিষ্ট কিছু ভিসা শ্রেণির আওতায় পড়েন, এছাড়া যাদের যুক্তরাষ্ট্রে প্রবেশ দেশটির স্বার্থে সহায়ক বলে বিবেচিত, তারা এই নিষেধাজ্ঞার বাইরে থাকবেন। ঘোষণায় বলা হয়েছে, এই পরিবর্তনগুলো আগামী ১লা জানুয়ারি থেকে কার্যকর হবে। এ বছরের জুনে প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প ঘোষণা করেন, ১২টি দেশের নাগরিকদের এরপর ২৮ পৃষ্ঠায়



ব্রংকসে সম্মিলিত বিজয় উৎসব

# বিজয় দিবসে বিভিন্ন সংগঠনের কর্মসূচি পালিত

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বাংলাদেশের মহান বিজয় ও জাতীয় দিবস উদযাপিত হয়েছে গত ১৬ ডিসেম্বর। যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদযাপনের লক্ষ্যে প্রতিবছরের মতো এবারও নিউইয়র্কের বিভিন্ন বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, আঞ্চলিক, সাংস্কৃতিক সংগঠন বিস্তারিত কর্মসূচি গ্রহণ করেছিল।

অনুষ্ঠানগুলোর কর্মসূচীর মধ্যে বীর মুক্তিযোদ্ধাদের সম্মাননা প্রদান, শোভাযাত্রা, আলোচনা, প্রদীপ প্রজ্জ্বলণ, শিশু-কিশোরদের বিভিন্ন প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান প্রভৃতি। এরপর ৩৪ পৃষ্ঠায়

# 'ট্রাম্প গোল্ড ভিসা'র জন্য যেভাবে আবেদন

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব লাভে আগ্রহী ধনী ব্যক্তিদের জন্য 'ট্রাম্প গোল্ড ভিসা' নামের একটি নতুন ভিসা কর্মসূচি চালু করেছে ডোনাল্ড ট্রাম্পের নেতৃত্বাধীন প্রশাসন। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প মঙ্গলবার (৯ ডিসেম্বর) প্রথমে নিজের সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে এই ঘোষণা দেন এবং পরে সাংবাদিকদের কাছে ব্যাপারটি নিশ্চিত করেন।

ডোনাল্ড ট্রাম্প তার পোস্টে বলেন, যোগ্য এবং যাচাইকৃত আগ্রহী ব্যক্তিদের জন্য দারুণ খবর! ট্রাম্প গোল্ড ভিসা চালু হয়েছে। মার্কিন নাগরিকত্ব লাভের জন্য সরাসরি পথ হিসেবে কাজ করবে এই ভিসা। আমাদের মহান মার্কিন কোম্পানিগুলো অবশ্যই তাদের মেধাবী কর্মীদের ধরে রাখতে পারবে।

মার্কিন কর্মকর্তাদের বরাতে জানা গেছে, এই বিশেষ ভিসা পেতে আগ্রহীদের এরপর ২৪ পৃষ্ঠায়

# আটলান্টিক সিটিতে মনোমুগ্ধকর হলিডে প্যারেড অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

আমেরিকা জুড়ে চলছে উৎসবের আমেজ। বাড়ি-ঘর, রাস্তাঘাট, শপিং মল, পার্ক সেজেছে বাহারি সাজসজ্জায়। তার ঢেউ এসে লেগেছে আটলান্টিক মহাসাগরের তীরবর্তী শহর আটলান্টিক সিটিতেও। গত ১৩ ডিসেম্বর আটলান্টিক সিটিতে অনুষ্ঠিত হয়েছে মনোমুগ্ধকর 'হলিডে প্যারেড'। ওইদিন বিকেল সাড়ে চারটায় আটলান্টিক সিটির মেয়র মার্টি স্মলের নেতৃত্বে নর্থ সাউথ ক্যারোলিনা এভিনিউ থেকে এই প্যারেড শুরু হয়ে ওভারেল পার্কে এসে শেষ হয়। প্যারেডে অংশগ্রহণকারীরা বাদ্যের তালে তালে নেচে-গেয়ে, শারীরিক কসরত প্রদর্শন করে সবাইকে মাতিয়ে রাখে। হলিডে প্যারেডে আটলান্টিক সিটির পুলিশ প্রধান জেমস সারকোস, কাউন্সিলরগণ, এরপর ১৫ পৃষ্ঠায়



# 'প্রথম আলো' উত্তর আমেরিকার কমিউনিটি সংযোগ অনুষ্ঠান

আজকাল রিপোর্ট

সমাজ ও সংযোগের কাজে স্বেচ্ছা নিবেদিত কিছু মানুষ আর সংগঠনকে নিয়ে প্রথম আলো উত্তর আমেরিকা ও হিউম্যান কর্ণার ইউএসএ'র কমিউনিটি সংযোগ অনুষ্ঠান গত ১২ ডিসেম্বর নিউইয়র্কের গুলশান টেরেসে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের সূচনা বক্তব্যে সম্পাদক ইব্রাহীম চৌধুরী বলেন, প্রবাসে যারা নীরবে কাজ করে যান, তারা অনেকসময়েই জনসমক্ষে আসতে চান না। তাদের চিহ্নিত করে, সংযোগ সৃষ্টি করে সমাজ ও মানুষের জন্য ভালো করার ক্রমাগত প্রয়াসে প্রথম আলো উত্তর আমেরিকা অবিচল থাকবে। এরপর ১৫ পৃষ্ঠায়

# ইমিগ্রান্টস ইন্টারন্যাশনালের মতবিনিময় সভা

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের বাংলাদেশি অভিবাসী সমাজের নানা বিষয় নিয়ে খোলামেলা আলোচনা নিয়ে কমিউনিটি অ্যাওয়ারনেস মিটআপ অনুষ্ঠান সম্প্রতি জ্যামাইকার খলিল বিরিয়ানিতে অনুষ্ঠিত হয়। ইমিগ্রান্টস ইন্টারন্যাশনাল এবং কুমিল্লা কিংগস ইয়ুথ ফোরাম ইউএসএ যৌথ আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথি উপস্থিত ছিলেন ইমিগ্রান্টস ইন্টারন্যাশনালের চেয়ারপারসন এটর্নী মইন চৌধুরী।

এটর্নী মইন চৌধুরী অভিবাসন বিষয়ক চ্যালেঞ্জ, আইনি সচেতনতা, কমিউনিটির ঐক্য এবং তরুণ প্রজন্মের দায়িত্ব নিয়ে কথা বলেন। পাশাপাশি অংশগ্রহণকারীদের করা বিভিন্ন প্রশ্নের স্পষ্ট ও বাস্তবভিত্তিক উত্তর দেন। ইমিগ্রান্টস এরপর ২৬ পৃষ্ঠায়



# কুইন্স পাবলিক লাইব্রেরিতে লেখকের অঙ্গন'র গ্রন্থালোচনা অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

প্রবাসে সৃজনশীল নির্মল সাহিত্য চর্চার সংগঠন 'লেখকের অঙ্গন'র ২২তম গ্রন্থালোচনা গত ১৩ ডিসেম্বর কুইন্স পাবলিক লাইব্রেরিতে অনুষ্ঠিত হয়। সংগঠনের পরিচালক নীরা কাদরীর পরিচালনায় নিউইয়র্কের কবি, লেখক, আলোচকরা এ মাসিক গ্রন্থালোচনায় অংশ নেন।

গ্রন্থালোচনার প্রথম আলোচক ছিলেন কবি ও লেখক মোহাম্মদ মহিবুর রহমান। তিনি প্রাঞ্জল ভাষায় হুমায়ুন আহমেদের 'নন্দিত নরকে' উপন্যাসের কাহিনীর মধ্যবিত্ত পরিবারের স্বপ্ন, চাওয়া, পাওয়া ও টানপোড়েনের এরপর ২৬ পৃষ্ঠায়


GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911


Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন | ব্যাংক্র্যাপসি | ক্রেডিট কার্ড মেটার | ডিভোর্স | চাইল্ড কাস্টডি | চাইল্ড সাপোর্ট | অর্ডার অব প্রোটেকশন | সিটিজেনশিপ | সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

• Do you want apply for a green card? • Are you being deported? • Are you having credit card problems?
• Are you unable to pay your debts? • Has your bank account been sealed?
• Are you getting harrassed by creditors?

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।


Suryia Rahman, Esq

# NY INSURANCE BROKERAGE INC

NYI
NY INSURANCE BROKERAGE

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**



Design & Print by: ihopeprint.com, 929-538-7903

**CONTACT US:**

SCAN ME

# 718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372

office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

## সম্পাদকীয়



# হাদির ঘাতকদের কঠোর শাস্তি হোক

দিনদুপুরে ঢাকায় নির্বাচনী প্রচারণাকালে ঢাকা-৮ আসনের তরুণ, সম্ভাবনাময় প্রার্থী ও ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান হাদির ওপর যেভাবে গুলি চালিয়ে তাকে হত্যা করা হয়েছে তাতে ঢাকাসহ সারাদেশ এখন উত্তাল। সিঙ্গাপুরে চিকিৎসাধিন থাকা অবস্থায় তার মৃত্যু সংবাদ বৃহস্পতিবার রাতে ছড়িয়ে পড়লে বাড়তে থাকে ভীতিকর ও উদ্বেগজনক পরিস্থিতি। এ ধরণের হত্যার ঘটনা আইনশৃঙ্খলার নাজুক পরিস্থিতির ইঙ্গিত বহন করছে। রাজনৈতিকভাবেও পরিস্থিতি আশঙ্কাজনক। শোকার্ত মানুষ বিক্ষুব্ধ হয়ে উঠেছে বলে সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়েছে নানা ভিডিও। আইন নিজের হাতে তুলে না নেওয়াই উত্তম।

দেশে ইতোমধ্যে বহুল প্রতীক্ষিত জাতীয় নির্বাচনের তফশিল ঘোষণা হয়েছে; ২৪ ঘন্টা পার না হতেই একজন সম্ভাব্য প্রার্থীর ওপর হামলা গণতন্ত্রে উত্তরণের সামগ্রিক প্রচেষ্টার জন্যও নেতিবাচক বটে। আমরা দেখেছি, হামলার শিকার ওসমান হাদি ইতোপূর্বে সামাজিক মাধ্যমে তাঁর নিরাপত্তা নিয়ে আশঙ্কা প্রকাশ করেছিলেন। এরপরও কেন তাঁর নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হয়নি ?

আমরা মনে করি, জুলাই গণঅভ্যুত্থানের সম্মুখসারিতে থাকা হাদির ন্যায় ব্যক্তি কেবল নয়, যে কোনো নাগরিকের ক্ষেত্রে বিশেষত আশঙ্কা প্রকাশিত হবার পর নিরাপত্তা নিশ্চিত করবার বিকল্প নাই। অঘটনের শিকার ব্যক্তির চিকিৎসাতেও দিতে হবে অগ্রাধিকার। মস্তকে গুলিবিদ্ধ হাদিকে গুরুতর আহতাবস্থায় ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে জরুরি অস্ত্রোপচারের পর বেসরকারি একটি হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে স্থানান্তর করা হয়েছিল। তাকে হত্যাচেষ্টার সাথে জড়িত সহযোগী একজনকে গ্রেফতারের খবর জানা গেছে। আশা করছি, মূল আসামীও ধরা পড়বে। খুনিকে ধরিয়ে দিলে পঞ্চাশ লক্ষ টাকা পুরস্কার ঘোষণা দিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা। অপরাধি ঘাতকদের কঠোর শাস্তি হোক এটি এখন সময়ের দাবি।

তাকে যারা হত্যা করেছে সেই প্রকৃত অপরাধী আটক এবং নেপথ্যের খলনায়কগণের পরিচয় উন্মোচনই হোক অগ্রাধিকার। কেবল পুরস্কার ঘোষণা দিয়ে সরকারের স্বরাষ্ট্র উপদেষ্টার হস্ত-পদ গুটিয়ে বসে থাকবার অবকাশ নেই। পাশাপাশি যেসব নেতাদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে, হুমকি আসছে তাদেরও নিরাপত্তা জোরদার করার দাবি জানাচ্ছি আমরা

সাংবাদিকরা স্বরাষ্ট্র উপদেষ্টাকে নির্বাচনের তফশিলের পর আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে প্রশ্ন করলে তিনি যেভাবে উত্তর এড়িয়ে আলু-পেঁয়াজের মূল্য সংক্রান্ত বক্তব্য দিয়েছেন তা দায়িত্বশীলতার প্রমাণ বহন করে না। বিশেষত যখন সাম্প্রতিক সময়ে আইনশৃঙ্খলা নিয়ে উদ্বিগ্ন হবার মতো উল্লেখযোগ্য একাধিক ঘটনা ঘটছে। প্রধান নির্বাচন কমিশনারও হাদি গুলিবিদ্ধ হবার নৃশংসতাকে 'বিচ্ছিন্ন' ঘটনা বলে সাংবাদিকদের কাছে প্রকাশ্যে বলেছেন।

একজন প্রার্থীকে রাজধানীতে যেভাবে প্রকাশ্যে হত্যা করা হলো তা যদি প্রধান নির্বাচন কমিশনারের কাছে 'বিচ্ছিন্ন' ঘটনা হয় তা হলে ভোটের মাঠে এমন নৃশংসতার অত্যন্ত নেতিবাচক বার্তা দিচ্ছে।

জুলাই গণঅভ্যুত্থানের সম্মুখসারির যোদ্ধা হতে রাজনীতিতে আসা শরিফ ওসমান হাদি অল্প সময়ের ব্যবধানে অত্যন্ত পরিচিত উজ্জ্বল মুখ। তাকে যারা হত্যা করেছে সেই প্রকৃত অপরাধী আটক এবং নেপথ্যের খলনায়কগণের পরিচয় উন্মোচনই হোক অগ্রাধিকার। কেবল পুরস্কার ঘোষণা দিয়ে সরকারের স্বরাষ্ট্র উপদেষ্টার হস্ত-পদ গুটিয়ে বসে থকবার অবকাশ নেই। পাশাপাশি যেসব নেতাদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে, হুমকি আসছে তাদেরও নিরাপত্তা জোরদার করার দাবি জানাচ্ছি আমরা।

# ভোট দেশকে এগিয়ে নেওয়ার চাকা এটি কাউকে চুরি করতে দেবেন না

### প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস



'মনে রাখবেন, ভোট রক্ষা করা দেশ রক্ষা করার সমান দায়িত্ব। ভোট রক্ষা করুন। দেশকে রক্ষা করুন। ভোট দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার গাড়ির চাকা। এই চাকা কাউকে চুরি করতে দেবেন না।(মঙ্গলবার মহান বিজয় দিবস উপলক্ষে জাতির উদ্দেশে দেওয়া প্রধান উপদেষ্টার ভাষণ)।

'আসন্ন জাতীয় নির্বাচন ও গণভোটকে সামনে রেখে প্রশাসনকে আরও কার্যকর, নিরপেক্ষ ও নির্বাচনী পরিবেশের উপযোগী করতে সরকার মাঠ প্রশাসন এবং পুলিশ প্রশাসনে বেশ কিছু রদবদল করেছে। এই পরিবর্তনগুলো কারও প্রতি অনুরাগ বা বিরাগ প্রসূত নয়। এগুলো করা হয়েছে দক্ষতা, যোগ্যতা এবং পেশাগত সক্ষমতার ভিত্তিতে।

'আমাদের লক্ষ্য একটাই-দেশের প্রতিটি ভোটার যেন ভোট দিতে পারেন নিরাপদ পরিবেশে, ভয়মুক্ত মনে এবং সর্বোচ্চ স্বাধীনতায়। নির্বাচন কমিশন যদি মনে করে আরও কোনো পদক্ষেপ প্রয়োজন-তা কমিশন অবশ্যই গ্রহণ করবে।'

প্রিয় দেশবাসী, 'জুলাই সনদ জাতির ভবিষ্যৎ পথ যাত্রায় একটি ঐতিহাসিক দলিল। এই সনদে আমরা যে সংস্কারমালা প্রস্তাব করেছি-রাজনৈতিক স্থিতিশীলতা, বিশ্বাসযোগ্য নির্বাচন, প্রশাসনিক জবাবদিহি, দুর্নীতি হ্রাস, অর্থনৈতিক পুনর্গঠন এবং সমাজে সমঅধিকার প্রতিষ্ঠা-এসব বাস্তবায়নের জন্য প্রয়োজন জনগণের সুস্পষ্ট মতামত। কারণ, একটি জাতীয় রূপান্তর কখনোই একক নেতৃত্ব বা একটি প্রশাসনের মাধ্যমে টেকসই হয় না; জনগণকেই চূড়ান্ত সম্মতি দিতে হয়।

'এই কারণেই আমরা গণভোটের আয়োজন করেছি-যাতে দেশের ভবিষ্যৎ সংস্কার দিশা নির্ধারণে জনগণ সরাসরি সিদ্ধান্ত দিতে পারেন। এই গণভোট হবে বাংলাদেশের ইতিহাসে নতুন মাইলফলক। এখানে আপনাদের প্রতিটি ভোট আগামী দিনের রাষ্ট্রব্যবস্থার ভিত্তি স্থাপন করবে।

'এবারের নির্বাচনটি অনেক বেশি গুরুত্বপূর্ণ। কারণ, একই দিনে এবার দুটি ভোট। একটি সংসদ সদস্য নির্বাচনের ভোট। আরেকটি গণভোট-যার প্রভাব হবে শতবর্ষব্যাপী। কাজেই অবশ্যই ভোট দিন। ভবিষ্যৎ নিশ্চিত করুন।

'এর মাধ্যমে আপনারা জানান, আপনারা কি জুলাই সনদের সংস্কার কাঠামোকে এগিয়ে নিতে চান কি না। আপনাদের ভোটই নির্ধারণ করবে রাষ্ট্র কোন পথে অগ্রসর হবে, প্রশাসন কোন কাঠামোয় পুনর্গঠিত হবে এবং নতুন বাংলাদেশ কেমন রূপ পাবে।'

প্রবাসীদের এই ভূমিকা শুধু জুলাইয়েই নয়, আমরা দেখেছি ১৯৭১ সালের মহান স্বাধীনতা সংগ্রামের সময়ও। কিন্তু পরিতাপের বিষয় হচ্ছে, আমাদের এই প্রবাসী ভাইবোনেরা কখনোই ভোটাধিকার পাননি। 'অন্তর্বর্তীকালীন সরকারের সক্রিয় উদ্যোগের ফলে প্রথমবারের মতো লাখ লাখ প্রবাসী এবার পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিতে যাচ্ছেন। 'এর ফলে প্রবাসীরা অত্যন্ত আনন্দিত। আমরাও আনন্দিত। একই সঙ্গে অনেক প্রবাসী নানা জটিলতায় এই উদ্যোগে শামিল হতে না পেরে ব্যথিতও। আপনাদের আবেগের প্রতি আমরা শ্রদ্ধা রেখে বলছি-এবারের যে ধারা শুরু হলো, তা ভবিষ্যতে থামবে না। আগামীতে আপনারাও এই প্রক্রিয়ায় শামিল হতে পারবেন।'

প্রিয় দেশবাসী, 'আপনারা জানেন, জুলাই অভ্যুত্থানের সময় আমাদের প্রবাসী ভাইবোনেরা কী তৎপরতার সঙ্গে এগিয়ে এসেছিলেন। ফ্যাসিবাদের মসনদ গুঁড়িয়ে দিতে তাঁরা অভূতপূর্ব ভূমিকা রেখেছেন। প্রবাসীদের এই ভূমিকা শুধু জুলাইয়েই নয়, আমরা দেখেছি ১৯৭১ সালের মহান স্বাধীনতা সংগ্রামের সময়ও। কিন্তু পরিতাপের বিষয় হচ্ছে, আমাদের এই প্রবাসী ভাইবোনেরা কখনোই ভোটাধিকার পাননি।

'অন্তর্বর্তীকালীন সরকারের সক্রিয় উদ্যোগের ফলে প্রথমবারের মতো লাখ লাখ প্রবাসী এবার পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিতে যাচ্ছেন।

'এর ফলে প্রবাসীরা অত্যন্ত আনন্দিত। আমরাও আনন্দিত। একই সঙ্গে অনেক প্রবাসী নানা জটিলতায় এই উদ্যোগে শামিল হতে না পেরে ব্যথিতও। আপনাদের আবেগের প্রতি আমরা শ্রদ্ধা রেখে বলছি-এবারের যে ধারা শুরু হলো, তা ভবিষ্যতে থামবে না। আগামীতে আপনারাও এই প্রক্রিয়ায় শামিল হতে পারবেন।'

# একটা অসভ্যতা একশো অসভ্যতার জন্ম দেয়

### আফজাল হোসেন

এখন সামনে পিছনে, ডানে বামে নিত্যই আমরা যা ঘটতে দেখি, তাতে ধরে নেয়া যায়, মানুষ একটানা অনেকদিন একই রকম কাটাতে পছন্দ করে না। বোধহয় সে কারণেই বহু মানুষের এখন মনে হয়, অনেকদিন সভ্য হয়ে কাটানো হয়েছে, এবার কে কতটা অসভ্যতা জানি, বলে এবং করে দেখিয়ে দেই। এই দেখিয়ে দেয়ায় আনন্দ মিলছে ঢের। কিন্তু লোকসান কতটা হচ্ছে, তা নিয়ে মাথা ঘামানো নেই। মানুষ যখন অসভ্যতা করে, জেনে বুঝে, উৎসাহ আনন্দ নিয়েই করে থাকে। অসভ্য মানুষের চারপাশে জড়ো হয়ে থাকে অসভ্যতাপ্রিয় মানুষেরাই। তাই অসভ্যতা যে অতি মন্দ, তা জানা বা বোঝার উপায় থাকে না



মানুষ এক অদ্ভুত প্রাণী। পরমানন্দে অসভ্যতা করে, অসভ্যতা করে দেখাতে পারাকে যোগ্যতা বলে বিবেচনা করে। কেউ কেউ টের পেয়ে গেছে, অসভ্যতার যোগ্যতা থাকলে সমাজে বিশেষ একটা জায়গা পাওয়া যায়, বিশ্বাস করে চমৎকার জীবন গড়ার এক অদ্ভুত উপাদান এই অসভ্যতা।

শিক্ষা দীক্ষা থাকলেও অসভ্যতা যদি জীবন প্রতিষ্ঠায় ফলদায়ক মনে হয়, শিক্ষা দীক্ষা পায়ের তলায় ফেলতে পারে মানুষ। স্বার্থ, সুবিধার জন্য নির্দ্বিধায় সবই করতে পারে এমন মানুষ জগতে বিস্তর আছে।

লজ্জা শরম, বিবেচনাবোধ না থাকা যে কেউই বুক ফুলিয়ে অসভ্যতা করে দেখাতে পারে। অনেক মানুষের হাবভাব দেখে মনে হতে পারে, তারা অসভ্যতা করা দায়িত্ববোধের অংশ বলে ভাবে।

জীবনভর নিখরচায় চমৎকার কতকিছু দেখা হয়েছে, পাওয়া হয়েছে, এবং উপভোগ করা হয়েছে। এখন জীবন নাটকে দেখতে হচ্ছে ক্লাইমেক্স, আসল মজা।

শিক্ষা কী, সংস্কৃতি কেন- এসব জানতে বুঝতে হয় না, মস্তিকে মোচড় মারলেই যখন তখন, যেখানে সেখানে যার তার সাথে অসভ্যতা করে ফেলা যায়, তাতে হাততালি, বাহবা মেলে এবং অনেক মানুষ তা বাহাদুরি বলে ভাবেও। জগতে সভ্যতা অতি প্রয়োজনীয় বিষয় ছিল। অসভ্যতা থেকে কালে কালে সুন্দর পৃথিবীবাসের মানুষকে উপযুক্ত, সভ্য হয়ে উঠতে হয়েছে। মানুষের সমাজ দরকার হয়েছে, দেশের দরকার পড়েছে। দরকারি মনে হয়েছে সম্পর্ক। সভ্যতা দিয়ে সম্পর্ক গড়তে হয়েছে সভ্যতা দিয়েই সমাজ, দেশ গড়েছে মানুষ।

এখন সামনে পিছনে, ডানে বামে নিত্যই আমরা যা ঘটতে দেখি, তাতে ধরে নেয়া যায়, মানুষ একটানা অনেকদিন একই রকম কাটাতে পছন্দ করে না। বোধহয় সে কারণেই বহু মানুষের এখন মনে হয়, অনেকদিন সভ্য হয়ে কাটানো হয়েছে, এবার কে কতটা অসভ্যতা জানি, বলে এবং করে দেখিয়ে দেই।

এই দেখিয়ে দেয়ায় আনন্দ মিলছে ঢের। কিন্তু লোকসান কতটা হচ্ছে, তা নিয়ে মাথা ঘামানো নেই। মানুষ যখন অসভ্যতা করে, জেনে বুঝে, উৎসাহ আনন্দ নিয়েই করে থাকে। অসভ্য মানুষের চারপাশে জড়ো হয়ে থাকে অসভ্যতাপ্রিয় মানুষেরাই। তাই অসভ্যতা যে অতি মন্দ, তা জানা বা বোঝার উপায় থাকে না।

ছোটবেলায় পড়া একটা কবিতা এখনো অনেকের মুখস্ত থকবার কথা। "কুকুরের কাজ কুকুর করেছে, কামড় দিয়েছে পায়, তা বলে কুকুরে কামড়ানো কীরে মানুষের শোভা পায়"। যখন জগতজুড়ে অসভ্যতা কম ছিল, তখন এমন সচেতনতার কথা সহজ উদাহরণ টেনে কবিতায় বলা হয়েছে।

এখন মানুষ অসভ্যতা অসভ্যতায় এতটাই অধঃপতিত, কুকুর কামড়ে দিলে ঝাপিয়ে পড়ে, আরও জোরসে কুকুরের পা কামড়ে দিয়ে বুঝিয়ে দিতে চাইবে, আমি তোর চাইতে বাহাদুর হে কুকুর।

একটা অসভ্যতা একশো অসভ্যতার জন্ম দেয়। ঢিলের বদলে পাটকেল খেতে হবেই। এ নিয়মে অসভ্যতা কিছুই আস্ত রাখবে না। এর চর্চা অনুশীলনে এরপর ২৬ পৃষ্ঠায়

একটা অসভ্যতা একশো অসভ্যতার জন্ম দেয়। ঢিলের বদলে পাটকেল খেতে হবেই। এ নিয়মে অসভ্যতা কিছুই আস্ত রাখবে না। এর চর্চা অনুশীলনে মানুষ মানুষের প্রতি হবে আরো নিষ্ঠুর, নির্মম। মানুষের এক চোখ কাঁদবে, অন্য চোখে থাকবে হাসি। কান্না হাসির করুণ দেশে কুকুরেরা নিরাপদবোধ করবে না, মানুষ দেখলেই তারা পা লুকিয়ে রাখবে। তা কী মানবজীবনের স্বার্থকতা হবে?

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights, NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# যখন সবচেয়ে ঐক্যবদ্ধ থাকার কথা, তখন আমরা বিভক্ত

সাঈদ ফেরদৌস

বাংলাদেশ একটা নির্বাচনের সামনে দাঁড়িয়ে আছে দোদুল্যমান মন নিয়ে। মানুষ নির্বাচনের অপেক্ষায় আছেন আবার একই সঙ্গে তাঁরা শঙ্কিত হয়ে ভাবছেন নির্বাচন হবে তো! অনেক দিন পরে এ দেশের মানুষ ভোটাধিকার প্রয়োগের সুযোগ পাচ্ছেন। যে উৎসাহ, যে উদ্দীপনা মানুষের মাঝে দানা বেঁধে উঠছিল, তার জায়গায় এখন বাসা বেঁধেছে শঙ্কা, বিষাদ এবং ক্রোধ।

জুলাই আন্দোলনের মধ্য দিয়ে উঠে আসা তরুণ নেতা ও সম্ভাব্য সংসদ সদস্য প্রার্থী ওসমান হাদি প্রকাশ্য দিবালোকে আততায়ীর গুলিতে বিদ্ধ হয়ে মৃত্যুর সঙ্গে লড়াই করছেন। সকল যদি, অথবা, কিন্তুর ঊর্ধ্বে উঠে হাদিকে হত্যাচেষ্টায় জড়িতদের গ্রেপ্তার এবং বিচার চায় মানুষ। তা করতে ব্যর্থ হলে সরকারকে অবশ্যই তার দায় নিতে হবে। কিন্তু সবকিছু ছাপিয়ে হাদির হত্যাচেষ্টা-পরবর্তী রাজনীতি আমাদের বড় নির্মমভাবে মনে করিয়ে দিল যখন আমাদের সবচেয়ে ঐক্যবদ্ধ থাকা প্রয়োজন, ঠিক তখনই সম্ভবত আমরা সবচেয়ে বেশি বিভক্ত।

বিভক্তি সব সমাজে, সব কালেই থাকে। কিন্তু কিছু প্রশ্নে দল-মতের ঊর্ধ্বে উঠে সমাজে বৃহত্তর ঐক্যের প্রয়োজন হয়। জাতি এবং রাষ্ট্র গঠনের নিমিত্তে এমন ঐক্যের কোনো বিকল্প নেই। মুক্তিযুদ্ধ এবং ১৯৭১-এর প্রশ্নটি বাংলাদেশে তেমন এক প্রসঙ্গ। কেননা এর মাধ্যমেই আমরা নিজেদের জন্য একটা ভূখণ্ড পেয়েছিলাম, স্বাধীন দেশ পেয়েছিলাম।

১৯৭১-এ কোন দল কিংবা কোন নেতার কী অবদান, তা নিয়ে বিতর্ক থাকতে পারে। কিন্তু এ বিষয়ে আমরা নিশ্চয়ই একমত হব যে প্রায় দুই যুগ ধরে পূর্ব পাকিস্তানের মানুষের ভোট, ভাত এবং জবানের অধিকার কেড়ে নিয়ে পাকিস্তান নামক রাষ্ট্রটি যে লৌহ শাসন জারি রেখেছিল, সেটাই ১৯৭১-এর পটভূমি তৈরি করেছিল।

শহীদের সংখ্যা নিয়ে বিতর্ক থাকলেও এ বিষয়েও আমাদের একমত হতে হবে যে ১৯৭১-এর যুদ্ধে ঘরে ঘরে আমাদের পরিবারগুলো সন্তানহারা হয়েছিল, পরিবারের নারীরা ধর্ষণের শিকার হয়েছিল-এই হত্যা এবং ধর্ষণে প্রত্যক্ষভাবে অংশ নিয়েছিল পাকিস্তানি সেনাবাহিনী এবং তাদের দোসর এই ভূমির সন্তানদের নিয়ে গঠিত আলশামস ও আলবদর বাহিনী। এই মাটি এবং মানুষের মুক্তির জন্য যে ত্যাগ স্বীকার করতে হয়েছে, সেটা বাংলাদেশ কখনো ভুলে যাবে না। তা সত্ত্বেও ১৯৭১ এবং মুক্তিযুদ্ধ প্রশ্নে আমরা সমকালের বাংলাদেশকে বিভক্ত হতে দেখছি।

ইতিহাস নিয়ে বিস্তর আলাপ, তর্ক-বিতর্ক হওয়া জরুরি। যা বাংলাদেশের রাজনৈতিক বাস্তবতায় এত দিন অসম্ভব ছিল। এখন সেই ট্যাবু ভাঙার দিন, ট্যাগিংয়ের রাজনীতিকে ছাড়িয়ে যাওয়ার দিন। কিন্তু তার অর্থ কি এই যে আমরা খোদ মুক্তিযুদ্ধটাকেই আগাগোড়া বাতিল করে দেব, তাকে ভারতের চক্রান্তমাত্র হিসেবে বিবেচনা করব?

এই বিভক্তি শক্তিশালী হয়ে ওঠার নেপথ্যে আমার মতে বেশ কিছু কারণ রয়েছে। প্রথমত আওয়ামী লীগ, বিশেষত গত দেড় দশকে মুক্তিযুদ্ধকে তার অপশাসনের বৈধতা প্রদানের কাজে যেভাবে ব্যবহার করেছে, তাতে করে মুক্তিযুদ্ধের মর্যাদা এবং গুরুত্ব ভয়াবহভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।



মানুষ ১৯৭১-কে দেখেছে লুটপাট, দুর্নীতি আর স্বজনপ্রীতিকে হালাল করার জন্য স্বৈরাচারের ব্যবহৃত অস্ত্র আর অজুহাত হিসেবে। এর ফলে যুদ্ধাপরাধের বিচারপ্রক্রিয়া প্রশ্নবিদ্ধ হয়েছে। এমন অভিযোগও উঠেছে যে তারা এই বিচারকে রাজনৈতিক প্রতিপক্ষকে ঘায়েলের জন্য ব্যবহার করেছে। ক্রমে ক্রমে মুক্তিযুদ্ধের 'চেতনা' কথাটা পরিহাসে পরিণত হয়েছে। আওয়ামী লীগের ওপরে বীতশ্রদ্ধ মানুষ অনেক ক্ষেত্রে মুক্তিযুদ্ধের ব্যাপারেও শ্রদ্ধা হারিয়ে ফেলেছেন। বিষয়টি দুঃখজনক কিন্তু বাস্তবতা এমনটাই।

মুক্তিযুদ্ধ প্রসঙ্গে বিভক্তি সৃষ্টির আরও একটি দীর্ঘতর এবং গভীরতর জ্ঞানতাত্ত্বিক কারণও রয়েছে। আওয়ামী লীগপন্থী এবং তাদের সহমর্মী বুদ্ধিজীবী, শিক্ষক, শিল্পীরা লাগাতার ১৯৭১-এর যে ইতিহাস এবং ইতিহাসের বয়ান তৈরি করে গেছেন তা ছিল গোষ্ঠীবাদী, জাতীয়তাবাদী এবং রাষ্ট্রবাদী। রাষ্ট্রবাদী এবং জাতীয়তাবাদী ইতিহাসের বড় সংকট হলো তা বড় দল কিংবা তার নেতৃত্বের বয়ানটাকেই কেবল জায়গা দেয়।

আমরা আশৈশব জেনে এসেছি যে আওয়ামী লীগের নেতৃত্বেই মুক্তিযুদ্ধ সংঘটিত হয়েছে। কিন্তু মুক্তিযুদ্ধে আরও অনেক দল এবং নেতৃত্বই তো শামিল হয়েছিলেন, তাঁদের কথা মূলধারার ইতিহাসে কোথায়? দল কিংবা গোষ্ঠী ছাপিয়ে মুক্তিযুদ্ধটা যে সার্বিকভাবে একটা জনযুদ্ধ ছিল, সেই সত্যকে উপেক্ষা করে জনগণের বিচিত্র অভিজ্ঞতা এবং স্বরকে ইতিহাস থেকে আড়াল করা হয়। ফলে মুক্তিযুদ্ধের ইতিহাস মোটাদাগে জনমানুষের সঙ্গে সম্পর্কহীন হয়ে পড়ে। এর থেকে বের হওয়াটা জরুরি। ইতিহাস নিয়ে বিস্তর আলাপ, তর্ক-বিতর্ক হওয়া জরুরি। যা বাংলাদেশের রাজনৈতিক বাস্তবতায় এত দিন অসম্ভব ছিল। এখন সেই ট্যাবু ভাঙার দিন, ট্যাগিংয়ের রাজনীতিকে ছাড়িয়ে যাওয়ার দিন। কিন্তু তার অর্থ কি এই যে আমরা খোদ মুক্তিযুদ্ধটাকেই আগাগোড়া বাতিল করে দেব, তাকে ভারতের চক্রান্তমাত্র হিসেবে বিবেচনা করব?

ভারত কীভাবে মুক্তিযুদ্ধ থেকে লাভবান হয়েছে, মুক্তিযুদ্ধের পটভূমি সৃষ্টিতে ভারতের কী ভূমিকা, তা নিয়ে বিদ্যমান ইতিহাসে আলাপ প্রায় হয়নি বললেই চলে। সেই গবেষণা, সেই অতীব জরুরি আলাপচারিতা শুরু হোক। 'বন্ধুরাষ্ট্র'-এর যে মিথ, তাকে বিচার-বিশ্লেষণ করা এরপর ১৫ পৃষ্ঠায়



কিন্তু স্বীকার করলেই কি সব মিটে যাবে? ২৪-এ যাঁদের অঙ্গহানি হয়েছে, যাঁরা শহীদ হয়েছেন, তাঁদের নিকটজনেরা কি আওয়ামী লীগকে কখনো ক্ষমা করে দিতে পারবে? একইভাবে মুক্তিযুদ্ধে যাঁরা শহীদ হয়েছেন রাজাকার কিংবা পাকিস্তানি বাহিনীর হাতে, তাঁদের স্বজন-বন্ধুরা কি জামায়াতকে ক্ষমা করতে পারবেন? আমরা চেয়েছিলাম যুদ্ধাপরাধের সুষ্ঠু বিচার হোক, আওয়ামী লীগ সেই পথ চিরতরে বন্ধ করে দিয়ে বাংলাদেশের রাজনীতিতে জামায়াত প্রশ্নটাকে জটিল করে তুলেছে। বিচারহীনতা জামায়াতকে একাধারে হত্যাযোগ্য এবং ভিকটিম করে তুলেছিল। কোনো মানুষকেই যেমন হত্যাযোগ্য করে তোলা যায় না, তেমনই কারও বর্তমানের ভিক্টিমহুড তাকে তার অতীত কর্মের দায় হতে মুক্তি দেয় না। পাশ কাটানো নয়, জামায়াত নেতৃত্বকেই ভাবতে হবে কী করে তাঁরা ১৯৭১-এর মুখোমুখি হবেন

# গ্রেফতারের ১২ ঘন্টা আগে যা লিখেছিলেন আনিস আলমগীর

দিনভর আমি কিছু খাইনি। দাফন শেষে ফিরে এসে বিরিয়ানি তুল্য খাবারই খেয়েছি। আর যারা প্রতিদিন আমাকে মৃত্যুর হুমকি দাও- শোনো, মৃত্যু আমার কাছে ভয়ের কিছু না। তালেবানদের হাতে বন্দি হয়ে মুক্তি পাওয়ার পর আমার মৃত্যু ভয় কেটে গেছে। সেই কারণেই আমি আফগানিস্তানের পর ইরাক যুদ্ধও কভার করতে পেরেছি। তোমরা যদি সত্যিকার অর্থে কোনো টোকাই ইউটিউবারের অনুসারী না হয়ে হাদীর অনুসারী হও, তাহলে রাজপথে মৃত্যু নিয়ে সে নিজে কী বলেছে- একবার পড়ে দেখো, শুনে দেখো। আবারও হাদীর সুস্থতা কামনা করছি। তার ওপর হত্যা প্রচেষ্টার ঘটনার সুষ্ঠু তদন্ত দাবি করছি। হত্যাকারী যেই হোক তাকে সাজা দেওয়া হোক। এই দায় সরকার কোনোভাবেই এড়াতে পারবে না

বিদেশে পলাতক দুই কুলাঙ্গার ইউটিউবার দীর্ঘদিন ধরেই বাংলাদেশকে অস্থিতিশীল করার ষড়যন্ত্রের লিপ্ত। আর তাদের এই কাজের সমালোচনা করেছি অন্তত আমি পাঁচটি প্রমিনেন্ট টেলিভিশন শোতে। তাই সেই কুলাঙ্গাররা আমার উপর প্রতিশোধ নিতে আমাকে ঘিরে পরিকল্পিত অপপ্রচারে লিপ্ত। টেলিভিশনকে হুমকি দিচ্ছে। সাম্প্রতিক সময়ে তারা প্রকাশ্যে গুপ্ত হত্যার হুমকির ভাষা ব্যবহার করছে- যা সরাসরি ফৌজদারি অপরাধ।

দুঃখজনকভাবে, ভাইরাল হওয়ার লোভে ও লাইক-কমেন্টের



আশায় কিছু বোধহীন মানুষ সেই অপপ্রচারের সুরে সুর মিলিয়ে ভিডিও ও স্ট্যাটাস দিচ্ছে। এদের মধ্যে নতুন দলের এক নেতা ও রয়েছেন যার আনিস আলমগীর, আব্দুন নূর তুষার, মাসুদ কামালকে নিয়ে কথা বলে ভাইরাল হওয়ার আকাঙ্ক্ষা জেগেছে।

আমার দৈনন্দিন ব্যক্তিগত কর্মকাণ্ডকে জোর করে হাদি গুলিবিদ্ধ হওয়ার ঘটনার সঙ্গে যুক্ত করার চেষ্টা করা হচ্ছে- যা সম্পূর্ণ মিথ্যা, ভিত্তিহীন ও উদ্দেশ্যপ্রণোদিত। বরং হাদি গুলিবিদ্ধ হওয়ার সঙ্গে সঙ্গে আমি তার বেঁচে থাকার প্রার্থনা করে পোস্ট দিয়েছি। আল্লাহ ওদের চোখ অন্ধ করে রেখেছে সে কারণে তা দেখেনি। ওরা আমাকে আওয়ামী লীগ বানানোর জোর প্রচেষ্টায় ব্যস্ত।

স্পষ্ট করে বলছি- হাদির সঙ্গে আমার কোনো শত্রুতা নেই। জীবনে তার সঙ্গে আমার কথা হয়নি, দেখা হয়নি, এমনকি আহত হওয়ার আগ পর্যন্ত তার নামও আমি কোথাও লিখিনি, বলিনি।

রাজনীতিতে অনভিজ্ঞতার কারণে হাদি তার শত্রুদের নির্বাচনী ক্যাম্পেইনে এনেছিল। শত্রুরা তার সঙ্গে বসবাস করছিল। আর তার গুনগ্রাহী নামের বলদগুলা এই ধরনের অপপ্রচারের মাধ্যমে- প্রকৃত অপরাধীদের আড়াল করছে এবং সমাজে ঘৃণিত দুই ইউটিউবারের ভিউ ব্যবসা বাড়াচ্ছে, যাদের কোনো নৈতিকতা নেই, দায়বদ্ধতাও নেই- দেশ এবং সমাজের প্রতি।

মিথ্যা দিয়ে সত্য ঢেকে রাখা যায় না। সময়ই এর জবাব দেবে। (১৪ ডিসেম্বর সকালে ওয়ালে লেখা। রাতে গ্রেফতার)

হাদীকে নিয়ে আনিস আলমগীর

আমার ভাইয়ের মৃত্যুর দিনে আমি কি বিরিয়ানি খাচ্ছি- এই প্রশ্নে ইনবক্স ভরে যাচ্ছে। কারণ, নিউইয়র্কে পলাতক এক ইউটিউবার গুজব ছড়িয়েছেন যে ইনকিলাব মঞ্চের হাদী গুলিবিদ্ধ হওয়ার খুশিতে আমি নেহারি খাচ্ছি।

স্পষ্ট করে বলি- হাদীকে আমি ব্যক্তিগতভাবে চিনি না, কোনোদিন দেখাও হয়নি। তার রাজনীতি নিয়েও আমার কোনো আগ্রহ বা মাথাব্যথা নেই। অনেকেই হয়তো অবাক হবেন, তাকে আমি প্রথম চিনেছি যেদিন আওয়ামী লীগ নিষিদ্ধ হলো।

১২ ডিসেম্বর তার গুলিবিদ্ধ হওয়ার সংবাদে আমি মর্মাহত হয়েছি। তার ছবি দিয়ে আমি আমাদের সমাজ থেকে প্রতিহিংসার অসুস্থ রাজনীতির অবসান চেয়েছি এবং সে যেন সুস্থ হয়ে আমাদের মাঝে ফিরে আসে- এই কামনাই করেছি।

কিন্তু অসুস্থ সমাজে জ্ঞান দিতে গেলে এমনই হয়। আমাকে যারা নিয়মিত ফলো করেন, তারা সবাই জানেন- প্রতি রাতেই আমি খাওয়ার ভিডিও আপলোড করি। এবারও ব্যতিক্রম ছিল না। ছুটির দিন ছিল, যথারীতি খাওয়ার ভিডিও দিয়েছি, সঙ্গে ছিল মুক্তিযুদ্ধের গান।

এমন পরিস্থিতি আমি আগেও দেখেছি- যেদিন গণঅধিকারের নুর গুলিবিদ্ধ হয়েছিল।

হাদীর অনুসারীদের উচিত পলাতক ইউটিউবারের সুরে সুর না মিলিয়ে সরকারকে বলা- এমন আইন করতে, কোনো নেতা গুলিবিদ্ধ হলে সেদিন কেউ খেতে পারবে না, খেলেও সেটা অন্যদিনের মতো সোশ্যাল মিডিয়ায় দেখাতে পারবে না।

এবার ওদের প্রশ্নের জবাব দেই।

আমার বাবা, মা, বড় দুই ভাইয়ের মৃত্যুদিনেও আমরা ভুরিভোজ করেছি, গরু কেটেছি। কারণ এটাই আমাদের চট্টগ্রামের ট্র্যাডিশন। আত্মীয়স্বজন আসেন শোক জানাতে- তাদের আপ্যায়ন করা হয়।

আমাদের ডাক্তার ভাইয়ের মৃত্যুতে আজ সেটা সম্ভব হয়নি, কারণ তাকে বীর মুক্তিযোদ্ধা হিসাবে রাষ্ট্রীয় সম্মানে ঢাকায় বনানীর সামরিক গোরস্থানে দাফন করা হয়েছে। দিনভর আমি কিছু খাইনি। দাফন শেষে ফিরে এসে বিরিয়ানি তুল্য খাবারই খেয়েছি।

আর যারা প্রতিদিন আমাকে মৃত্যুর হুমকি দাও- শোনো, মৃত্যু আমার কাছে ভয়ের কিছু না। তালেবানদের হাতে বন্দি হয়ে মুক্তি পাওয়ার পর আমার মৃত্যু ভয় কেটে গেছে। সেই কারণেই আমি আফগানিস্তানের পর ইরাক যুদ্ধও কভার করতে পেরেছি।

তোমরা যদি সত্যিকার অর্থে কোনো টোকাই ইউটিউবারের অনুসারী না হয়ে হাদীর অনুসারী হও, তাহলে রাজপথে মৃত্যু নিয়ে সে নিজে কী বলেছে- একবার পড়ে দেখো, শুনে দেখো।

আবারও হাদীর সুস্থতা কামনা করছি। তার ওপর হত্যা প্রচেষ্টার ঘটনার সুষ্ঠু তদন্ত দাবি করছি। হত্যাকারী যেই হোক তাকে সাজা দেওয়া হোক। এই দায় সরকার কোনোভাবেই এড়াতে পারবে না।

(১৩ ডিসেম্বরে আনিসের ফেসবুকে লেখা)

# আলবদর ও রাজাকাররা ফিরে এসেছে অধিক শক্তিমত্তায়

> গণতন্ত্রের স্বার্থেই এই ব্যবস্থা চলা উচিত নয়। এটা চলবেও না। এই জন্য যে সংখ্যাগুরু সচেতন ও বিক্ষুব্ধ হয়ে পড়েছেন। তাঁরা মুক্তি চান। পরিবর্তন একটা ঘটবেই। প্রশ্ন হলো, কবে এবং কীভাবে। স্বাধীনতা ওই বড় পরিবর্তনের জন্যই প্রয়োজন ছিল। রাষ্ট্রীয় স্বাধীনতা নিজেই দুর্বল হয়ে পড়বে যদি জাতীয় মুক্তি না আসে।
> মুক্তির প্রশ্নটি এখন আর আঞ্চলিক নয়। দ্বন্দ্ব এখন পশ্চিম পাকিস্তানের সঙ্গে পূর্ববঙ্গের নয়, প্রশ্নটি এখন শ্রেণিগত, দ্বন্দ্ব এখন বাঙালি ধনীর সঙ্গে বাঙালি গরিবের। বিষয়টা এমন পরিচ্ছন্নভাবে প্রকাশ পেত না বাংলাদেশ যদি স্বাধীন না হতো। স্বাধীনতা আমাদের খুবই জরুরি ছিল, সমষ্টিগত অগ্রগতির পথে প্রথম সুনির্দিষ্ট পদক্ষেপ হিসেবে

## সিরাজুল ইসলাম চৌধুরী



একাত্তরের ১৬ ডিসেম্বরের বিজয়ের পরে প্রত্যাশিত ছিল যে সমাজবিপ্লবের লক্ষ্যে দেশপ্রেমিকেরা ঐক্যবদ্ধ হবেন। তাঁরা তা হননি। বরং বিভাজন আরও বৃদ্ধি পেয়েছে। একাংশ ক্ষমতাসীনদের মধ্যে জাতীয় বুর্জোয়াদের খুঁজতে চেষ্টা করেছে এবং আশা করেছে তথাকথিত এই বুর্জোয়াদের সাহায্যে বিপ্লব সংঘটিত করবে। কিন্তু পুঁজিবাদের সর্বাত্মক বিস্তারের পরিপ্রেক্ষিতে জাতীয় বুর্জোয়া পাওয়া যায়নি, লুণ্ঠনকারী বুর্জোয়ারাই কর্তৃত্ব করেছেন। এরা উৎপাদনের সঙ্গে যুক্ত নন, তাই বিশ্ব পুঁজিবাদের আগ্রাসনের মুখে নিজেদের অর্থনৈতিক স্বার্থে জাতীয় স্বার্থকে বিক্রি করতেও তাঁরা প্রস্তুত থেকেছেন। লুণ্ঠনকারীরা সেটাই করেন; মুফতে-পাওয়া সম্পত্তির প্রতি তাঁদের কোনো মায়া, মমতা থাকে না। বাম উগ্রপন্থীদের কেউ কেউ আবার বলতে চেয়েছেন যে স্বাধীনতা আসেনি, রুশ-ভারত অক্ষশক্তি পূর্ব পাকিস্তান দখল করে নিয়েছে মাত্র। এসব বিচ্ছেদ ও বিভ্রান্তির কারণে জনগণের পক্ষে দাঁড়াবে-এমন বিকল্প রাজনৈতিক শক্তি বিকশিত হতে পারেনি।

একাত্তরের পরে যাঁরা রাষ্ট্রক্ষমতা হাতে পেয়েছিলেন, তাঁদের নিজেদের মধ্যেও দ্বন্দ্ব ছিল। তাঁদের দলীয় তরুণদের একাংশ দেখছিল তারা ক্ষমতার কাছাকাছি থাকতে পারছে না, অপরাংশের তুলনায় তারা সুবিচার পাচ্ছে না। হতাশ ও ক্ষুব্ধ হয়ে তারা বের হয়ে এসে নতুন সংগঠন গড়েছে, নাম দিয়েছে জাতীয় সমাজতান্ত্রিক দল। তাদেরও যেহেতু শক্তি সঞ্চয় করা প্রয়োজন ছিল এবং এই শক্তি রাষ্ট্রক্ষমতার কাছ থেকে পাবে বলে আশা করা যাচ্ছিল না, তাই তারা জনগণের কাছে গেল। জানত তারা যে জনগণ পুরোনো আওয়াজে আর সাড়া দেবে না। তাই নতুন রণধ্বনি তুলল সমাজতন্ত্রের এবং হাজার হাজার তরুণ, যারা সমাজ পরিবর্তনের স্বপ্ন দেখছিল, যারা যুদ্ধে অংশ নিয়েছে, কিন্তু মুক্তির পথ দেখতে পায়নি, তারা তৎক্ষণাৎ সাড়া দিয়েছে, যোগ দিয়েছে ওই দলে। ওই দলের ক্ষুদ্র ভগ্নাংশ এখনো সমাজতান্ত্রিক লক্ষ্যকে সামনে রেখে এগোতে চাইছে, কিন্তু মূল দলসহ বাদবাকিরা ভিন্ন ভিন্ন রূপে ও মাত্রায় বিলীন হয়ে গেছে।

আলবদর, রাজাকাররা ফিরে এসেছে, অধিক শক্তিমত্তায়। মৌলবাদ শক্তিশালী হয়েছে। এর মূল কারণ ওই একটাই, চব্বিশের রেজিম পরিবর্তনে সমাজে বৈপ্লবিক পরিবর্তন আসেনি। সমাজ একটা ধাক্কা খেয়েছে, সে নড়ে উঠেছে, কিন্তু এমনভাবে আধুনিক হয়নি যে রাজাকার ও মৌলবাদ অতীতের প্রাণী বলে চিহ্নিত হবে, পরিণত হবে এক দুঃস্বপ্নের স্মৃতিতে। ক্ষমতায় যারা যাতায়াত করে, রাজাকার ও মৌলবাদ তাদের কাছে যথার্থ অর্থে দূরের নয়। কারও জন্য খুব কাছের, কারও জন্য ততটা কাছের নয়; ব্যবধান এইটুকুই, সেটা মাত্রাগত, গুণগত নয়। সমাজে বৈপ্লবিক রূপান্তরের চেষ্টা যদি চলত তাহলে এরা প্রশ্রয় পেত না। শাসকশ্রেণি ধর্মকে ব্যবহার করে চলেছে দুই কারণে। এক. জনগণের ধর্মীয় অনুভূতিকে কাজে লাগিয়ে তাদের নিজেদের ক্ষমতাকে স্থায়িত্বের অভিপ্রায়ে। দুই. নিজেরাই যেসব অন্যায় করছে, তার দরুন তৈরি অপরাধবোধ থেকে অব্যাহতি পাওয়ার ভরসায়।



বাংলাদেশের জন্য গ্রামই ছিল ভরসা। আন্দোলনে গ্রাম না এলে জয় আসেনি। বিপদের সময় গ্রাম যদি আশ্রয় না দিত তবে বিপদ ভয়াবহ হতো। গ্রামেই রয়েছে উৎপাদক শক্তি। গ্রামবাসীর শ্রমে তৈরি উদ্বৃত্ত মূল্য লুণ্ঠন করেই ধনীরা ধনী হয়েছেন। এখনো গ্রাম কাজে লাগছে বিদেশ থেকে সাহায্য, ঋণ, দান ইত্যাদি এনে তার সিংহভাগ আত্মসাৎ করার অজুহাত ও অবলম্বন হিসেবে।

একাত্তরে আমরা গ্রামে গেছি। বাড়িঘর, মজা পুকুর, হারিয়ে যাওয়া খেত, মৃতপ্রায় গাছপালা-এসবের খোঁজখবর করেছি। শহর তখন চলে গেছে শত্রুর কবলে, যাকগে, আমরা গ্রামেই থাকব-এই সিদ্ধান্ত ছিল স্বতঃস্ফূর্ত। শহরের পতন ঘটেছে সর্বাগ্রে, গ্রামের ঘটেনি; যদি ঘটত তাহলে আমাদের পক্ষে অত দ্রুত বিজয় সম্ভব হতো না।

কিন্তু যুদ্ধ শেষ হওয়া মাত্র গ্রামে যারা গিয়েছিল তারা যত দ্রুতগতিতে গেছে তার চেয়ে দ্রুতগতিতে ফেরত চলে এসেছে। পাকিস্তানিদের ফেলে যাওয়া বাড়িঘর, কারখানা, অফিস, পদ, গাড়ি-যে যেটা পেয়েছে লুণ্ঠন করেছে। পাকিস্তানিরা অব্যাহতভাবে লুণ্ঠন করেছিল ২৪ বছর, বিশেষ করে ৯ মাসে তাদের তৎপরতা সীমাহীন হয়ে পড়েছিল, তারা ভেঙে দিয়ে গিয়েছিল সবকিছু। স্বাধীনতার পরে সুবিধাভোগীরা শোধ নিয়েছে। লুটপাট করেছে স্বাধীনভাবে। এখনো করছে।

গ্রাম রইল সেখানেই, যেখানে ছিল। বস্তুত খারাপই হলো তার অবস্থা। পাকিস্তানিরা হত্যা, ধর্ষণ, লুণ্ঠন সব করেছে। ঘর পুড়িয়েছে, ফসল জ্বালিয়েছে। স্বাধীনতার পরে গ্রামবাসী পুরোনো জীবন ফিরে পায়নি। অবকাঠামো গিয়েছিল ভেঙে। বন্যা এল। এল দুর্ভিক্ষ। বিপুলসংখ্যক মানুষ একেবারে নিঃস্ব হয়ে পড়ল।

গ্রাম এখন ধেয়ে আসছে শহরের দিকে। আশ্রয়দাতা হিসেবে নয়, আসছে আশ্রয়প্রার্থী হিসেবে। তার হাত দুটি মুক্তিযোদ্ধার নয়, হাত তার ভিখারির। ফলে শহর এখন বিপন্ন মনে করছে নিজেকে। ভাবছে আবার তার পতন ঘটবে-এবার পাকিস্তানিদের হাতে নয়, গরিব বাংলাদেশিদের হাতে। মনে হচ্ছে আবারও একটা মুক্তিযুদ্ধের প্রয়োজন হবে।

আমাদের মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত স্বাধীন দেশের সংবিধান থেকে ধর্মনিরপেক্ষতা ও সমাজতন্ত্র সরিয়ে দেওয়া হয়েছে। ওই দুটি দাবি এসেছিল মুক্তির জাগ্রত আকাঙ্ক্ষা থেকেই। পাকিস্তান আমলে তৈরি সাম্প্রদায়িক এরপর ২৪ পৃষ্ঠায়



# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটিমেন্ট, বুককিপিং , অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

# LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW

## Cell: 917-282-9256

**(To schedule appointment only)**




এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস
**বিনামূল্যে পরামর্শ**
প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- **IMMIGRATION** (Consultation fee applies)





## ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি


Attorney
Michigan Only.


Attorney
Michigan Only.


Attorney
New Jersey Only


Attorney, Buffalo
New York Only


Attorney
Connecticut Only


Attorney
Pennsylvania Only

## WWW.MOINLAW.COM

Prior Result Does Not Guarantee future outcome of any cases
Moin Choudhury is admitted in the United States Supreme Court and Michigan State Supreme Court only.
Michael Taub is admitted in New York State Only.

# জাতীয় ইতিহাস নিয়ে ফ্রিস্টাইল বয়ান!

> সর্বশেষে, ইতিহাসবিদদের নিজেদেরও বুদ্ধিবৃত্তিক দায় পালন করতে হবে-নীরব দর্শক বা দলীয় আনুগত্যশীল নতজানু বুদ্ধিজীবী না থেকে দলীয় বা গোষ্ঠীগত ইতিহাসের প্রবণতার বিরুদ্ধে পদ্ধতিগত, যুক্তিনির্ভর ও নৈতিক অবস্থান গ্রহণ করতে হবে।
> বাংলাদেশ সৃষ্টির ৫৪ বছর পরেও "আর কতদিন ফ্রিস্টাইল ইতিহাস?"-এই প্রশ্নটি মোটেও কাম্য নয়। আবার, এই প্রশ্নের উত্থাপন নিছক আবেগী প্রতিবাদ মাত্র নয়। এই প্রশ্নের সঙ্গে জড়িত জাতীয় ইতিহাস রচনার একটি গভীর তাত্ত্বিক ও নৈতিক সংকট। এই সংকট কাটিয়ে উঠতে পারলেই বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার ইতিহাস সত্যিকার অর্থে সর্বজনীন জাতীয় ইতিহাসে রূপ নিতে পারবে এবং দেশে বা বিদেশে ইচ্ছামতো, ফ্রিস্টাইলে ঐতিহাসিক বয়ান নির্মাণ ও প্রচারের যাবতীয় অপধারার কবর রচিত হবে

ড. মাহফুজ পারভেজ



১৯৭১ থেকে ২০২৫। ৫৪ বছরের ব্যবধান। সময়ের পরিমাপে খুব কম নয়। তারপরেও ফ্রিস্টাইল ইতিহাস রচনা শেষ হয় নাই। জাতীয় ইতিহাসের বদলে ব্যক্তি, দলের নামে রচিত হচ্ছে ইতিহাসের বয়ান। বাংলাদেশের রাজনৈতিক অর্জনের সর্বজনীন জাতীয় ইতিহাস এখন সময়ের দাবি। যাতে সবাই থাকবেন সম্মিলিত ভাবে। একক ভাবে কারো একাধিপত্য আচ্ছন্ন করতে পারবে না বাংলাদেশের জাতীয় ইতিহাস, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার ইতিবৃত্ত।

এবারের বিজয় দিবসে ভারতের প্রধানমন্ত্রী মোদির পোস্টে ১৬ই ডিসেম্বর 'ভারতের বিজয়' দাবি করা হয়েছে। উপেক্ষিত হয়েছে বাংলাদেশ। বাংলাদেশ নামটি পর্যন্ত উল্লেখিত হয়নি। অতীতের বাংলাদেশের বিভিন্ন দল মুক্তিযুদ্ধ ও বিজয়কে একক সম্পত্তিতে পরিণত করেছিল। যখন যে দল ক্ষমতায় গিয়েছে, ইতিহাস লিখেছে তাদের মনের মাধুরী মিশিয়ে। এই ধারা এখনো চলছে। বিভিন্ন দল মুক্তিযুদ্ধ ও বিজয়কে নিজের দলীয় দৃষ্টিকোণ থেকে দেখছে। একটি সামগ্রিক জাতীয় ইতিহাসে এসে সবাই মিলিত হতে পারছে না। কেন পারছে না, সে বিষয়ে দলগুলোর ঝগড়া ও মতপার্থক্যের পরিসর বেশ বড়। দলগুলো সময় সময় এ নিয়ে ভিন্ন ভিন্ন মত দেয়। বিতর্ক উস্কে জলঘোলা করে। ঐতিহাসিক তথ্য ও বৈজ্ঞানিক বিশ্লেষণের বদলে আবেগ ও বলপ্রয়োগ এসব দলীয় ইতিহাসের শক্তি এবং রাজনৈতিক হাতিয়ার। এতে জাতীয় ঐক্য ও সমন্বয়ের স্থান দখল করে অনৈক্য, বিরোধ ও দূরত্ব।

বাস্তবে জাতীয় ইতিহাস রচনার বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং বিষয়টি মূলত ইতিহাসতত্ত্ব, স্মৃতির রাজনীতি (politics of memory) এবং রাষ্ট্র-জাতি নির্মাণের তাত্ত্বিক প্রশ্নের সঙ্গে গভীরভাবে সংযুক্ত। ৫৪ বছরেও আমরা এই প্রয়োজনীয় কাজটি করতে পারিনি। কেন? প্রথমত, জাতীয় ইতিহাস রচনার প্রধান সমস্যা হলো ইতিহাসকে বৈজ্ঞানিক অনুসন্ধানের ক্ষেত্র না ভেবে ক্ষমতা ও বৈধতা অর্জনের হাতিয়ার হিসেবে ব্যবহার করা। এতে যে "ফ্রিস্টাইল ইতিহাস" চর্চিত হয়, তা আসলে পেশাদার ইতিহাসচর্চার অনুপস্থিতি ও দলীয়-ব্যক্তিকেন্দ্রিক বয়ানের আধিপত্যকে জাহির করে। এহেন দলীয় স্বার্থান্বেষী প্রচেষ্টায় ইতিহাস একটি রাজনৈতিক এজেন্ডার নামান্তর--আর্কাইভ, দলিল, সাক্ষ্য ও পদ্ধতিগত বিশ্লেষণের ফল নয়। এটি হলো, ক্ষমতাসীন গোষ্ঠীর স্মৃতি, আবেগ ও রাজনৈতিক প্রয়োজন অনুযায়ী নির্মিত একটি কৌশলগত বয়ান। এর ফলে জাতীয় ইতিহাসের জায়গায় জন্ম নেয় "দলীয় ইতিহাস", যেখানে মুক্তিযুদ্ধ, বিজয় ও রাষ্ট্রগঠনের কৃতিত্ব একক ব্যক্তি বা দলের সম্পত্তিতে পরিণত হয়। ইতিহাসতত্ত্বের ভাষায় একে বলা যায় চুথংবহহংস-বর্তমান রাজনৈতিক স্বার্থ দিয়ে অতীতকে পুনর্লিখন করা। এ যাবতকালের বাংলাদেশে এটাই সগৌরবে চলেছে।

দ্বিতীয়ত, জাতীয় ইতিহাস প্রণয়নের সমস্যার সঙ্গে জড়িত রয়েছে রাষ্ট্রীয় স্মৃতির ভাঙন ও বহুমাত্রিক অভিজ্ঞতার অভিঘাত। একটি জাতির ইতিহাস স্বভাবতই বহুস্বরিক (চড়ষুঢ়যড়হরপ); সেখানে বিভিন্ন শ্রেণি, অঞ্চল, পেশা, নারী-পুরুষ, সংখ্যালঘু ও প্রান্তিক মানুষের অভিজ্ঞতা থাকে। কিন্তু দলীয় ইতিহাসচর্চা ফ্যাসিবাদী কায়দায় এই বহুস্বরিকতাকে সংকুচিত করে একক বয়ানে রূপ দেয়। ফলে "সর্বজনীন জাতীয় ইতিহাস" নির্মিত না হয়ে ইতিহাস বিভাজনের উপাদানে পরিণত হয়। এ বছর ভারতের প্রধানমন্ত্রীর ১৬ ডিসেম্বরকে 'ভারতের বিজয়' হিসেবে উপস্থাপন এবং বাংলাদেশকে উপেক্ষার বিষয়টি এই অভ্যন্তরীণ দুর্বলতার আন্তর্জাতিক প্রতিফলন হিসেবেও ব্যাখ্যা করা যায়। যখন একটি রাষ্ট্র নিজেই তার ইতিহাসকে ঐক্যবদ্ধভাবে সংজ্ঞায়িত করতে ব্যর্থ হয়, তখন বহিরাগত বয়ান সহজেই সেই শূন্যস্থান দখল করে নেয়। ভারতীয়রা সেই সুযোগই নিয়ে থাকে এবং বাংলাদেশের ইতিহাসের অর্জনকে নিজের জাতীয় স্বার্থের আলোকে ব্যবহার করে।



তৃতীয়ত, জাতীয় ইতিহাস রচনার তাত্ত্বিক সংকট নিহিত আছে ইতিহাস ও জাতিসত্তার সম্পর্ক বোঝার সীমাবদ্ধতায়। বেনেডিক্ট অ্যান্ডারসনের ভাষায় জাতি একটি "কল্পিত সম্প্রদায়" (imagined community), যার ভিত্তি নির্মিত হয় ভাগ করা স্মৃতি ও অভিন্ন বয়ানের মাধ্যমে। কিন্তু যদি সেই বয়ান বারবার ক্ষমতার পরিবর্তনের সঙ্গে পাল্টে যায় বা বদলে দেওয়া হয়, তবে জাতিসত্তার অভিন্ন ঐক্য দুর্বল হয়। বাংলাদেশের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা এমন একটি কেন্দ্রীয় স্মৃতি, যা দলীয় ব্যাখ্যার ঊর্ধ্বে উঠে জাতিগত সম্মিলনের ভিত্তি হতে পারত; কিন্তু তা না হয়ে বরং দলীয় আধিপত্য বিস্তারের প্রতিযোগিতামূলক স্মৃতির ক্ষেত্র হয়ে উঠেছে।

মনে রাখা যেতে পারে যে, বেনেডিক্ট অ্যান্ডারসনের সবচেয়ে প্রভাবশালী অবদান হলো জাতিকে তিনি যে ধারণায় ব্যাখ্যা করেছেন-`Imagined Community' (কল্পিত সম্প্রদায়) এবং তাঁর মতে, জাতি কোনো স্বাভাবিক বা জৈবিক সত্তা নয়। এটি একটি সামাজিক-ঐতিহাসিক নির্মাণ, যা গড়ে ওঠে সম্মিলিত স্মৃতি, বয়ান, প্রতীক ও ইতিহাসচর্চার মাধ্যমে। একটি জাতির সদস্যরা পরস্পরকে ব্যক্তিগতভাবে না চিনলেও তারা নিজেদের একই রাজনৈতিক-ঐতিহাসিক সম্প্রদায়ের অংশ বলে কল্পনা করে-আর এই কল্পনার প্রধান ভিত্তি হলো এরপর ৩৮ পৃষ্ঠায়

# গণতান্ত্রিক উত্তরণের বাইরে আমাদের মুক্তির কোনো রাস্তা নেই

তাসনিম জারা



শর্টকাট দিয়ে টেকসই গণতন্ত্র পাওয়া যায় না। আমাদের দীর্ঘ দিন ধৈর্য্যের সাথে লেগে থাকতে হবে। গণতন্ত্র নিশ্চিত করতে লাগে কার্যকর প্রতিষ্ঠান, যেমন পার্লামেন্ট, স্বাধীন মিডিয়া, নির্বাচন কমিশন এবং জুডিশিয়ারি। রাজনীতিবিদরা এই প্রতিষ্ঠানগুলোকে যথাযথ সম্মান না দিলে প্রতিষ্ঠানগুলো গড়ে ওঠা সম্ভব না। তবে সম্মান দেয়া মানে তাদের যাচ্ছেতাই আচরণ ও বক্তব্য চুপচাপ মেনে নেয়া নয়। বরং তাদেরকে জবাবদিহিতার মধ্যে এনে ধীরে ধীরে গড়ে তুলতে হবে। কয়েকটা উদাহরণ দেই।

এক.

কেউ অপরাধ করলে তাকে ডিউ প্রসেস এর মাধ্যমে মোকাবেলা করতে হবে। আদালত হরে-দরে জামিন দিলে বা রাজনৈতিক প্রভাবে কাজ করলে তা প্রমাণসহ আওয়াজ তুলতে হবে। দেখাতে হবে তুলনামূলকভাবে যে, কোন জাজ কি অস্বাভাবিকভাবে নির্দিষ্ট কোনো দলের লোকদের বেশি জামিন দিচ্ছেন? যদি এমন প্যাটার্ন পাওয়া যায় তখন দেখতে হবে যে তিনি জামিন দেয়ার কারণ সঠিকভাবে লিপিবদ্ধ করছেন কি না। দেখতে হবে সরকার পরিবর্তনের সাথে সাথে কোনো নির্দিষ্ট আইনজীবীর মক্কেলদের জামিন পাওয়ার হার কি জ্যামিতিক হারে বেড়ে গেছে? এসব কাজ করা কঠিন, এসব করতে ডিসিপ্লিন লাগে। তবে প্রতিষ্ঠান গড়তে নিয়মতান্ত্রিক জবাবদিহিতা নিশ্চিত করার বিকল্প নেই।

দুই.

প্রতিষ্ঠান হিসাবে নির্বাচন কমিশনকে সম্মান করতে হবে। রাজনীতিবিদরা যদি নির্বাচন কমিশনকে সম্মান না করেন, স্বাধীনভাবে কাজ করতে না দেন, তাহলে নির্বাচন কমিশন কখনোই স্বাধীন হবে না। তবে সম্মান করা মানে তাদেরকে প্রশ্নের ঊর্ধ্বে রাখা নয়। তারা যখন আইনশৃঙ্খলা পরিস্থিতির চরম অবনতিকে অস্বীকার করে, প্রার্থীকে গুলি করে হত্যার চেষ্টাকে স্বাভাবিক বা বিচ্ছিন্ন ঘটনা বলে, তখন এই আচরণের বিরুদ্ধে আমাদের আওয়াজ তুলতে হবে। এমন নির্লিপ্ত দৃষ্টিভঙ্গি নিয়ে ভালো নির্বাচন আয়োজন করা সম্ভব নয়। নির্বাচনকালীন সময়ে জনসাধারণের নিরাপত্তা নিশ্চিত দেয়াও অসম্ভব।

তিন.

গণতন্ত্র সমুন্নত রাখতে আমাদের স্বাধীন মিডিয়া লাগবে। মিডিয়ার স্বাধীনতায় হস্তক্ষেপ করা যাবে না, মিডিয়া হাউজ বন্ধ করা যাবে না। তবে মিডিয়া যদি ভুল তথ্য ছড়ায় কিংবা ফ্যাসিস্ট ন্যারেটিভ প্রতিষ্ঠা করার চেষ্টা করে, সেটা মোকাবেলা করতে হবে তথ্য ও সত্য দিয়ে। তাদের মিথ্যাচার বা প্রোপাগান্ডাকে ফ্যাক্ট-চেকিংয়ের মাধ্যমে জনসমক্ষে উন্মোচন করতে হবে। তাদের রিপোর্টে বা শব্দচয়নে বায়াস থাকলে সেটা বস্তুনিষ্ঠ গবেষণার মাধ্যমে তুলে ধরতে হবে। সেন্সর না করে বরং তাদের ভুল তথ্যের বিপরীতে সঠিক ন্যারেটিভ দাঁড় করানোই গণতান্ত্রিক সমাধান। এই প্রতিষ্ঠানগুলো রাতারাতি ঠিক হবে না। কিন্তু আমরা যদি আবেগের বশবর্তী না হয়ে, প্রমাণের ভিত্তিতে প্রতিনিয়ত এদের ভুলগুলো ধরিয়ে দিই এবং সঠিক পথটা বাতলে দিই, তবেই একটি কার্যকর গণতান্ত্রিক দেশ পাওয়ার সম্ভাবনা বাড়বে।

লেখক: পেশায় চিকিৎসক ও রাজনীতিক। সিনিয়র যুগ্ম সদস্য সচিব-এনসিপি।

Four were shot down during the local approval stage with Community Advisory Committees, one removed itself from the running before it was able to be reviewed by the Gaming Facility Locations Board.

Bally's Bronx will feature nearly 4,000 slot machines and live table games combined, a 507-room hotel, an event center and a Jack Nicklaus-designed golf course and clubhouse.

Metropolitan Park, spearheaded by Hard Rock and New York Mets owner Steve Cohen, promises to convert Citi Field's surrounding parking lots into community green space, as well as thousands of slot machines and hundreds of table games at the Hard Rock. A 5,600-seat entertainment venue, two hotel towers with 1,000 rooms and more than 15 local restaurants will occupy the space as well. Resorts World will add live table games and over 4,600 slot machines to its existing casino, as well as a new hotel and a 7,000-seat event center. All three projects are expected to be built with the help of thousands of union workers from around New York City.



## Mayor Adams may skip Mamdani's inauguration over 'nasty' supporters

Ajkal Desk

Outgoing New York City Mayor Eric Adams is uncertain about attending the inauguration of Mayor-elect Zohran Mamdani on January 1, 2026. Adams expressed concerns over potentially disruptive behavior from Mamdani's supporters, whom he described as "nasty" and "disrespectful." He told NY1 that he wants to communicate with Mamdani to avoid any disruptions during the ceremony, which is set to take place at City Hall.

Adams, who dropped out of the mayoral race earlier this year, has been critical of Mamdani both before and after his election. While skipping the inauguration would break tradition, Adams insists he does not want to become a spectacle at the event. The transition planning for Mamdani's administration is underway, with expectations high for his ambitious agenda.

## Brad Lander announces run for Congress in New York's 10th District

Ajkal Desk



New York City Comptroller Brad Lander says he is running for Congress in New York's 10th District. Lander released a campaign video Wednesday morning, talking about his years of service in New York. He said he's ready to take on the Trump administration during what he calls "a moment of dark oppression."

Lander was elected as comptroller in 2021 after spending 12 years in the City Council, where he co-founded the Progressive Caucus. He and his family live in Brooklyn.

Speaking to a packed crowd at the Nitehawk Cinema Theater in Park Slope on Continued on page 26



# খাবার সংরক্ষণে অ্যালুমিনিয়াম ফয়েলের ব্যবহার কেন এত বিপজ্জনক

আলিয়া রিফাত



আপনি কি খাবার সংরক্ষণের জন্য নিয়মিত অ্যালুমিনিয়াম ফয়েল ব্যবহার করেন? তাহলে চলুন জেনে নেওয়া যাক কীভাবে এই ফয়েল খাদ্যে বিষক্রিয়াসহ নানা সমস্যা ডেকে আনতে পারে। মনে রাখবেন, চকচকে মানেই স্বাস্থ্যকর নয়।

**অ্যালুমিনিয়াম ফয়েল কী**

দোকানপাট থেকে শুরু করে ফুডকোর্ট-বিভিন্ন জায়গায় অ্যালুমিনিয়াম ফয়েল দেখা যায়। কিন্তু এটি আদতে কী? নাম দেখেই যেমনটা বোঝা যায়, অ্যালুমিনিয়াম ফয়েলের মূল উপাদান হলো অ্যালুমিনিয়াম (৯৮.৫%)। সঙ্গে মেশানো থাকে লোহা ও সিলিকন।

**এতে ব্যাকটেরিয়া দ্রুত জন্মায়**

অ্যালুমিনিয়াম ফয়েল নিজে ব্যাকটেরিয়ার বৃদ্ধি ত্বরান্বিত করে না। তবে ফয়েলগুলো দিয়ে যেভাবে থালাবাসন ঢেকে রাখা হয়, তাতে ব্যাকটেরিয়া বাড়তে পারে।

প্লেটের ওপর সাবধানে ফয়েল জড়িয়ে রাখলেও পুরোপুরি বায়ুরোধী হয় না। অর্থাৎ বাতাস ভেতরে ঠিকই প্রবেশ করে। আর খাবারের পাত্র বায়ুরোধী করে না মোড়ালে কিছু ব্যাকটেরিয়ার বৃদ্ধি আরও সহজ এবং দ্রুততর হয়। স্টাফ (লাল মাংস ও হাঁস-মুরগিতেও পাওয়া যায়) এবং ব্যাসিলাস সেরিয়াস (উচ্ছিষ্ট ভাত এবং অন্যান্য স্টার্চযুক্ত খাবারে থাকে) হলো দুই ধরনের ব্যাকটেরিয়া, যেসবের বৃদ্ধি এবং বংশবিস্তারের জন্য বাতাসের প্রয়োজন হয়। এই দুটি জীবাণুই উচ্চ তাপমাত্রায় খাবার আবার গরম করলেও মরে যায় না, তাই এসব বিশেষভাবে বিপজ্জনক।

**ফয়েল পচনকে ত্বরান্বিত করে :** আমরা সদ্য রান্না

এরপর ২৬ পৃষ্ঠায়



# হঠাৎ মুখ বেঁকে যাওয়ার সমস্যা বেলস পালসি কেন হয়, লক্ষণ ও চিকিৎসা

ডা. সাকিব আল নাহিয়ান

হঠাৎ এক সকালে ঘুম থেকে উঠে দেখলেন, মুখের এক পাশ নড়ছে না, চোখ পুরোপুরি বন্ধ হয় না, হাসলে মুখ বেঁকে যায়, খাওয়ার সময় ঠোঁটের পাশ দিয়ে পানি পড়ে যাচ্ছে। বিষয়টা সত্যি আতঙ্কের, স্ট্রোক হলো নাকি? কিন্তু অধিকাংশ ক্ষেত্রে এটি বেলস পালসি: অর্থাৎ মুখের নার্ভের সাময়িক দুর্বলতা। সঠিক সময়ে চিকিৎসা নিলে বেশির ভাগ রোগীই কয়েক মাসের মধ্যে ভালো হয়ে ওঠেন।

বেলস পালসি অনেক সময় কোনো কারণ ছাড়াই ঘটে যেতে পারে: অর্থাৎ আগাম লক্ষণ ছাড়াই মুখের এক পাশ হঠাৎ দুর্বল হয়ে যেতে পারে। অন্য সম্ভাব্য কারণগুলো হলো-

সুপ্ত কোনো ভাইরাসের পুনরায় সক্রিয় হওয়া, যেমন হারপিস জোস্টার।

নার্ভের প্রদাহ বা ফোলা।

ঝুঁকির কারণ-ডায়াবেটিস, গর্ভাবস্থা, উচ্চ রক্তচাপ, মানসিক চাপ, ঠান্ডা বাতাস।

**লক্ষণ**

মুখের এক পাশ দুর্বল হয়ে যাওয়া। চোখ বন্ধ করতে না পারা।

কপালে ভাঁজ ফেলতে না পারা।

কথা জড়ানো। খাবার পড়ে যাওয়া।

অন্যান্য: চোখ শুকানো, কানে শব্দ বেশি লাগা, স্বাদ কমে যাওয়া। তবে এর সঙ্গে হাত-পা দুর্বল হওয়া বা কথা বেশি জড়িয়ে এলে স্ট্রোক সন্দেহে হাসপাতালে যেতে হবে।

**চিকিৎসা কী**

ওষুধ: ৭২ ঘণ্টার মধ্যে স্টেরয়েড, প্রয়োজন হলে অ্যান্টিভাইরাল দিতে হবে।

ব্যথা কমাতে প্যারাসিটামল।

চোখের যত্ন: কৃত্রিম চোখের পানি, লুব্রিকেটিং অয়েন্টমেন্ট, আই টেপিং, সানগ-াস ব্যবহার।

**রিহ্যাবিলিটেশন ব্যবস্থাপনা**

এ সমস্যার চিকিৎসার মূল অংশই হচ্ছে ফিজিওথেরাপি। একজন বিশেষজ্ঞের অধীনে করা উচিত।

এরপর ২৭ পৃষ্ঠায়

# শীতের কড়ায় বাড়ে মানসিক চ্যালেঞ্জ

ডা. মুহাম্মাদ মাহতাব হোসাইন মাজেদ



ঋতু পরিবর্তন প্রকৃতিতে যেমন নতুনত্ব আনে, তেমনি মানুষের শরীরমনেও বিভিন্ন পরিবর্তন ঘটায়। শীতকাল সাধারণত অনেকের কাছে আরামদায়ক মনে হলেও চিকিৎসাবিজ্ঞানের দৃষ্টিতে এই সময়টি বেশ চ্যালেঞ্জিং। তাপমাত্রা কমে গেলে বাতাস শুষ্ক হয়, রোগজীবাণুর বিস্তার বাড়ে এবং দেহকে উষ্ণ রাখতে বাড়তি শক্তি ব্যয় হয়। এসব শারীরিক পরিবর্তনের সঙ্গে সঙ্গে মানসিক স্বাস্থ্যেও উল্লেখযোগ্য প্রভাব পড়ে। বিশেষ করে শীতকালে মন-মেজাজের ওঠানামা, একাকিত্ববোধ এবং বিষণ্ণতার লক্ষণ তুলনামূলক বেশি দেখা যায়।

**বাংলাদেশে মানসিক অসুস্থতার করুণ চিত্র**

বাংলাদেশে মানসিক স্বাস্থ্যসেবার পরিস্থিতি এখনও সন্তোষজনক নয়। গবেষণায় দেখা যায়প্রতি আটজনের একজন কোনো না কোনো মানসিক রোগে ভুগছেন। এর মধ্যে প্রাপ্তবয়স্কদের হার প্রায় ১৮.৭ শতাংশ এবং শিশুদের মধ্যে ১২.৬ শতাংশ। আরও দুঃখজনক হলোএই বিপুল সংখ্যক রোগীর মধ্যে প্রায় ৯১ শতাংশই চিকিৎসার আওতার বাইরে রয়ে যান। নারীরা মানসিক সমস্যায় তুলনামূলক বেশি আক্রান্ত হলেও

এরপর ৩৬ পৃষ্ঠায়

# শিশুর মস্তিষ্কের বিকাশে সেরা ৮ খাবার

ডা. ফেরদৌসী আক্তার



জন্ম থেকে ৫ বছর বয়স পর্যন্ত সময়টা শিশুর মস্তিষ্কের বিকাশের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ। এ সময়ে শিশুর মস্তিষ্কের প্রায় ৯০ শতাংশ বিকাশ হয়। প্রথম ৫ বছরে প্রতি সেকেন্ডে কোটি কোটি সংযোগ তৈরি হয়। আর এই বিকাশই পরবর্তী সময়ে শেখা ও বুদ্ধিমত্তার জন্য ভিত্তি স্থাপন করে। বাকি ১০ শতাংশ বিকাশ পরবর্তী প্রায় ২০২৫ বছর পর্যন্ত ধীরগতিতে চলতে থাকে। ২৫ বছরের পর মস্তিষ্কের বিকাশ হয় না বললেই চলে। নিচে দেওয়া হলো এমন কিছু খাবারের তালিকা, যা নিয়মিত খেলে শিশুদের স্মৃতি, মনোযোগ, শেখার ক্ষমতা ও মস্তিষ্কের সামগ্রিক স্বাস্থ্যের উন্নতি হতে পারে।

১. ডিম : প্রোটিন ও পুষ্টির চমৎকার উৎস। মস্তিষ্কের গঠনে সাহায্য করে দারুণভাবে। মস্তিষ্কের কোষগুলোর মধ্যে সংযোগ ও স্মৃতি গঠনের জন্য জরুরি। ডিমের প্রোটিন দীর্ঘ সময়ের শক্তি দেয়। ক্লাস বা পড়াশোনায় মনোযোগ রাখতে সাহায্য করে।

২. মাছ : ইলিশের তো অভাব নেই দেশে। প্রশ্ন হলো, স্যামন কি দেশি মাছ। এ ক্ষেত্রে দেশি স্যামন 'তাইল্যা'ও হতে পারে ভালো বিকল্প। টুনা সামুদ্রিক মাছ। কক্সবাজার, চট্টগ্রামসহ দেশের প্রায় সব সুপারশপে পাওয়া যায়। এসব মাছ ওমেগা-৩ ফ্যাটি অ্যাসিডে সমৃদ্ধ। মস্তিষ্কের বৃদ্ধি, কোষের গঠন ও শেখার ক্ষমতা বাড়াতে সহায়ক। তবে অনেক শিশুই মাছ খেতে চায় না। সে ক্ষেত্রে বাদাম, ফ্ল্যাক্স সিড তিসির বীজ ও চিয়া সিডের মতো উদ্ভিজ্জ খাবারও ওমেগা-৩র ভালো উৎস।

৩. দুধ ও দই : প্রোটিন, ক্যালসিয়াম ও ভিটামিনের ভালো উৎস। এসব মস্তিষ্কের বিকাশে অপরিহার্য। দুধ-দই প্রোটিন,

এরপর ৩৮ পৃষ্ঠায়

# ফলমূল বা শাকসবজির পুষ্টি কি সত্যিই আমাদের কাজে আসে না



শম্পা শারমিন খান



উদ্ভিদ ও প্রাণী থেকে পাওয়া পুষ্টি উপাদানগুলোর বৈশিষ্ট্য আলাদা। মাংস থেকে যে প্রোটিন বা আমিষ পাওয়া যায়, তা শিমের বীজ থেকে পাওয়া আমিষের মতো নয়। কলিজা থেকে পাওয়া আয়রন আর কচুশাক থেকে পাওয়া আয়রনও ভিন্ন। উদ্ভিজ্জ আয়রন আমাদের দেহে শোষণ হয়ও কম। উদ্ভিজ্জ খাবারে থাকা অ্যান্টিনিউট্রিয়েন্টস, যা অন্যান্য খাবারের পুষ্টি শোষণে বাধা দেয় বলেও জানা গেছে। তাহলে কি ফলমূল বা শাকসবজির পুষ্টি আমাদের তেমন কোনো কাজে আসে না?

**পুষ্টি উপাদানের ধরন**

উদ্ভিজ্জ খাবার আমাদের শর্করার প্রধান উৎস। উদ্ভিজ্জ খাবারে যে আমিষ পাওয়া যায়, তাতে আমাদের জন্য অত্যাবশ্যকীয় অ্যামিনো অ্যাসিডের সব থাকে না। তবে একাধিক উদ্ভিজ্জ খাবারের আমিষের সংমিশ্রণ করা হলে এ সমস্যা এড়ানো যায়।

এ ছাড়া সয়া পণ্য (টেক্সচারড ভেজিটেবল প্রোটিন বা টোফু) ও বাদামও উদ্ভিজ্জ আমিষ এবং অন্যান্য পুষ্টি উপাদানের দারুণ উৎস।

উদ্ভিজ্জ খাবার থেকে পাওয়া যায় প্রচুর আঁশ। কোষ্ঠকাঠিন্য এড়াতে তো বটেই, রক্তের খারাপ চর্বির মাত্রা নিয়ন্ত্রণের জন্যও রোজ পর্যাপ্ত আঁশ চাই। রোজ পর্যাপ্ত শাকসবজি ও ফলমূল খেলে বহু দীর্ঘমেয়াদি রোগের ঝুঁকি কমে যায়।

উদ্ভিজ্জ উৎস থেকে আমরা নানান রকম ভিটামিন পাই। বিশেষ করে বলতে হয় ভিটামিন সির কথা। ভিটামিন সি উত্তাপে নষ্ট হয়। কাঁচা ফলমূল ছাড়া কোনো উদ্ভিজ্জ বা প্রাণীজ খাবার থেকেই আপনার ভিটামিন সির চাহিদা পূরণ হবে না।

ভিটামিন সির ঘাটতি হলে দেহের রোগ প্রতিরোধক্ষমতা কমে যাবে।

এরপর ২৬ পৃষ্ঠায়



ভালোবাসা সবার তরে,
ঘৃণা নয়কো কারো পরে

Love for all, hatred for none

# বাংলাদেশ যুক্তরাষ্ট্রের ভূবনে স্বাগতম

**For more information contact:**
Bait-uz-Zafar 188-15 McLaughlin Ave, Hollis NY 11423
(347) 530-5791


بسم الله الرحمن الرحيم

নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ১৪ই জুন, ২০২৪ তারিখে যুক্তরাজ্যের (ইসলামাবাদস্থ) মসজিদে মুবারকে প্রদত্ত জুমুআর খুতবায় 'বনু নযীর' এর যুদ্ধের ঘটনা বিশদভাবে উল্লেখ করেন এবং দু'জন শহীদের স্মৃতিচারণের পাশাপাশি পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষভাবে দোয়ার আহ্বান জানান।

তাশাহুদ, তা'ঊয ও সূরা ফাতিহা পাঠের পর হুযুর (আই.) বলেন, আজ বনু নযীরের যুদ্ধের কিছু ঘটনা বর্ণনা করবো। বনু নযীর গোত্রের পরিচিতি হলো, এরা মদীনার ইহুদীদের একটি বংশ ছিল। কোনো কোনো ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর খয়বরের ইহুদীদের একটি গোত্র ছিল এবং তাদের বসতিকে যাহুরা বলা হতো। মহানবী (সা.) যখন মদীনায় আগমন করেন তখন বনু নযীর গোত্রের নেতা ছিল হুয়াই বিন আখতাব। তার পিতৃপুরুষের ষষ্ঠ প্রজন্মে নযীর বিন শাহামের নাম পাওয়া যায়, যার নামে এই গোত্রটি বনু নযীর নামে প্রসিদ্ধি লাভ করে। উম্মুল মু'মিনীন হযরত সাফীয়া (রা.) বনু নযীরের নেতা হুয়াই বিন আখতাবের কন্যা ছিলেন। ইতিহাসের গ্রন্থাবলীতে লেখা আছে, হুয়াই বিন আখতাবের বংশধারা হযরত মূসা (আ.)-এর ভাই হযরত হারুন (আ.)-এর সাথে গিয়ে মিলিত হয়। হুয়াই এর বংশে কতিপয় ব্যক্তি নবুওয়াতের সম্মানে ধন্য হয়েছিলেন, যাদের কারণে সে গর্বিত ছিল। আর এই অহংকারের কারণেই সে বলতো, আল্লাহ্ তা'লা আমাদের প্রতি ইহকালেও দয়ালু এবং পরকালেও আমাদের প্রতি স্নেহ ও অনুগ্রহ করবেন। তিনি আমাদেরকে পাপের কারণে কয়েকদিন শাস্তি দিবেন, অবশেষে জান্নাতই হবে আমাদের স্থায়ী নিবাস। এই বংশীয় আত্মগরিমা ও ঔদ্ধত্যের কারণেই হুয়াই মহানবী (সা.)-এর শিক্ষামালা থেকে মুখ ফিরিয়ে নিয়েছিল। অবস্থানের দিক থেকে বনু নযীর গোত্রটি মসজিদে কুবা থেকে আধা মাইল দূরে উত্তর পূর্ব দিকে (অবস্থিত) ছিল। আর মদীনার মধ্যভাগে এর বসতি প্রায় সে আসতো এবং মসজিদে কুবা এর থেকে কিছুটা দূরত্বে দক্ষিণ পার্শ্বে অবস্থিত ছিল।

চতুর্থ হিজরীর রবিউল আউয়াল (মাসে) বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়। এক তথ্য অনুসারে এটি উহুদের যুদ্ধের পূর্বের ঘটনা আর ইমাম বুখারীর তথ্যও এটিই। তবে ইমাম বুখারী (রহ.) এখানে একথাও লিখেছেন যে, ইবনে ইসহাকের মতে এই যুদ্ধ উহুদ ও বি'রে মা'উনার পরে হয়েছিল। যদিও আল্লামা ইবনে কাসীর ছাড়াও অধিকাংশ ঐতিহাসিক এবং জীবনীকার বলেছেন, উহুদের যুদ্ধের পরেই বনু নযীরের যুদ্ধ সংঘটিত হয়েছিল। বনু নযীরের যুদ্ধের প্রেক্ষাপট হলো, মক্কার কুরাইশ কাফিররা বদরের যুদ্ধের পূর্বে আব্দুল্লাহ্ বিন উবাই বিন সলূল এবং আওস ও খাযরাজ গোত্রের অন্যান্য প্রতিমাপূজারীদের লিখেছিল, [তখন মহানবী (সা.) মদীনায় ছিলেন।] তোমরা আমাদের সঙ্গীকে আশ্রয় দিয়েছ। মদীনায় তোমাদের সংখ্যা সবচেয়ে বেশি। আমরা শপথ করে বলছি, হয় (তোমরা) তাদের সাথে যুদ্ধ করো অথবা তাদেরকে নিজেদের শহর থেকে বহিষ্কার করো; নতুবা আমরা গোটা আরবকে ঐক্যবদ্ধ করে তোমাদের ওপর আক্রমণ করবো। তোমাদের যোদ্ধাদের সাথে যুদ্ধ করবো, তোমাদের নারী ও শিশুদের (নির্মমভাবে) হত্যা করবো। যখন ইবনে উবাই এবং অন্য প্রতিমাপূজারীরা এই পত্র পায় তখন তারা একে অপরকে বার্তা পাঠায় এবং মহানবী (সা.) ও তাঁর সাহাবীদের সাথে যুদ্ধ করার জন্য দৃঢ় সংকল্প করে। এই সংবাদ পাওয়ার পর মহানবী (সা.) তাঁর সাহাবীদের একটি দলকে নিয়ে মদীনার নেতাদের সাথে সাক্ষাৎ করেন। তিনি (সা.) বলেন, কুরাইশরা তোমাদেরকে কঠোর হুঁশিয়ারি দিয়ে পত্র লিখেছে। এই পত্র তোমাদেরকে কোনো ধোঁকায় ফেলে না ফেলে, পাছে তোমরা স্বয়ং ধোঁকা ও প্রতারণার শিকার হয়ে নিজেদেরই ভাই ও পুত্রদের সাথে আবার যুদ্ধ করতে না আরম্ভ করো। মহানবী (সা.)-এর একথা শোনে তারা বিষয়টি অনুধাবন করতে পারে এবং নিজেদের সংকল্প স্থগিত করে আর ছত্রভঙ্গ হয়ে যায়। এভাবে মক্কার কুরাইশের এই হুমকি আর শেষ পর্যন্ত কার্যকর হয়নি।

এরপর কুরাইশরা বদরের যুদ্ধের পর ইহুদীদের কাছে একটি পত্র লিখে যে, তোমাদের কাছে অস্ত্র আছে আর তোমরা দুর্গেরও মালিক। হয় তোমরা আমাদের সহযোগী হয়ে যুদ্ধ করো নতুবা আমরা তোমাদের ওপর আক্রমণ করবো এবং তোমাদের পুরুষদেরকে হত্যা করবো আর তোমাদের নারীদেরকে আমাদের দাসী বানাবো। এই পত্র যখন ইহুদীদের কাছে পৌঁছায় তখন বনু নযীর গোত্র মহানবী (সা.)-কে ধোঁকা দেয়ার জন্য সহমত হয়, কেননা ইহুদী গোত্রগুলো তো আগে থেকেই সুযোগ খুঁজছিল যাতে মুসলমানদের আধিপত্য ও ক্ষমতার যতদ্রুত সম্ভব অবসান করা যায়। এ পর্যায়ে তারা এমন দুরভিসন্ধি করার চিন্তা করে যাতে মহানবী (সা.)-কে নাঊযুবিল্লাহ্ হত্যা করা যায়। অতএব, তারা তাঁর সমীপে সংবাদ প্রেরণ করে যে, আপনি আপনার ত্রিশজন সাহাবীকে নিয়ে আসুন, আমাদের ত্রিশজন আলেমও আপনার সামনে উপস্থিত হবে; এমনকি আমরা এমন এক স্থানে মিলিত হবো যা আমাদের এবং আপনাদের মধ্যস্থলে হবে। আমাদের লোকেরা আপনার কথা শুনবে। তারা যদি আপনাকে সত্যায়ন করে অর্থাৎ ইহুদী আলেমরা যদি আপনার প্রতি ঈমান আনয়ন করে তাহলে আমরাও আপনার প্রতি ঈমান আনব। পরের দিন মহানবী (সা.) ত্রিশজন সাহাবীকে সাথে নিয়ে তাদের উদ্দেশ্যে যাত্রা করেন। ত্রিশজন ইহুদী আলেমও তাঁর কাছে আসে। ইহুদীরা যখন খোলা প্রান্তরে আসে তখন তারা পরস্পরকে বলে, তোমরা তাঁর ওপর কীভাবে আক্রমণ করবে? কেননা তাঁর সাথে ত্রিশজন সঙ্গী রয়েছেন। ত্রিশজন সঙ্গীর উপস্থিতিতে আক্রমণ করা তো কঠিন আর তারা এমন সঙ্গী, যারা তাঁর জন্য প্রাণ বিসর্জন দিতেও কুণ্ঠাবোধ করবে না। তখন ইহুদীরা তাঁর কাছে পুনরায় এই সংবাদ প্রেরণ করে যে, আমরা ষাটজন পরস্পর কীভাবে প্রজ্ঞাপূর্ণ আলোচনা করবো? আপনি এক কাজ করুন, তিনজন সঙ্গীকে নিয়ে আসুন আর আমরাও আমাদের তিনজন আলেমকে নিয়ে আসবো, তারা আপনার আলোচনা শুনবে। তখন তিনি (সা.) তিনজন সাহাবীকে সাথে নিয়ে আসার প্রস্তাবটি গ্রহণ করেন। তিনজন ইহুদী আলেমও রওয়ানা হয় আর ঐ ইহুদীদের কাছে খঞ্জর বা ধারালো ছুরি ছিল। তারা মহানবী (সা.)-এর ওপর আক্রমণ করতে চাচ্ছিল। যাহোক, মহানবী (সা.) যাত্রার জন্য প্রস্তুত ছিলেন, পথিমধ্যেই বনু নযীরের একজন হিতাকাঙ্ক্ষী নারী একজন আনসারী মুসলমানকে এবং পরে মহানবী (সা.)-কে বনু নযীরের সকল চক্রান্তের কথা বলে দেয়। তাই মহানবী (সা.) ইহুদীদের কাছে না গিয়ে মদীনায় ফেরত চলে আসেন।

এই যুদ্ধের আরেকটি কারণ বর্ণনা করতে গিয়ে একজন ঐতিহাসিক লিখেছেন, বনু নযীর গোত্র সংগোপনে কুরাইশের কাছে বার্তা পাঠায় আর তাদেরকে মহানবী (সা.)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করে বরং তাদেরকে মুসলমানদের প্রতিরক্ষা-খাতের কিছু দুর্বলতার কথাও জানিয়ে দেয়। কোনো কোনো বর্ণনা অনুযায়ী উহুদের যুদ্ধের পূর্বে ইহুদীরাও মক্কার কুরাইশকে চরমভাবে উত্তেজিত করেছিল যার ফলশ্রুতিতে উহুদের যুদ্ধ সংঘটিত হয়েছিল।

এ যুদ্ধের একটি গুরুত্বপূর্ণ ও তাৎক্ষণিক কারণ এটিও বর্ণনা করা হয় যে, বি'রে মা'উনা থেকে প্রত্যাবর্তনের সময় যখন হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বনু আমেরের দু'জনকে হত্যা করেছিলেন যাদের সাথে মুসলমানদের সন্ধিচুক্তি ছিল, তাই তাদেরকে রক্তপণ প্রদান আবশ্যক ছিল। এ উদ্দেশ্যে মহানবী (সা.) বনু নযীরের কাছে গিয়েছিলেন, কেননা মহানবী (সা.) ইহুদীদের সাথে যে সন্ধিচুক্তি করেছিলেন এর একটি ধারায় ছিল, 'আইয়া'ওয়ানুহু ফীদ্ দিয়াত' অর্থাৎ তারা রক্তপণের ব্যাপারে মুসলমানদের সাথে সহযোগিতা করবে। এই ঘটনার বিশদ বিবরণ হলো, হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) যখন মহানবী (সা.)-এর নিকট এসে পুরো বৃত্তান্ত বর্ণনা করেন তখন তিনি (সা.) বলেন, তুমি খুবই অন্যায় কাজ করেছ। তাদের সাথে আমাদের চুক্তি এবং নিরাপত্তার শর্ত ছিল। হযরত আমর বিন উমাইয়্যা যামরী (রা.) বলেন, আমি এই সন্ধিচুক্তির বিষয়টি জানতাম না। আমি তাদেরকে মুশরিক মনে করতাম আর তাদের গোত্র আমাদের সাথে প্রতারণাও করেছে। হযরত আমর (রা.) তাদের মালপত্র এবং কাপড়-চোপড় সাথে করে নিয়ে এসেছিলেন। মহানবী (সা.) তাকে নির্দেশ দেন তাদের মালপত্র এবং কাপড়-চোপড় যেন তাদের শোকসন্তপ্ত পরিবারের কাছে ফেরত পাঠানো হয়। মহানবী (সা.) রক্তপণ সহ সেগুলো পাঠিয়ে দেন। মহানবী (সা.) শনিবার দিন বনু নযীর গোত্রের উদ্দেশ্যে রওয়ানা হন, মসজিদে কুবায় নামায পড়েন। প্রায় দশজনের মতো মুহাজির ও আনসার সাহাবী মহানবী (সা.)-এর সাথে ছিলেন। তিনি (সা.) বনু নযীরকে তাদের বৈঠকে উপবিষ্ট দেখতে পান। তিনিও তখন সেখানে আসন গ্রহণ করেন যাতে করে মৃত দুই ব্যক্তির রক্তপণ আদায়ের ব্যাপারে তাদের সাথে শলাপরামর্শ করতে পারেন, যেন তারা দু'জন নিহত ব্যক্তির রক্তপণ পরিশোধে তাঁকে সহযোগিতা করে।

এই যুদ্ধাভিযানের কারণ কি ছিল এ ব্যাপারে হযরত মির্যা বশীর আহমদ সাহেব এম, এ (রা.)'র একটি তথ্য পাওয়া যায় যা থেকে বিষয়টি আরও সুস্পষ্ট হয়। তিনি (রা.) লিখেন, এই যুদ্ধের কারণ বর্ণনা করতে গিয়ে প্রসিদ্ধ হাদীসবেত্তাগণ বিভিন্ন আঙ্গিক তুলে ধরেছেন আর এ কারণে এই যুদ্ধ ঠিক কখন আরম্ভ হয়েছিল সে ব্যাপারেও দ্বিমত রয়েছে। বনু নযীরের পক্ষ থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধের সূচনা হয়েছে। সকল ঘটনাই নিজ নিজ সময় ও স্থান সাপেক্ষে সঠিক। কিন্তু সর্বশেষ যুদ্ধ সেটি ছিল যা বনু আমেরের দু'জন ব্যক্তির রক্তপণ আদায়ের সময় আরম্ভ হয়েছিল, বাকি আল্লাহ্‌ই ভালো জানেন। রক্তপণ আদায়ের ব্যাপারে মহানবী (সা.) একদল সাহাবীকে নিয়ে বনু নযীরের নিকট উপস্থিত হন এবং চুক্তি অনুসারে রক্তপণ আদায়ের বিষয়টি তাদের কাছে উত্থাপন করেন। তারা বলে, হ্যাঁ, আবুল কাসেম! আপনি খাবার খেয়ে নিন এরপর আমরা এ ব্যাপারে কথা বলছি। এভাবে বাহ্যিকভাবে ইহুদীরা খুবই হাস্যোজ্জ্বলভাবে মহানবী (সা.)-এর সাথে কথা বলে। কিন্তু ভেতরে ভেতরে তারা মহানবী (সা.)-কে হত্যার ষড়যন্ত্র করতে থাকে। তখন তিনি (সা.) তাদের বাড়ির এক দেয়ালের পাশে উপবিষ্ট ছিলেন। একজন বর্ণনাকারী ইহুদীদের মহানবী (সা.)-কে হত্যার ঘৃণ্য ষড়যন্ত্রের কথা উল্লেখ করতে গিয়ে লিখেন, বনু নযীরের সর্দার হুয়াই বলে, "হে ইহুদীর দল! মুহাম্মদ (সা.) তাঁর কতিপয় সাথীকে নিয়ে তোমাদের কাছে উপস্থিত হয়েছে, তাদের সংখ্যা দশজনেরও কম। এই বাড়ির ছাদে উঠে বড় একটি পাথর ফেলে মুহাম্মদকে (সা.)-কে হত্যা করো, তোমরা এর চেয়ে উত্তম সুযোগ আর কখনো পাবে না। যদি তাকে মেরে ফেলতে পারো তাহলে তার সঙ্গীরা ছত্রভঙ্গ হয়ে যাবে। মক্কা থেকে আসা তোমাদের সাথীরা মক্কায় ফিরে যাবে এবং এখানে শুধু আওস ও খাযরাজ থাকবে, যারা তোমাদেরই মিত্র। তাই তোমরা যা করতে চাও, এখনই করো"। একথা শুনে এক দুর্ভাগা ইহুদী আমর বিন জাহাশ বলে, "আমি বাড়ির ছাদে উঠে পাথর ফেলে মুহাম্মদ (সা.)-কে (নাঊযুবিল্লাহ্) হত্যা করবো"। যখন এসব শলাপরামর্শ করা হচ্ছিল তখন বনু নযীরের এক নেতা সালাম বিন মিশকাম বলে, "হে ইহুদীর দল! তোমরা চাইলে সারাজীবন আমার বিরোধিতা কোরো, কিন্তু আজ আমার কথা মেনে নাও। আল্লাহ্‌র কসম! মুহাম্মদ (সা.)-কে তোমাদের এই ষড়যন্ত্রের ব্যাপারে অবগত করা হবে। আর এটি আমাদের এবং তাদের মাঝে বিদ্যমান সন্ধিচুক্তির লঙ্ঘনও বটে।" কিন্তু ইহুদীরা তার কথায় কর্ণপাত না করে নিজেদের সিদ্ধান্তে অটল থাকে। হুযুর (আই.) বলেন, 'ইনশাআল্লাহ্ আগামীতে বর্ণনা করা হবে যে, তারা কি পরিকল্পনা করেছিল এবং কীভাবে আল্লাহ্ তা'লা মহানবী (সা.)-কে রক্ষা করে তাদের ষড়যন্ত্রকে ব্যর্থ করে দিয়েছিলেন।'

পরিশেষে হুযুর (আই.) পাকিস্তানের আহমদীদের জন্য দোয়ার আহ্বান জানিয়ে বলেন, 'পাকিস্তানের আহমদীদের জন্য বিশেষ দোয়ার আহ্বান করতে চাই। সম্প্রতি তাদের ওপর পুনরায় নির্যাতন শুরু হয়েছে। আল্লাহ্ তা'লা শীঘ্র পাকিস্তানের আহমদীদেরকে অত্যাচারের কবল থেকে মুক্তি দিন আর সেখানেও আমাদের পরিস্থিতি অনুকূল করে দিন। কেননা কুরবানিকে কেন্দ্র করে তাদের বিরুদ্ধে মামলা-মোকদ্দমা ও নির্যাতনের চেষ্টা করা হচ্ছে।' এরপর হুযুর (আই.) পাকিস্তানের দু'জন শহীদ ও একজন মরহুমের স্মৃতিচারণ করেন এবং নামাযের পর তাদের গায়েবানা জানাযা পড়ান। শহীদদের একজন হলেন, ৬৪ বছর বয়স্ক মুকাররম গোলাম সারোয়ার সাহেব আর অপরজন হলেন ৩২ বছর বয়স্ক শহীদ মুকাররম রাহাত আহমদ বাজওয়া সাহেব। মণ্ডী বাহাউদ্দিন জেলার সাইক্কোহরপুরে গত ৮ই জুন, ২০২৪ তারিখে একজন মাদ্রাসা ছাত্র সৈয়দ আলী রেযার গুলিতে তারা উভয়েই ঘটনাস্থলে শাহাদত বরণ করেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। হুযুর (আই.) তাদের সংক্ষিপ্ত স্মৃতিচারণ করার পর মুকাররম মালেক মুজাফফর খান সাহেবেরও স্মৃতিচারণ করেন এবং তাদের তিনজনের আত্মার মাগফিরাত ও শান্তি কামনা করে দোয়া করেন, 'আল্লাহ্ তা'লা তাদের সাথে প্রীতি দয়া ও ক্ষমাসুলভ আচরণ করুন এবং তাদের শোকসন্তপ্ত পরিবারকে ধৈর্য ধারণের তৌফিক দিন' আমীন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কোনোই বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, **www.mta.tv** এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট **www.ahmadiyyabangla.org** -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)




# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of

FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA

POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**

Franchise & Business Consulting Firm

37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১

সপ্তাহে ৭ দিনই খোলা



# রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

## আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন? আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।



আমরা Binghamton এ কাজ করে থাকি

**আমাদের কাজসমূহ:**

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

**যোগাযোগ:**

**WOVENA CONSTRUCTION INC**

172-11, 93 Ave, Jamaica, NY 114333

**Phone: 347-822-9052, 716-828-6677**

wovenatexusa@gmail.com

## ট্রাম্প গোল্ড ভিসা'র জন্য যেভাবে আবেদন

৩ পৃষ্ঠার পর

প্রথমে ট্রাম্পকার্ড ডট গভ নামে একটি ওয়েবসাইটে আবেদন করতে হবে। ফরম পূরণ করে জমা দেওয়ার সময় আবেদন ফি হিসেবে দিতে হবে ১৫ হাজার ডলার (বাংলাদেশি মুদ্রায় প্রায় ১৮ লাখ ২১ হাজার ৯৬৪ টাকা)। এই ফি নেবে যুক্তরাষ্ট্রের স্বরাষ্ট্র মন্ত্রণালয়। আবেদনপত্র যাচাইয়ের পর ভিসার জন্য চাঁদা হিসেবে আবেদনকারীকে দিতে হবে আরও ১০ লাখ ডলার (বাংলাদেশি মুদ্রায় প্রায় ১২ কোটি ১৪ লাখ ৬৪ হাজার ৩০০ টাকা)। ওয়েবসাইটে এই অর্থকে উপহার হিসেবে উল্লেখ করা হয়েছে। ট্রাম্প গোল্ড ভিসার মর্যাদা যুক্তরাষ্ট্রের গ্রিন কার্ডের মতো হবে। গ্রিন কার্ডধারী ব্যক্তিরা যেমন স্থায়ীভাবে বসবাস ও কাজের অনুমোদন পান, এই ভিসাধারীরাও তেমন সুবিধা পাবেন। ট্রাম্প বলেন, 'মূলত এই ভিসা একপ্রকার গ্রিন কার্ড, তবে এটি অনেক ভালো, শক্তিশালী এবং নাগরিকত্ব লাভের জন্য আদর্শ পথ'।

হোয়াইট হাউসে সাংবাদিকদের সঙ্গে মত বিনিময়কালে ট্রাম্প এই তথ্য নিশ্চিত করেন। যুক্তরাষ্ট্রের বাণিজ্যমন্ত্রী হাওয়ার্ড লুটনিক রয়টার্সকে জানিয়েছেন, ওয়েবসাইটটির প্রাক-নিবন্ধন পর্যায়েই প্রায় ১০ হাজার আবেদনকারী এই ভিসার জন্য আবেদন করে ফেলেছেন।

লুটনিক রয়টার্সকে বলেন, আমরা আশা করছি যে সময় গড়ানোর সঙ্গে সঙ্গে হাজার হাজার কার্ড আমরা বিক্রি করতে পারব এবং শত শত কোটি ডলার উপার্জন করতে পারব।

বিশ্লেষকদের মতে, ২০২৫ সালের ২০ জানুয়ারি থেকে দেশজুড়ে অবৈধ অভিবাসনবিরোধী অভিযান শুরু করেছে ট্রাম্প প্রশাসন, যার ফলে হাজার হাজার নথিবিহীন অভিবাসীকে নিজ দেশে ফেরত পাঠানো হয়েছে। নতুন এই গোল্ড কার্ড কর্মসূচির মাধ্যমে একদিকে যেমন বিপুল পরিমাণ অর্থ মার্কিন কোষাগারে আসছে, অন্যদিকে অভিবাসনের ক্ষেত্রে ধনীদের জন্য একটি সহজ পথ তৈরি করে ভারসাম্য আনার চেষ্টা করা হয়েছে।

## বিজয় দিবসে বিভিন্ন সংগঠনের কর্মসূচি পালিত

৩ পৃষ্ঠার পর

এছাড়াও শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে সম্মিলিত সাংস্কৃতিক জোট উত্তর আমেরিকা এক অনুষ্ঠানের আয়োজন করে। ১৩ ডিসেম্বর শনিবার রাত ১১টা থেকে মধ্যরাত পর্যন্ত জ্যাকসন হাইটসের জাইতরানিটি প্লাজায় 'শহীদ বুদ্ধিজীবী দিবস ২০২৫' শীর্ষক অনুষ্ঠান আয়োজিত হয়।

এদিকে মহান বিজয় দিবস উপলক্ষে উদযাপন ১৩ ডিসেম্বর শনিবার বেলা সাড়ে ১২টায় ফ্লাশিংয়ে কুইন্স পাবলিক লাইব্রেরীতে গীতি কাব্য আলেখ্য, তরুণ প্রজন্মের কণ্ঠে জাগরণের গান, স্বরচিত কবিতা, আবৃত্তি ও সঙ্গীত অনুষ্ঠানের আয়োজন করে। ব্রুকলিন বাংলাদেশ এসোসিয়েশন গত ১৫ ডিসেম্বর সোমবার বিকেল ৫টায় ব্রুকলিনের আপ আকনা পার্টি হলে বিজয় দিবসের অনুষ্ঠান করে বলে জানিয়েছেন অনুষ্ঠানের আহ্বায়ক মোত্তালিব বিশ্বাস স্বপন ও সদস্য সচিব রেজা আব্দুল্লাহ।

মহান বিজয় দিবস উপলক্ষে 'বাংলাদেশ সোসাইটি' ১৬ ডিসেম্বর মঙ্গলবার বিকেল ৫টায় সংগঠনের নিজস্ব কার্যালয়ে (৮৬-২৪ হুইটনি এভিনিউ, এলমহার্স্ট) বিজয় দিবস উদযাপন করেছে। এ তথ্য জানিয়েছেন সংগঠনের সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী। ১৬ ডিসেম্বর মঙ্গলবার বেলা ২টা থেকে রাত ১১টা পর্যন্ত 'বিজয়ের গান, বিজয়ের উত্থান' শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করে জ্যামাইকা বাংলাদেশ এসোসিয়েশন (জেবিএ)। জ্যামাইকার হাঁর বাবাব রেস্টুরেন্ট মিলনায়তনে এই অনুষ্ঠান করা হয়।

সম্মিলিত ব্রুকলিন বাংলাদেশী কমিউনিটি ১৬ ডিসেম্বর মঙ্গলবার বিকেল থেকে ব্রুকলিনের গোল্ডেন প্যালেসে মহান বিজয় দিবস উদযাপন করে। এই কর্মসূচী বাস্তবায়নের জন্য শামীম আহমদকে আহবায়ক, ফরিদা ইয়াসমিনকে প্রধান সমন্বয়কারী ও পল্লব সরকারকে সদস্য সচিব করে 'বিজয় দিবস উদযাপন কমিটি' গঠন করা হয়।

আগামী ১৬ ডিসেম্বর মঙ্গলবার বাংলাদেশী আমেরিকান পুলিশ এসোসিয়েশন (বাপা), হিন্দু অফিসার্স সোসাইটি এবং লোকাল ১১৮২ যৌথভাবে বিজয় দিবস ও দিওয়ালী অনুষ্ঠানের আয়োজন করে। এদিন সন্ধ্যা ৬টায় পুলিশ একাডেমীতে (১৩০-৩০ ২৮ এভিনিউ, ফ্লাশিং) এই অনুষ্ঠান আয়োজিত হয় বলে জানিয়েছেন সংগঠনের সভাপতি রাজেশ শর্মা ও সাধারণ সম্পাদক রাজিব ঘোষ।

মানিকগঞ্জ সমিতি নর্থ আমেরিকা ১৬ ডিসেম্বর মঙ্গলবার বিকেলে জ্যামাইকার ১৬৭-২০ হিলসাইড এভিনিউ ঠিকানায় বিজয় দিবসের অনুষ্ঠান আয়োজন করে। এই তথ্য জানিয়েছেন সংগঠনের সভাপতি মোহাম্মদ জিকরুল আমিন ও সাধারণ সম্পাদক মোহাম্মদ রাশেদ মিয়া।

ফুলকলি ফাউন্ডেশন অব ইউএসএ ও টেলিভিশন রিপোর্টার্স ইউনিটি অব বাংলাদেশ ট্রাব, যুক্তরাষ্ট্র শাখা এবং জ্যামাইকা বাংলাদেশী সিনিয়র সিটিজেন ক্লাব যৌথভাবে বিজয় দিবসের অনুষ্ঠান আয়োজন করে ১৬ ডিসেম্বর মঙ্গলবার বেলা একটায় জ্যামাইকার ইকরা পার্টি হলে।

মহান বিজয় দিবস উপলক্ষে 'লিবারেশন ওয়ার ভেটেরান্স ১৯৭১, ইউএসএ' আগামী ২০ ডিসেম্বর শনিবার বিকেল ৫টায় জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে বিজয় দিবসের অনুষ্ঠান আয়োজন করেছে। এ তথ্য জানিয়েছেন সভাপতি মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা খান মিরাজ ও সাধারণ সম্পাদক মুক্তিযোদ্ধা ফারুক হোসাইন। সামাজিক সংগঠন 'হৃদয়ে বাংলাদেশ' বিজয় উৎসব ও শোভাযাত্রার আয়োজন করেছে ব্রুকলিনের ১৮৯১ এমনিকো এভিনিউয়ের চার্চে ২০ ডিসেম্বর শনিবার বিকেল তিনটায়। এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানিয়েছেন অনুষ্ঠানের আহ্বায়ক সুরাইয়া আলম সাকী ও সদস্য সচিব আল-মামুন সরকার। প্রগ্রেসিভ ফোরাম ইউএসএ বিজয় দিবসের অনুষ্ঠান আয়োজন করবে আগামী ২৮ ডিসেম্বর, রোববার বিকেলে জ্যাকসন হাইটসের জুইশ সেন্টারে। এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছেন সংগঠনের সভাপতি হাফিজুল হক ও সাধারণ সম্পাদক জাকির হোসেন বাচ্চু।

## নির্বাচন, ব্লেম গেমের রাজনীতি আর তৃতীয় পক্ষের অট্টহাসি

১২ পৃষ্ঠার পর

হবে অথবা দোষারোপের রাজনীতি। কে কাকে সুবিধা দিল, কে কার পক্ষে পোস্ট দিল-এই বিতর্কে সময় নষ্ট হলে প্রকৃত অপরাধীরা আড়ালে থেকে যাবে। দরকার দ্রুত, স্বচ্ছ এবং বিশ্বাসযোগ্য তদন্ত। দরকার প্রকৃত অপরাধী এবং মূল হোতাদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করা।

আইনের শাসন যদি এখানে ব্যর্থ হয়, তবে বার্তাটি স্পষ্ট হবে-সহিংসতা করে, আতঙ্ক ছড়িয়ে রাজনৈতিক ফায়দা তোলা যায়। আর সেটিই হবে গণতন্ত্রের সবচেয়ে বড় পরাজয়।

শরীফ ওসমান হাদির ওপর হামলার ঘটনা আমাদের সামনে একটি আয়না ধরে দিয়েছে। এই আয়নায় আমরা দেখছি বিভক্ত রাজনীতি, দায়িত্বহীন বক্তব্য, ভুয়া তথ্যের স্রোত এবং একটি অদৃশ্য শক্তির কৌশলী চাল। এখন প্রশ্ন-আমরা কি এই আয়না ভেঙে ফেলব, নাকি নিজেদের সংশোধন করব? যদি এখনই সবাই সংযম, ঐক্য ও ন্যায়বিচারের পথে না আসে, তবে নিশ্চিতভাবেই তৃতীয় পক্ষ দূরে বসে অট্টহাসি হাসবে। আর সেই হাসির শব্দের নিচে চাপা পড়ে যাবে গণতন্ত্র, নির্বাচন এবং জনগণের আশা।

বাংলাদেশ কি আবার সেই ভুল করতে যাচ্ছে? নাকি এবার ইতিহাস থেকে শিক্ষা নেওয়ার সময় এসেছে?

লেখক: সিনিয়র সাংবাদিক ও কলামিস্ট

## আলবদর ও রাজাকাররা ফিরে এসেছে অধিক শক্তিমত্তায়

৭ পৃষ্ঠার পর

ও শ্রেণিগত বিভাজনকে নাকচ করে দিতে চেয়েছিল আমাদের মুক্তিযুদ্ধ। মূলনীতি দুটি যে বিদায় করে দেওয়া হলো, সেটা কোনো দুর্ঘটনা নয়, স্বাভাবিক ঘটনা বটে। মুক্তিযুদ্ধ ছিল জনযুদ্ধ, আমাদের ইতিহাসের একমাত্র জনযুদ্ধ। জনযুদ্ধে জনগণের জয় হয়েছিল। কিন্তু বিজয়ী জনতা ক্রমাগত দূরে সরে যাচ্ছিল ক্ষমতার কেন্দ্র থেকে, ক্ষমতা আগের মতোই চলে যাচ্ছিল অল্পকিছু মানুষের হাতে। পঁচাত্তরের নৃশংস পটপরিবর্তনের পর নতুন যাঁরা ক্ষমতায় এলেন, তাঁরা শুধু ক্ষমতাই বুঝেছেন, অন্য কিছু বুঝতে চাননি। তাঁরা জনগণের লোক নন, জনগণের আদর্শ তাঁদের নয়। তাঁদের আদর্শে ধর্মনিরপেক্ষতা ও সমাজতন্ত্রের স্থান ছিল না। তাঁরা তাঁদের আদর্শকে জনগণের ওপর চাপিয়ে দিয়েছেন এবং সেটাই ছিল স্বাভাবিক। তারপর ক্ষমতার হস্তান্তর ঘটেছে। নির্বাচনী প্রক্রিয়ার মধ্য দিয়েই যাঁরা ক্ষমতায় এসেছিলেন, তাঁরা মুক্তিযুদ্ধের পক্ষের শক্তি বলে পরিচয় দিলেও, মুক্তিযুদ্ধের মৌলিক চেতনাকে ধারণ করেছেন, সেটা বলা যাবে না। সংগত কারণে তাঁরাও তো সরিয়ে দেওয়া মূলনীতি দুটি ফেরত আনেননি। ফেরত আনা পরের কথা, তাঁরা সাংবিধানিক বৈধতাও দিয়ে দিয়েছেন রাষ্ট্রধর্ম ইসলামকে। এই উদাসীনতা অংশগ্রহীন নয়। বাস্তবতা বদলে গেছে। জনগণ যে স্বপ্ন দেখেছিল তা এখন অতীতের ব্যাপার হয়ে দাঁড়াচ্ছে। হয়তোবা অতীতের স্মৃতিতেই পরিণত হবে, কারও কারও হয়তো মনে এমন আশা রয়েছে।

মূল সত্যটা হচ্ছে এই যে জনগণের কাছে ক্ষমতা নেই, ক্ষমতা থেকে তারা অনেক দূরে। সামরিক সরকারের আমলে দূরে ছিল, নির্বাচিত সরকারের আমলেও সেই দূরেই রয়ে গেছে। বর্তমান আমলেও তদ্রূপ। এই দূরত্ব আগামী দিনে বাড়বে না, বরং কমে আসবে, এমন লক্ষণ দেখা যাচ্ছে কি? তা তো বলা যাবে না। জনগণের ন্যূনতম চাহিদাগুলো মেটাবার জন্য রাজনৈতিক কর্মসূচি কই? কর্মসংস্থানের উদ্যোগ কোথায়?

রাষ্ট্রক্ষমতায় যে বড় পরিবর্তন এসেছে, সেগুলো এমনি এমনি ঘটেনি, বিত্তবানদের কারণেও ঘটেনি। প্রতিটির পেছনেই জনগণ ছিল। ১৯৪৬-এ সাধারণ মানুষ ভোট দিয়েছে। ১৯৭১-এ সাধারণ মানুষ প্রাণ দিয়েছে। তাতেই রাষ্ট্র বদলেছে। ১৯৪৭-এর স্বাধীনতা ছিল অপূর্ণ; ওই স্বাধীনতায় মুক্তি এল না। উল্টো মানুষে মানুষে বৈষম্য বাড়ল। ১৯৭১-এর স্বাধীনতা ভিন্ন প্রকারের, তার সামনে মুক্তির লক্ষ্যটা ছিল আরও স্পষ্ট, আরও প্রত্যক্ষ। কিন্তু এই স্বাধীনতা তার প্রতিশ্রুতি রক্ষা করেছে কি? মুক্তি এসেছে কি মানুষের? সে তো মনে হয় অনেক দূরের ব্যাপার।

মুক্তি না আসার কারণটি হচ্ছে এই যে সংগ্রাম জনগণই করেছে এটা ঠিক, কিন্তু নেতৃত্ব তাদের হাতে ছিল না। জনগণের হাতে নেতৃত্ব থাকার অর্থ কী? জনগণ তো ব্যক্তি নয়, এক নয়, তারা বহু, অসংখ্য, কে নেতা হবে কাকে ফেলে? জনগণের হাতে নেতৃত্ব থাকার অর্থ হলো জনগণের স্বার্থ দেখবে-এমন সংগঠনের হাতে নেতৃত্ব থাকা। স্বার্থটাই আসল কথা। আওয়াজ উঠতে পারে নানাবিধ, আওয়াজ মানুষকে উদ্বুদ্ধও করে নানাভাবে, কিন্তু ধ্বনি যথেষ্ট নয়, কার স্বার্থে ধ্বনি উঠেছে সেটাই জরুরি।

না, তেমন যুদ্ধ ঘটবে না। কেননা, মুক্তিযুদ্ধ তো চলছেই কোনো না কোনোভাবে। মানুষ যে মুক্ত হয়নি, সেটা কারও কাছেই অস্পষ্ট নয়। ওই যুদ্ধকেই এগিয়ে নিয়ে যেতে হবে। সেটা শাসকশ্রেণির দল করবে না। তার জন্য বিকল্প রাজনৈতিক শক্তির প্রয়োজন হবে। ডান দিকের নয়, বাম দিকের।

বলা হয়, গণতন্ত্রের মানে হচ্ছে সংখ্যাগুরুর শাসন। কিন্তু আমাদের দেশে সংখ্যালঘুরা, অর্থাৎ ধনীরা শাসন করেন সংখ্যাগুরুকে, অর্থাৎ গরিবকে। গণতন্ত্রের স্বার্থেই এই ব্যবস্থা চলা উচিত নয়। এটা চলবেও না। এই জন্য যে সংখ্যাগুরু সচেতন ও বিক্ষুব্ধ হয়ে পড়ছেন। তাঁরা মুক্তি চান। পরিবর্তন একটা ঘটবেই। প্রশ্ন হলো, কবে এবং কীভাবে। স্বাধীনতা ওই বড় পরিবর্তনের জন্যই প্রয়োজন ছিল। রাষ্ট্রীয় স্বাধীনতা নিজেই দুর্বল হয়ে পড়বে যদি জাতীয় মুক্তি না আসে।

মুক্তির প্রশ্নটি এখন আর আঞ্চলিক নয়। দ্বন্দ্ব এখন পশ্চিম পাকিস্তানের সঙ্গে পূর্ববঙ্গের নয়, প্রশ্নটি এখন শ্রেণিগত, দ্বন্দ্ব এখন বাঙালি ধনীর সঙ্গে বাঙালি গরিবের। বিষয়টা এমন পরিচ্ছন্নভাবে প্রকাশ পেত না বাংলাদেশ যদি স্বাধীন না হতো। স্বাধীনতা আমাদের খুবই জরুরি ছিল, সমষ্টিগত অগ্রগতির পথে প্রথম সুনির্দিষ্ট পদক্ষেপ হিসেবে।

লেখক: ইমেরিটাস অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস



মেডিসিন বিশেষজ্ঞ

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com 718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (12pm to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432



# ইসলামে হালাল ও হারামের গুরুত্ব

শাঈখ মুহাম্মাদ উছমান গনী



হালাল অর্থ বৈধ। হারাম অর্থ অবৈধ বা নিষিদ্ধ। সব চিন্তাভাবনা, কথাবার্তা ও কার্যকলাপ হালাল ও হারামের আওতায় পড়ে।

বিশ্বাসী মুসলিমের পুরো জীবন হালাল-হারাম দ্বারা নিয়ন্ত্রিত হয়। হারাম ও হালাল ব্যক্তির দাম্পত্য জীবন, পারিবারিক জীবন, সামাজিক জীবন, রাষ্ট্রীয় জীবন এবং অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক জীবনে করণীয় ও বর্জনীয় নির্ধারণের মাপকাঠি।

হারাম ও হালাল হলো চেতনা, মূল্যবোধ, আইন ও রাষ্ট্রকাঠামো নির্মাণের ভিত্তি। হালাল-হারামের সীমারেখা দ্বারাই ধর্মীয় জীবন নিয়ন্ত্রিত হয়। এতে রয়েছে দুনিয়ার শান্তি ও পরকালে মুক্তির নিশ্চয়তা।

প্রতিনিয়ত প্রতি পদে হালাল-হারামের সীমার সচেতনতা মানবাধিকারের সুরক্ষা এবং নিরাপদ সমাজব্যবস্থার শ্রেষ্ঠ উপায়। ইসলামে হালাল-হারাম নির্ধারণের উৎস হলো ওয়াহি, অর্থাৎ কোরআন ও সুন্নাহ।

হালাল-হারাম বলতে প্রথমে আসে খাদ্য ও পানীয়র কথা। কোরআন মজিদে আল্লাহ তাআলা বলেন, 'হে মানবজাতি! পৃথিবীতে যা কিছু হালাল ও পবিত্র খাদ্যবস্তু রয়েছে, তা থেকে তোমরা আহার করো এবং শয়তানের পদাঙ্ক অনুসরণ কোরো না; নিশ্চয় সে তোমাদের প্রকাশ্য শত্রু।' (সুরা-২ বাকারা, আয়াত: ১৬৮)।

'আল্লাহ তোমাদের যে হালাল ও উৎকৃষ্ট জীবিকা দিয়েছেন, তা গ্রহণ করো এবং আল্লাহর ভয়ে অনুশোচনা করো, যার প্রতি তোমরা বিশ্বাসী।' (সুরা-৫ মায়েদা, আয়াত: ৮৮)।

'তোমরা যুদ্ধে যা লাভ করেছ, তা হালাল ও উত্তম হিসেবে উপভোগ করো এবং আল্লাহকে ভয় করো; এরপর ২৮ পৃষ্ঠায়

## হেদায়েতের শুরু কেন এত কঠিন

ইসমত আরা

হেদায়েতের পথে হাঁটা প্রথম দিকে বড় কঠিন মনে হয়। কারণ, এ পথ মসৃণ নয়; বরং কণ্টকাকীর্ণ। এ পথে থাকে হাজারো চেনা-অচেনা বিপদ। নিজের নফস, শয়তানের কুমন্ত্রণা, কাছের ও দূরের মানুষের তাচ্ছিল্য, রাগ, বিরক্তি, উপেক্ষা-সবকিছুই এখানে জড়িয়ে থাকে। যখন নিজের স্বজনেরা হেদায়েতের পথ থেকে বহু দূরে থাকে, কোনো কথা শুনতে চায় না বা বুঝতে চায় না এবং উল্টো তাদের কাছ থেকে পাওয়া যায় উপেক্ষা ও তিরস্কার, তখন কষ্ট আরও গভীর হয়।

হেদায়েতের পথে প্রধান সমস্যা

হেদায়েতের পথে চলতে গিয়ে একজন মুসলিমকে প্রাথমিকভাবে যে চ্যালেঞ্জগুলোর সম্মুখীন হতে হয়:

১. অভ্যস্ত জীবনধারা ও নফসের বাধা: মানুষ তার পুরোনো অভ্যাস ও দৈনন্দিন জীবনধারার সঙ্গে এতটাই অভ্যস্ত হয় যে হঠাৎ নতুন পথ অনুসরণ করা তার জন্য মানসিক ও শারীরিকভাবে কঠিন মনে হয়। যেমন সময়মতো নামাজ পড়া, বিশেষ করে ফজরের জন্য ঘুম থেকে জাগতে পারা অনেক চ্যালেঞ্জিং মনে হয়। নফস বারবার ভালো কাজে বাধা দিতে থাকে এবং বলে, 'আচ্ছা কাল থেকে শুরু করব।' এরপর ২৮ পৃষ্ঠায়



## আল্লাহর পক্ষ থেকে নবীজির প্রতি বিশেষ হেদায়েত



মনযূরুল হক

পবিত্র কোরআনে এমন বহু আয়াত রয়েছে যা নবীজির (সা.) প্রতি আল্লাহর 'বিশেষ' হেদায়েতের নেয়ামতকে প্রতিষ্ঠিত করে। এই হেদায়েতই ছিল তাঁর রিসালাতের মূল ভিত্তি এবং আল্লাহর অফুরন্ত অনুগ্রহের মুকুটস্বরূপ।

এই প্রবন্ধে, আমরা কোরআনের তেমন দুটি আয়াত পর্যালোচনা করব, যা এই মহৎ দিকটি তুলে ধরেছে।

১. সিরাতে মুস্তাকিমের প্রতি নির্দেশনা

আল্লাহ তায়ালা বলেন, "বলুন, নিশ্চয় আমার প্রতিপালক আমাকে সরল পথ তথা একটি সুপ্রতিষ্ঠিত ধর্মের প্রতি পথনির্দেশ করেছেনভ়তা ইবরাহিমের আদর্শ, সে ছিল একনিষ্ঠ এবং সে মুশরিকদের অন্তর্ভুক্ত ছিল না'।" (সুরা আনআম, আয়াত: ১৬১)।

এই আয়াতে আল্লাহ তায়ালা তাঁর নবীজিকে (সা.) নির্দেশ দিচ্ছেন যেন তিনি তাঁর সম্প্রদায় এবং কিয়ামত পর্যন্ত আগত সকল মানুষকে সম্বোধন করে বলেন যে তিনি আল্লাহর পক্ষ থেকে এক সরল পথ বা সিরাতে মুস্তাকিমের প্রতি হেদায়েত পেয়েছেন।

রশিদ রিদা এই আয়াতের ব্যাখ্যায় বলেন, "হে রাসুল (সা.), আপনি আপনার সম্প্রদায় ও দাওয়াতের অন্তর্ভুক্ত সকল মানুষকে বলুন যে, আল্লাহ তায়ালা এই সুরা এবং অন্যান্য সুরার মাধ্যমে যা কিছু আমার প্রতি ওহি করেছেন, তাঁর সেই বিশেষ অনুগ্রহ ও নির্বাচনের মাধ্যমে তিনি আমাকে এমন এক সরল পথে পৌঁছিয়ে দিয়েছেন, যে পথের পথিক দুনিয়া ও আখিরাতের উভয় জাহানের সৌভাগ্য লাভ করে। এতে কোনো প্রতিবন্ধকতা নেই বা বিলম্বের সুযোগ নেই, কেননা এ পথে কোনো বক্রতা বা অস্পষ্টতা নেই।" এরপর ৩৮ পৃষ্ঠায়



## মানবিকতার ধর্ম ইসলাম

আজকাল ধর্ম ডেস্ক

ইসলাম অর্থ-বিত্ত কুক্ষিগত করে না রেখে প্রাণ খুলে অভাবীদের মধ্যে বিলিয়ে দিতে বলে। দানে-বিসর্জনে গরিব-দুঃখী ও অসহায়ের পাশে দাঁড়ানোর প্রতি উৎসাহিত করে। কাড়ি কাড়ি ধন-সম্পদ সঞ্চয়ের তরল আমন্ত্রণ, সে তো বেঈমানদের পাতা ফাঁদ। দানে অভাবের ভয় ও সম্পদের অট্টালিকা গড়ে তোলার ঘৃণ্য নেশা নিঃসন্দেহে অভিশপ্ত শয়তানের কুমন্ত্রণা। আল্লাহতায়ালা বলেন, 'শয়তান তোমাদেরকে দারিদ্র্যের ভয় দেখায় এবং অশ্লীলতার আদেশ করে, আর আল্লাহ তোমাদেরকে স্বীয় মাগফিরাত ও অনুগ্রহের প্রতিশ্রুতি দেন। আল্লাহ অতি প্রাচুর্যময়, সর্বজ্ঞ।' (সুরা বাকারা : ২৬৮)। বেদনার কথা হলো, দেশি-বিদেশি বিত্তশালী ধনী মুসলমানদের অর্থ-কড়ি সঞ্চিত হয় আমাদের দাগি শত্রু ইহুদি-খ্রিস্টানদের ব্যাংকে। সুদের রক্তচোষা সেই বেঈমানরা নিজেদের ইচ্ছেমতো তা নিয়ন্ত্রণ ও বিনিয়োগ করে। ফলে মানবসেবার খোলসে তা ছড়িয়ে পড়ে মুসলিম গরিব রাষ্ট্রগুলোর অজপাড়াগাঁ পর্যন্ত। মানবতার ফেরিওয়ালা ও জনদরদীর এরপর ২৮ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City ডিসেম্বর ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| 19 | 5:53 | 7:16 | 11:53 | 2:13 | 4:31 | 5:53 |
| 20 | 5:54 | 7:16 | 11:54 | 2:14 | 4:31 | 5:54 |
| 21 | 5:54 | 7:17 | 11:54 | 2:14 | 4:32 | 5:54 |
| 22 | 5:55 | 7:17 | 11:55 | 2:15 | 4:32 | 5:55 |
| 23 | 5:55 | 7:18 | 11:55 | 2:15 | 4:33 | 5:55 |
| 24 | 5:56 | 7:18 | 11:56 | 2:16 | 4:34 | 5:56 |
| 25 | 5:56 | 7:18 | 11:56 | 2:17 | 4:34 | 5:56 |

source: salahtimes.com

# Brad Lander announces run for Congress in New York's 10th District

Continued on page 19

Wednesday night, Lander said he "will fight not fold" and embraced what he called "Mr. Rogers' energy."

"Yeah, it's a Mr. Rogers that stands up, fights ICE and fights Trump and fights Musk and kleptocrats, and fights AIPAC and says this is our neighborhood," Lander said.

J.C. Polanco, a law professor at the University of Mount Saint Vincent in Bronx, says progressives see this as their moment to grab the brass ring of power.

"The fact is this squad is very loud on social media. That congressional delegation, these four, if they were to win, they will just make the squad larger. And one of the dangers of having a larger squad is that you're going to have a situation in Washington where socialists are gonna have a bigger voice and they're gonna be tied to the Democratic Party, which is gonna hurt the Democrats in national elections," Polanco said.

Lander and Goldman taking on immigration enforcement

Lander ran for mayor earlier this year and gained national attention when he was arrested while observing immigration court at 26 Federal Plaza. He was released hours later, and the charges were dropped. He has since returned to observe court several times.

"While the oligarchy drives an affordability crisis, they shouldn't be able to buy a seat in Congress. While our neighbors are being demonized and attacked, we can put our bodies on the line to protect them," Lander said in his campaign video. "New York is for everyone."

# Miami elects Demcratic Mayor in 28 years

Continued on page 18

nomination for president.

Though Trump won Miami-Dade County by 11 points in November, he narrowly lost Miami, a city of half a million people that has a slightly higher number of registered Democrats than Republicans.

The circumstances of the race were also unusual, given that Miami hasn't seen a runoff since 2001. Ahead of the runoff, top Republicans were already working to temper expectations. Republican Party of Florida Chair Evan Power called it "Fool's gold" for Democrats to claim momentum or victory in Florida, dismissing Miami as a place that "leans D." On Tuesday night, he pointed to GOP victories in a special election race for the state Senate and noted Miami still had a majority on the city commission.

Miami-Dade County Chair Kevin Cooper said Democrats were "making a mountain out of a molehill." "They are going to try to read something into this that it's not," he said. "It's not a rebuke of the president or the party. Democratic city elects Democratic mayor."

Still, Higgins' victory marks a blow to the GOP, as Miami voters have sent Republicans to City Hall for nearly three decades. Miami-Dade County is also led by Mayor Daniella Levine Cava, a registered Democrat also in a nonpartisan job, who easily advanced to reelection in 2024 without needing to go to a runoff. Other county-wide races saw defeat across the board for Democrats in 2024, after Trump got involved in endorsements.

The expectation that Higgins might win caught the attention of top Democrats across the state and nationwide, who traveled to the Magic City over the weekend to help get out the vote.

The Democratic National Committee sent in volunteers, and on Monday she was joined for a canvassing event by Rahm Emanuel, a former Obama chief of staff, Chicago mayor and Ambassador to Japan who's weighing a run for president in 2028. Among the visitors to Miami this weekend were Democratic Sen. Ruben Gallego, as well as Democratic gubernatorial candidates former Rep. David Jolly and Orange County Mayor Jerry Demings.

# ইমিগ্রান্টস ইন্টারন্যাশনালের মতবিনিময় সভা

৩ পৃষ্ঠার পর

ইন্টারন্যাশনালের এক্সিকিউটিভ ডাইরেক্টর তরিকুল ইসলাম মিঠু আলোচনায় যোগ দিয়ে কমিউনিটির চলমান সমস্যাগুলো তুলে ধরেন এবং কীভাবে সম্মিলিতভাবে সমাধান খুঁজে পাওয়া যায় তা ব্যাখ্যা করেন। মূল আয়োজক কুলিন্স কিংস্ন ইয়ুথ ফোরাম ইউএসএ এর পক্ষ থেকে রিয়াদ আহমেদ অতিথিদের প্রতি শুভেচ্ছা ও কৃতজ্ঞতা জানান। তিনি বলেন, অভিবাসী কমিউনিটির ভবিষ্যৎ আরও শক্তিশালী করতে এমন সচেতনতা সভা নিয়মিত হওয়া জরুরি। পুরো অনুষ্ঠানজুড়ে ছিল উষ্ণ আলোচনার পরিবেশ, নতুন সংযোগ তৈরির সুযোগ, আর অভিবাসী সমাজকে আরও সুসংগঠিত করার অঙ্গীকার।

# হাদির প্রাণনাশের চেষ্টা : ভয়াবহ ষড়যন্ত্রের ইঙ্গিত

১২ পৃষ্ঠার পর

স্বাধীনতা ও সার্বভৌমত্বের প্রশ্নে আপসহীন। সে কারণেই তারা প্রাতঃস্মরণীয়। হাদি আরও বলেছেন, সমালোচনা করতে গিয়ে বিএনপিকে কোণঠাসা করা যাবে না। বিএনপিকে কোণঠাসা করলে জাতীয়তাবাদী শক্তি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হবে। হাদির এ প্রাগম্যাটিক অবস্থান প্রশংসনীয়। হাদি আরও মনে করেন বাংলাদেশের বিদ্যমান সংবিধান ছুড়ে ফেলতে হবে অথবা আগাগোড়া এর সংস্কার সাধন করতে হবে। তার নিজের যুক্তিকে শক্তিশালী করার জন্য তিনি ৭২-এর সংবিধান নিয়ে খালেদা জিয়ার একটি উদ্ধৃতি প্রদান করেন। এ উদ্ধৃতিতে খালেদা জিয়া বলেছেন, এ সংবিধান ছুড়ে ফেলে দিতে হবে। তাহলে হাদির দোষটা কী?

গত শুক্রবার দুপুরে জুমার নামাজের পর রাজধানীর পল্টন বিজয়নগর এলাকায় নির্বাচনি প্রচারে থাকা অবস্থায় অতর্কিত এ হামলায় তিনি গুরুতর আহত হন। গুলি তার বাম চোয়াল ভেদ করে মস্তিষ্কের সংবেদনশীল অংশে প্রবেশ করায় প্রথমে তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে লাইফ সাপোর্ট দিয়ে জরুরি ভিত্তিতে জটিল অস্ত্রোপচার করা হয়। পরে পরিবারের সিদ্ধান্তে গত শুক্রবার রাত পৌনে ৭টার দিকে তাকে এভারকেয়ার হাসপাতালে স্থানান্তর করা হয়েছে। হাদির বিরুদ্ধে হামলায় ক্ষোভে উত্তাল হয়ে ওঠে দেশ। প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস এ ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে দ্রুত ও ব্যাপক তদন্ত এবং দোষীদের কঠোর শাস্তির নির্দেশ দেন। বিএনপি, জামায়াতসহ বিভিন্ন রাজনৈতিক দল ও ছাত্র সংগঠন এ হামলার তীব্র নিন্দা জানিয়েছে এবং অবিলম্বে নির্বাচনি পরিবেশ নিশ্চিত করার দাবি জানিয়েছে। আশ্চর্যের বিষয় হলো, ওসমান হাদির ওপর গুলি ছোড়া দুই ব্যক্তি শুক্রবার দুপুরে মতিঝিলের ওয়াপদা মাদ্রাসা এলাকায় তার সঙ্গেই মাত্র পরে জনসংযোগে অংশ নিয়েছিল। হামলাকারী দুই বাইক আরোহীর পোশাকের সঙ্গে জনসংযোগে অংশ নেওয়া ওই দুই ব্যক্তির পোশাকের মিল রয়েছে।

তদন্তসংশ্লিষ্ট সূত্রের দাবি, কয়েক মাস ধরে পরিকল্পনা করে হামলাটি চালানো হয় এবং উদ্দেশ্য ছিল দেশে বড় ধরনের অস্থিতিশীলতা তৈরি করা; হামলার পরপরই পালানোর রুটও কার্যকর করা হয়। পুলিশ সূত্র জানিয়েছে, ঘটনায় জড়িত হিসাবে তোমবার পর্যন্ত তিনজনকে শনাক্ত করা গেছে। তাদের মধ্যে মোটরসাইকেলের পেছনে বসে গুলি চালান ছাত্রলীগের নেতা ফয়সাল করিম মাসুদ ওরফে রাহুল, চালক ছিলেন আলমগীর শেখ। ঘটনার আগে হাদিকে রেকি করার সময় এ দুজনের সঙ্গে আরও একজন ছিলেন। তার নাম রুবেল। তিনি আদাবর থানার স্বেচ্ছাসেবক লীগের কর্মী বলে জানা গেছে। হাদির বিভিন্ন গণসংযোগে এ তিনজনের একসঙ্গে থাকার ছবিও পেয়েছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী। ওই ছবি ইতোমধ্যে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়েছে। এ তিনজনই আওয়ামী লীগসংশ্লিষ্ট রাজনীতির সঙ্গে যুক্ত বলে পুলিশ জানিয়েছে।

তদন্তসংশ্লিষ্ট একটি সূত্র মনে করছে, হাদিকে হত্যার উদ্দেশ্যে কয়েক মাস ধরে ছক করা হচ্ছিল। অন্তত দুমাস ধরে শনাক্ত হওয়া ব্যক্তিরা তাকে অনুসরণ করেছে। তফসিল ঘোষণার পরদিন তাকে হত্যার মধ্য দিয়ে দেশে অস্থিতিশীল পরিস্থিতি তৈরি করা ছিল অন্যতম লক্ষ্য। এ ঘটনার দিন রাতে রাজধানীর বাড্ডায় বাসে আগুন ও কয়েকটি স্থানে ককটেল বিস্ফোরণ এবং লক্ষ্মীপুরে নির্বাচন অফিসে আগুন দেয় দুর্বৃত্তরা। এসব ঘটনার মধ্যে যোগসূত্র রয়েছে বলে ধারণা করা হচ্ছে।

হাদির প্রাণনাশের চেষ্টা থেকে কিছু সাবধানবাণী উচ্চারণ করা যায়। নির্বাচনি প্রচারণায় যদি অচেনা কেউ যোগ দেয় এবং তাদের সঙ্গে যদি আওয়ামী লীগের সম্পর্ক রয়েছে বলে সন্দেহ করা হয়, তাহলে এদের ধারেকাছেও ঘেঁষতে দেওয়া উচিত হবে না। অনেক প্রার্থী হয়তো মনে করতে পারেন, আওয়ামী লীগ যেহেতু নির্বাচন করতে পারছে না, সেহেতু তাদের লোকজনদের নির্বাচনি প্রচার মিছিলে অংশ নিতে দিয়ে আওয়ামী লীগ সমর্থক ভোট টানা যেতে পারে। হাদির ঘটনার পর এ কথা নিশ্চিতভাবে বলা যায়, আওয়ামী ফ্যাসিস্টদের নির্বাচনি মিছিলে অথবা জনসংযোগে অংশগ্রহণ করতে দেওয়া হবে ভয়ানক আত্মঘাতী। এরা আসলে ট্রয়ের ঘোড়ার মতো দুর্গে প্রবেশ করে দুর্গ দখলের কৌশল নিয়েছে। এরা যতই মিষ্টিমধুর কথা বলুক না কেন, এদের কোনো মতেই বিশ্বাস করা যাবে না।

ষড়যন্ত্র যেভাবে পাকিয়ে উঠেছে, তাতে ধারণা করা যায়, সামনের দিনগুলোতে আরও গুপ্তহত্যার চেষ্টা করা হবে। সুতরাং একদিকে যেমন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অত্যন্ত সজাগ ও তৎপর থাকতে হবে, অন্যদিকে সারা দেশে ফ্যাসিবাদবিরোধী রাজনৈতিক দলগুলোর প্রত্যেকটি কর্মী ও সমর্থককে খুবই হুঁশিয়ার থাকতে হবে। সর্বদা চোখ-কান খোলা রাখতে হবে। জনপাহারার চেয়ে উত্তম প্রতিরক্ষা আর কিছু হতে পারে না।

হাদির ওপর প্রাণঘাতী হামলার পর আমরা লক্ষ করেছি, ফ্যাসিবাদবিরোধী রাজনৈতিক দলগুলো পরস্পর দোষারোপের রাজনীতি শুরু করেছে। এ প্রবণতা হয়তো ভোটের মাঠে অতিরিক্ত সুবিধা পাওয়ার জন্য সৃষ্টি হচ্ছে। এমন প্রবণতা শুধু বিপর্যয় ডেকে আনবে, কোনো লাভ বয়ে আনবে না। এভাবে দোষারোপের রাজনীতির চর্চা করলে লাভবান হবে ভারতীয় আধিপত্যবাদ এবং তার দোসর ফ্যাসিস্ট আওয়ামী লীগ। শরিফ ওসমান হাদিকে উন্নততর চিকিৎসার জন্য এয়ার অ্যাম্বুলেন্সে সিঙ্গাপুর নেওয়া হয়েছে এবং সেখানে তাকে সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। এয়ার অ্যাম্বুলেন্সে হাদির রক্তচাপ কমে গিয়েছিল, কিন্তু পরে ঠিক হয়ে যায়। সরকার হাদির চিকিৎসার সব ব্যয়ভার গ্রহণ করেছে। মহান আল্লাহ সোবহানাহুতায়ালার কাছে আকুল প্রার্থনা, আল্লাহ যেন তাকে আমাদের কাছে সহিসালামতে ফেরত নিয়ে আসেন। আল্লাহর কুদরতের শেষ নেই।

ড. মাহবুব উল্লাহ : শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।

# একটা অসভ্যতা একশো অসভ্যতার জন্ম দেয়

৫ পৃষ্ঠার পর

মানুষ মানুষের প্রতি হবে আরো নিষ্ঠুর, নির্মম। মানুষের এক চোখ কাঁদবে, অন্য চোখে থাকবে হাসি।

কান্না হাসির করুণ দেশে কুকুরেরা নিরাপদবোধ করবে না, মানুষ দেখলেই তারা পা লুকিয়ে রাখবে। তা কী মানবজীবনের সার্থকতা হবে?

(আফজাল হোসেনের ওয়াল থেকে নেয়া)

আফজাল হোসেন: নাট্যকার, লেখক, শিল্পী ও সমাজ সেবক।

# কুইন্স পাবলিক লাইব্রেরিতে লেখকের অঙ্গন'র গ্রন্থালোচনা অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

চিত্র তুলে ধরেন।

রুশীদ কবীরের 'প্রথম প্রেম': নিয়ে অসাধারণ আলোচনা করেন আলোচক কাউসারী মালিক। এই বইয়ের প্রতিটি আলোচনা ছিল চমৎকার যেমন কলিজের ভালোবাসা বা প্রেম।

কবি ও সাহিত্যিক এ বি এম সালেহউদ্দিন আহমেদ হক'র 'উপলক্ষের লেখা': নিয়ে প্রাণবন্ত আলোচনা করেন। তিনি বলেন, আহমেদ হক অনেক কবি, লেখককে নানাভাবে সহযোগিতা করেছেন।

অধ্যাপক হুসনে আরা'র প্রাণবন্ত আলোচনায় আসে 'নারী ৭১: নির্যাতিত ও প্রত্যক্ষদর্শী সাক্ষাৎকার, সম্পাদনায় হাশেমুর রহমান। এখানে একাত্তরের বীরাঙ্গনাদের আত্মকথনের নানাদিক তুলে ধরেছেন। বিনয় ঘোষের বই 'বাদশাহী আমল' নিয়ে আলোচনা করেন রবিউল হাসান। এখানে বাদশাহী আমলে জমির মালিকানা না থাকায় ভবিষ্যতের কথা চিন্তা করে এদেশের মানুষ কিভাবে স্বর্ণের প্রতি ঝুঁকে তার চমৎকার চিত্র পাওয়া যায়।

সর্বশেষ আলোচক বিশিষ্ট লেখক ও সাহিত্যিক আহমেদ মাহফুজ আলোচনা করেন আশরাফ আহমেদের ভ্রমণ সাহিত্য বা ব্যক্তিগত রচনা বই 'রোমান সাম্রাজ্যের বর্তমান ও অতীত'- নিয়ে। এখানে ইতালিসহ কয়েকটি দেশের নানা বিষয় চমৎকারভাবে বর্ণনা করা হয়েছে।

আলোচনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট কবি ও লেখক শামস আল মমিন, আবেদীন কাদের, আরিফ মাহমুদ শৈবাল প্রমুখ। পরিশেষে পরিচালক নীরা কাদরী কুইন্স পাবলিক লাইব্রেরির সহকারী ম্যানেজার সেলিনা শারমিন, লাইব্রেরি কর্তৃপক্ষ এবং উপস্থিত গ্রন্থালোচকদের ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

# ফলমূল বা শাকসবজির পুষ্টি কি সত্যিই আমাদের কাজে আসে না

২০ পৃষ্ঠার পর

দেহের অভ্যন্তরে প্রদাহ হবে। বাড়বে দীর্ঘমেয়াদি বহু রোগের ঝুঁকিও। এমনকি ত্বকের কোলাজেন নামক আমিষ তৈরিই হবে না ভিটামিন সি না পেলে।

ভিটামিন বি কমপ্লেক্সের মধ্যে কেবল ভিটামিন বি১২ ছাড়া সবই পাবেন উদ্ভিজ্জ খাবারে। নানান রকম উদ্ভিজ্জ খাবার খেলে বিভিন্ন খনিজ উপাদানও পেয়ে যাবেন।

কতটা কাজে আসে

উদ্ভিজ্জ খাবার থেকে একমাত্র আয়রন ছাড়া বাকি সব পুষ্টি উপাদানই সঠিকভাবে শোষণ হয় আমাদের দেহে। উদ্ভিজ্জ আয়রন ভালোভাবে শোষণের জন্য প্রয়োজন হয় ভিটামিন সি। তবে রান্না করা খাবার থেকে ভিটামিন সি পাবেন না। অর্থাৎ আপনি যদি টক ফলের আচার বা চাটনি খান, তা থেকে ভিটামিন সি মিলবে না।

কাঁচা ফলমূল, সবজি বা পাতা থেকে বিভিন্ন ধরনের ভিটামিন বি পাবেন। এসব খাবার রান্না করা হলে আবার এগুলো ভিটামিন বি পাবেন না। কারণ, ভিটামিন বি পানিতে দ্রবণীয়। রান্নার প্রক্রিয়ায় পানি ফেলে দিলে কিংবা খাবার না ঢেকে রান্না করা হলে তা থেকে ভিটামিন বি হারিয়ে যায় অনেকটাই।

তাই কাঁচা সালাদ খুব গুরুত্বপূর্ণ। আর উদ্ভিজ্জ খাবার থেকে পাওয়া অন্যান্য সব পুষ্টি উপাদানই আমাদের দেহের কাজে আসে ঠিকঠাক।

ভয় যখন অ্যান্টিনিউট্রিয়েন্ট

অ্যান্টিনিউট্রিয়েন্ট হলো খাবারে থাকা এমন সব উপাদান, যা বিভিন্ন খাবারের পুষ্টি উপাদান শোষণে বাধা দেয়। এটা ঠিক যে বিভিন্ন উদ্ভিজ্জ খাবারে এ ধরনের কিছু অ্যান্টিনিউট্রিয়েন্ট থাকে। তবে এগুলোর পরিমাণ খুবই কম।

তাই কোনো একটি নির্দিষ্ট খাবার অনেক বেশি না খেলে অ্যান্টিনিউট্রিয়েন্টের নেতিবাচক প্রভাব সচরাচর আমাদের ওপর পড়ে না।

আর সুস্থ থাকতে কেবল একটি উদ্ভিজ্জ খাবার নয়, বরং নানান রকম উদ্ভিজ্জ খাবার গ্রহণের পরামর্শ দেওয়া হয়। সারা দিনে বিভিন্ন উদ্ভিজ্জ খাবারের সংমিশ্রণ করা হলে কোনো একটির পরিমাণ খুব বেশি হয়ে যাওয়ার আশঙ্কা থাকে না। তাই অ্যান্টিনিউট্রিয়েন্টের ক্ষতিকর প্রভাব আরও কমে যায়।

মানুষের দাঁত ও পরিপাকতন্ত্রের সব অংশ এমনভাবে গঠিত, যাতে মানুষ উদ্ভিজ্জ ও প্রাণিজ—সব ধরনের খাবারই গ্রহণ করতে পারে। সুস্থতার জন্য উদ্ভিজ্জ খাবার আপনাকে খেতেই হবে।

পর্যাপ্ত আঁশ, ভিটামিন সি বা ফোলেটের মতো উপাদানের জন্য উদ্ভিজ্জ খাবার গ্রহণ করা আবশ্যক। এর কোনো বিকল্প নেই।

অন্যদিকে প্রাণিজ খাবার আমাদের প্রয়োজন হলেও তা একটি নির্দিষ্ট সীমার মধ্যে রাখা উচিত। অনেক প্রাণিজ খাবারেই ক্ষতিকর চর্বি থাকে, যা স্বাস্থ্যঝুঁকির কারণ। এ ছাড়া অতিরিক্ত আমিষও ক্ষতিকর।

মাংস বা কলিজা অতিরিক্ত খেলে ইউরিক অ্যাসিডের মাত্রা বাড়তে পারে। লাল মাংস এবং প্রক্রিয়াজাত মাংস বেশি খেলে বাড়তে পারে ক্যানসারের ঝুঁকিও।

প্রাণিজ খাবার খেলেও সুস্থ থাকতে উদ্ভিজ্জ খাবারের পরিমাণটাই হতে হবে বেশি। প্রকৃতি ও পরিবেশের ভারসাম্য রক্ষার জন্যও অতিরিক্ত প্রাণিজ খাবার এড়িয়ে চলা উচিত। কেউ চাইলে প্রাণিজ খাবারের বিকল্প খুঁজে নিতে পারেন সহজে, যাতে পুষ্টিও মিলবে ঠিকঠাক।

লেখক : টাঙ্গাইলের কুমুদিনী সরকারি কলেজের গার্হস্থ্য অর্থনীতি বিভাগের প্রধান অধ্যাপক।

# খাবার সংরক্ষণে অ্যালুমিনিয়াম ফয়েলের ব্যবহার কেন এত বিপজ্জনক

২০ পৃষ্ঠার পর

করা খাবার গরমগরম পরিবেশন করতে ফয়েল ব্যবহার করি। এতে খাবার গরম থাকে ঠিকই। কিন্তু আখেরে স্বাস্থ্যের উপকারের চেয়ে অপকারই হয় বেশি।

অ্যালুমিনিয়াম ফয়েল সাধারণত প্লাস্টিক র‍্যাপ ও কোটেড ওয়াক্স পেপারের চেয়ে বেশি তাপ ধারণ করে। এতে খাদ্যদ্রব্য দ্রুত পচে যেতে পারে।

অনেক সময় খাবার পুরোপুরি ঠান্ডা হওয়ার আগেই ফয়েল দিয়ে ঢাকা হয়। এ ক্ষেত্রে খাবারে ১০৪ থেকে ১৪০ ডিগ্রি সেন্টিগ্রেড তাপমাত্রা বজায় থাকে। এতে ব্যাকটেরিয়ার দ্রুত বংশবিস্তার ঘটে। ফয়েল যদি ব্যবহার করতেই হয়, তাহলে শুধু ঠান্ডা খাবার মুড়িয়ে রাখার জন্য ব্যবহার করাই নিরাপদ।

ফয়েল ব্যবহারে বটুলিজম হতে পারে

গবেষকেরা অ্যালুমিনিয়াম ফয়েলে মোড়ানো বেকড পটেটো থেকে খাবারে 'বটুলিজম' নামক বিষক্রিয়া সৃষ্টি হওয়ার প্রমাণ পেয়েছেন। ক্লসট্রিডিয়াম বটুলিনাম নামক জীবাণুর দেহ থেকে যে বিষাক্ত পদার্থ নিঃসৃত হয়, তা আমাদের কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রকে ক্ষতিগ্রস্ত করে। এতে মৃত্যুও হতে পারে।

খোসাসহ আলু কখনোই ফয়েলে মুড়িয়ে রাখা উচিত নয়। আলু ফয়েলে মোড়ালে অক্সিজেন পায় না। ক্ষতিকর ব্যাকটেরিয়াগুলো এটিই চায়। আলুর খোসায় ময়লা থাকবেই। রান্না করার আগে ধুয়ে নিলেও থাকবে।

তাই খোসাসহ আলু বেক করা যাবে না। কারণ, খোসায় ময়লা এবং ব্যাকটেরিয়া বাসা বাঁধে। তবে রান্না করার সঙ্গে সঙ্গে খেয়ে ফেললে খোসাসহ আলু নিরাপদ।

বটুলিজম পুরোনো আলুতে বেশি হওয়ার আশঙ্কা থাকে। ফ্রিজে দীর্ঘদিন আলু রেখে দিলে তাতে বটুলিজম হওয়ার ঝুঁকি সদ্য রান্না করা আলুর চেয়ে বেশি। কারণ, সময়ের সঙ্গে সঙ্গে ব্যাকটেরিয়ার সংখ্যা বাড়ে। সঠিক তাপমাত্রায় আলু সংরক্ষণ করলে এই প্রক্রিয়া ধীর হয়ে আসে। কিন্তু ফয়েলে মুড়িয়ে রাখলে আরও দ্রুততর হয়।

খাদ্যে অ্যালুমিনিয়াম ঢুকে পড়তে পারে

অম্লজাতীয় খাবার, যেমন টমেটো সস অ্যালুমিনিয়াম ফয়েলকে ক্ষয় করে। ফলে খাবারে অ্যালুমিনিয়াম ঢুকে পড়তে পারে। অ্যালুমিনিয়াম স্নায়ুতন্ত্রের জন্য ক্ষতিকর। খাদ্যের মাধ্যমে এই ধাতু মস্তিষ্ক এবং স্নায়ুতন্ত্রে জমে থাকতে পারে।

গবেষণায় দেখা গেছে, আলঝেইমার্স ডিজিজে আক্রান্ত ব্যক্তিদের মস্তিষ্কে অ্যালুমিনিয়ামের পরিমাণ বেশি থাকে। তাই অ্যালুমিনিয়াম ফয়েলকে সরাসরি খাদ্যের সংস্পর্শে রাখা যাবে না। খাবার সংরক্ষণের জন্য কনটেইনার ব্যবহার করাই উত্তম।

বাড়তি খাবার ফয়েলে মুড়িয়ে রাখলে কী হতে পারে

খাদ্যে বিষক্রিয়া থেকে আপনি অসুস্থ হয়ে পড়তে পারেন। বিষয়টি কিছু কিছু ব্যক্তির জন্য বেশি ঝুঁকিপূর্ণ। যেমন পাঁচ বছরের কম বয়সী শিশু, অন্তঃসত্ত্বা নারী, দুর্বল রোগ প্রতিরোধক্ষমতাসম্পন্ন ব্যক্তি ইত্যাদি।

তবে কিছু সময়ের জন্য ফয়েল ব্যবহার করা যেতে পারে। যেমন বাসা থেকে কোনো পিকনিক স্পটে কিছু স্যান্ডউইচ মুড়িয়ে নেওয়ার জন্য ফয়েল ব্যবহার করা যায়। ফয়েলে মুড়িয়ে দীর্ঘদিন খাদ্যদ্রব্য রেখে দেওয়া যাবে না—এটিই হলো আসল কথা।

কীভাবে খাবার সংরক্ষণ করা নিরাপদ

যুক্তরাষ্ট্রের ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশনের (এফডিএ) মতে, বায়ুরোধী পাত্র কিংবা সিল করা স্টোরেজ ব্যাগে খাবার সংরক্ষণ করা সবচেয়ে নিরাপদ। বেশির ভাগ রান্না করা খাবার সংরক্ষণের ক্ষেত্রেই এসব পদ্ধতি কার্যকর। এতে খাবার দ্রুত পচে না।

অবশ্য এ ক্ষেত্রে ব্যতিক্রম আছে। কাঁচা সবজি, গোল আলু, মিষ্টি আলু, পেঁয়াজ, রসুন দিয়ে ঘরে তৈরি সস বা এজাতীয় খাবার বায়ুরোধী পাত্রে সংরক্ষণ করা যাবে না। অক্সিজেনের অভাবে ক্লসট্রিডিয়াম বটুলিনিয়াম দ্রুত জন্মে।

বিশেষজ্ঞদের মতে, সদ্য রান্না করা খাবার খাওয়ার আগে দুই ঘণ্টার বেশি ফ্রিজে রাখা উচিত নয়। ফ্রিজে স্বাভাবিক তাপমাত্রায় রাখা বেঁচে যাওয়া খাবার তিন-চার দিনের মধ্যে খেয়ে ফেলতে হবে। ফ্রোজেন খাবার ছয় মাসের বেশি রেখে দেওয়া অনুচিত।

সূত্রঃ রিডার্স ডাইজেস্ট

## হঠাৎ মুখ বেঁকে যাওয়ার সমস্যা বেলস পালসি কেন হয়, লক্ষণ ও চিকিৎসা

২০ পৃষ্ঠার পর

আইআরআর (ইনফ্রারেড থেরাপি): ব্যথা ও স্টিফনেস কমায়, রক্তসঞ্চালন বাড়ায়।
গরম সেঁক: দিনে ২-৩ বার। মুখে হালকা মালিশ। আয়নার সামনে দাঁড়িয়ে ফেসিয়াল রিট্রেনিং এক্সারসাইজ।
পিএনএফ ফেসিয়াল এক্সারসাইজ: হাতের সহায়তায় মুখের পেশি সক্রিয় করা, ভারসাম্য ফিরিয়ে আনা।
ইলেকট্রিক্যাল স্টিমুলেশন: শুধু বিশেষজ্ঞের নির্দেশে করতে হবে।

দৈনন্দিন জীবনে করণীয়

চোখের সুরক্ষা ও যত্ন, নরম খাবার গ্রহণ, ধীরে কথা বলা, দুর্বল পাশ ওপরে রেখে খাওয়া, স্ক্রিন টাইম কমানো। ডায়াবেটিস ও রক্তচাপ নিয়ন্ত্রণ, পর্যাপ্ত ঘুম, মানসিক চাপ কমানো, ঠান্ডা বাতাস এড়িয়ে চলা।

ডা. সাকিব আল নাহিয়ান, সহকারী অধ্যাপক, ফিজিক্যাল মেডিসিন বিভাগ, গ্রিন লাইফ মেডিকেল কলেজ, ঢাকা।

## সাংবাদিক নুরুল কবিরের ওপর হামলা

৬৪ পৃষ্ঠার পর

একদল লোক তাকে ঘিরে ফেলার চেষ্টা চালায়। কয়েকজনকে তার গায়ে হাত দিতেও দেখা যায়। পরে নুরুল কবীর ডেইলি স্টার ভবনে প্রবেশ করেন। ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদির মৃত্যুর সংবাদ ছড়িয়ে পড়লে একদল লোক শাহবাগ থেকে মিছিল নিয়ে কারওয়ান বাজারের দিকে অগ্রসর হয়। মিছিলটি প্রথম আলো কার্যালয়ের সামনে পৌঁছে ঘেরাও ও বিক্ষোভ শুরু করে। একপর্যায়ে বিক্ষুব্ধরা লাঠিসোঁটা নিয়ে প্রথম আলো কার্যালয়ে প্রবেশ করে ভাঙচুর শুরু করে। কার্যালয়ের বেশিরভাগ জানালার গ্লাস ভেঙে ফেলা হয়। ভেতরে প্রবেশ করে টেবিল-চেয়ার ও গুরুত্বপূর্ণ নথিপত্র বাইরে রাস্তায় বের করে নিয়ে আসে এবং সেগুলোতে আগুন ধরিয়ে দেয়। রাত সাড়ে ১২টার পর ডেইলি স্টার অফিসে ভাঙচুর চালানো হয়। ডেইলি স্টার ভবনের সামনে অগ্নিসংযোগ করে বিক্ষুব্ধরা। পরে ফায়ার সার্ভিস ও সেনাবাহিনীর সদস্যরা আগুন নিয়ন্ত্রণে কাজ শুরু করে। ডেইলি স্টারের প্রতিবেদক আহমেদ দীপ্ত সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে স্ট্যাটাস দিয়েছেন। তিনি লিখেছেন, 'এমন লেট নাইট ভিজিট যেন কারও জীবনে না আসুক। ছাদে আটকা পড়েছি, মাফ করিয়া দিয়েন। ভবনে আগুন দিছে, দেখা নাও হতে পারে।' ডেইলি স্টারের আরেকজন সাংবাদিক জানান, ভেতরে এখনো অনেক সংবাদকর্মী ও কর্মকর্তা আটকে আছেন।







## যুক্তরাষ্ট্রে আরও দেশের ওপর ভ্রমণ নিষেধাজ্ঞা

৩ পৃষ্ঠার পর

যুক্তরাষ্ট্রে প্রবেশে পুরোপুরি নিষিদ্ধ করা হবে এবং আরও নতুনটি দেশের নাগরিকদের ওপর কঠোর সীমাবদ্ধতা আরোপ করা হবে। এই সিদ্ধান্ত তার প্রথম মেয়াদের একটি গুরুত্বপূর্ণ নীতিকে আবারও কার্যকর করে। সেই সময় নিষেধাজ্ঞার আওতায় থাকা দেশগুলো হলো আফগানিস্তান, মিয়ানমার, চাদ, কঙ্গো প্রজাতন্ত্র, ইকুয়েটোরিয়াল গিনি, ইরিত্রিয়া, হাইতি, ইরান, লিবিয়া, সোমালিয়া, সুদান ও ইয়েমেন। পাশাপাশি বুরুন্ডি, কিউবা, লাওস, সিয়েরা লিওন, টোগো, তুর্কমেনিস্তান ও ভেনেজুয়েলার নাগরিকদের ওপর বাড়তি বিধিনিষেধ আরোপ করা হয়। মঙ্গলবার ফিলিস্তিনি প্রশাসন ঘোষণা দেয়, যেসব দেশের নাগরিকদের যুক্তরাষ্ট্রে প্রবেশে নিষিদ্ধ করা হয়েছে, সেই তালিকায় নতুন করে যুক্ত হচ্ছে বুরকিনা ফাসো, মালি, নাইজার, দক্ষিণ সুদান ও সিরিয়া। একই সঙ্গে ফিলিস্তিনি কর্তৃপক্ষের ইস্যু করা ভ্রমণ নথি বহনকারীদের ওপর সম্পূর্ণ নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে, যা ফিলিস্তিনিদের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের সর্বশেষ ভ্রমণ সীমাবদ্ধতা। উল্লেখ্য, দক্ষিণ সুদানের নাগরিকরা আগেই কঠোর বিধিনিষেধের মুখে ছিলেন। এছাড়া আরও ১৫টি দেশকে আংশিক নিষেধাজ্ঞার তালিকায় যুক্ত করা হয়েছে।

দেশগুলো হলো অ্যাঙ্গোলা, অ্যান্টিগুয়া ও বারবুডা, বেনিন, আইভরি কোস্ট, ডোমিনিকা, গ্যাবন, গাম্বিয়া, মালাউই, মৌরিতানিয়া, নাইজেরিয়া, সেনেগাল, তানজানিয়া, টোঙ্গা, জাম্বিয়া ও জিম্বাবুয়ে। এই নিষেধাজ্ঞাগুলো যুক্তরাষ্ট্রে ভ্রমণকারী পর্যটক ও সেখানে স্থায়ীভাবে বসবাস করতে ইচ্ছুক- উভয়ের ক্ষেত্রেই প্রযোজ্য হবে। প্রশাসনের দাবি, যেসব দেশের ওপর ভ্রমণ সীমাবদ্ধতা আরোপ করা হয়েছে, সেসব দেশে ব্যাপক দুর্নীতি, জাল বা অবিশ্বস্ত নাগরিক নথি এবং অপরাধ সংক্রান্ত রেকর্ডের ঘাটতি রয়েছে, যা যুক্তরাষ্ট্রে ভ্রমণের জন্য নাগরিকদের যথাযথভাবে যাচাই-বাছাই করা কঠিন করে তোলে। তারা আরও বলেছে, কিছু দেশে ভিসার মেয়াদ শেষ হওয়ার পরও থেকে যাওয়ার হার বেশি, কেউ কেউ যুক্তরাষ্ট্র থেকে ফেরত পাঠাতে চাওয়া নাগরিকদের গ্রহণ করতে অস্বীকৃতি জানায়, আবার কোথাও স্থিতিশীলতা ও সরকারি নিয়ন্ত্রণের অভাব রয়েছে। এসব কারণেও যাচাই প্রক্রিয়া জটিল হয়। পাশাপাশি অভিবাসন আইন প্রয়োগ, পররাষ্ট্রনীতি ও জাতীয় নিরাপত্তাজনিত উদ্বেগের কথাও উল্লেখ করা হয়েছে। হোয়াইট হাউসের কাছে ন্যাশনাল গার্ডের দুই সদস্যকে গুলির ঘটনায় অভিযুক্ত আফগান ব্যক্তি হত্যা ও হামলার অভিযোগে নিজেকে নির্দোষ দাবি করেছেন। ওই ঘটনার পর প্রশাসন অভিবাসন সংক্রান্ত একাধিক কড়াকড়ি ঘোষণা করে, যার মধ্যে আগেই নিষেধাজ্ঞার আওতায় থাকা ১৯টি দেশের নাগরিকদের জন্য যুক্তরাষ্ট্রের ভেতরে আরও সীমাবদ্ধতাও ছিল।

## ইসলামে হালাল ও হারামের গুরুত্ব

২৫ পৃষ্ঠার পর

আল্লাহ ক্ষমাশীল, পরম দয়ালু।' (সুরা-৮ আনফাল, আয়াত: ৬৯)।

'আল্লাহ তোমাদের হালাল ও পবিত্র যা দিয়েছেন, তা থেকে আহার করো এবং আল্লাহর অনুগ্রহের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করো, যদি তোমরা কেবল তাঁরই ইবাদত করো।' (সুরা-১৬, নাহল, আয়াত: ১১৪ ও ১১৬)।

প্রিয় নবীজি (সা.) বলেছেন, 'হারাম দ্বারা পুষ্ট দেহ জান্নাতে যেতে পারবে না।' (মুসনাদে আহমাদ) 'পবিত্র বস্তুর বাইরে আল্লাহ কোনো কিছু গ্রহণ করেন না।' (মুসলিম)।

মানুষ জীবনে যা কিছু ভোগ বা উপভোগ করে, সবই তার রিজিক। রিজিক হালাল বা পবিত্র ও বৈধ হওয়ার জন্য দুটি শর্ত রয়েছে। প্রথমত, বস্তু বা বিষয়টি হালাল, পবিত্র এবং অনুমোদিত হতে হবে। দ্বিতীয়ত, তা প্রাপ্তি বা অর্জনের পথ ও মাধ্যম হালাল বা বৈধ হতে হবে।

আল্লাহ তাআলা বলেন, 'হে মুমিনগণ! তোমরা হালাল ও উত্তম রিজিক আহার করো, যা আমি তোমাদের দিয়েছি।' (সুরা-২ বাকারা, আয়াত: ১৭২)।

হারাম বস্তু হালাল পন্থায় অর্জিত হলেও তা হালাল হবে না। অনুরূপভাবে হালাল বস্তুও যদি হারাম পন্থায় লাভ করা হয়, তা বৈধ বা হালাল হবে না।

যদি মনিব তার শ্রমিক-কর্মচারীকে ঠকায়, জুলুম ও অবিচার করে, তাহলে তার সম্পদ হালাল হবে না। শ্রমিক-কর্মচারী যদি তার মনিবকে ফাঁকি দেয় বা প্রতারণা করে, তার উপার্জনও হালাল হবে না।

ব্যবসায়ী যদি পণ্যে ভেজাল দেয়, ওজনে বা পরিমাণে কম দেয়, নকল পণ্য বিক্রি করে বা মিথ্যা ও প্রতারণার আশ্রয় নেয়, তার উপার্জন হালাল হবে না। ক্রেতাও যদি কোনোভাবে বিক্রেতার সঙ্গে প্রতারণা করে, তার রিজিকও হালাল হবে না। আল্লাহ তাআলা বলেন, 'ওই সব লোকদের জন্য রয়েছে দুর্ভোগ, যারা মানুষ থেকে গ্রহণ করার সময় ঠিকমতো নেয় এবং মানুষকে দেওয়ার সময় কম দেয়।' (সুরা-৮৩ মুতাফফিফিন, আয়াত: ১-২)।

প্রিয় নবীজি (সা.) বলেছেন, 'সত্যবাদী ও বিশ্বস্ত ব্যবসায়ী কিয়ামতের দিন নবী, সিদ্দিক ও শহীদদের সঙ্গে থাকবে।' (তিরমিজি ও ইবনে মাজাহ)।

**মুফতি মাওলানা শাঈখ মুহাম্মাদ উছমান গনী: যুগ্ম মহাসচিব, বাংলাদেশ জাতীয় ইমাম সমিতি; সহকারী অধ্যাপক, আহ্ছানিয়া ইনস্টিটিউট অব সুফিজম।**

## হেদায়েতের শুরু কেন এত কঠিন

২৫ পৃষ্ঠার পর

২. শয়তানের প্রভাব: রাসুল (সা.) বলেছেন, শয়তান চেষ্টা করবে মানুষকে ঈমান ও সঠিক পথে বাধাগ্রস্ত করতে। পথের শুরুতে এই বাধা সবচেয়ে বেশি প্রভাব ফেলে। কোনো গুনাহে জড়িয়ে পড়ার জন্য শয়তান বারবার ওয়াসওয়াসা দেবে। ফিসফিস করে বলবে, 'এটা তেমন কোনো গুনাহই নয়, সবাই কত গুনাহ করে!' অনেকে হেদায়েতের পথে শুরুতে তাৎক্ষণিক পরিবর্তন বা সাফল্য আশা করে। এতে বিষয়টি তার কাছে অনেক ভারী মনে হয়। কিন্তু বাস্তবে হেদায়েতের পথে অটল থাকার জন্য ধৈর্য ও দীর্ঘমেয়াদি পরিশ্রম একান্ত প্রয়োজন।

৩. ইচ্ছাশক্তির দুর্বলতা: মানুষের ইচ্ছাশক্তি শক্তিশালী না হলে নতুন কোনো নৈতিক বা আধ্যাত্মিক পথ গ্রহণ করা চ্যালেঞ্জিং হয়। তাই হেদায়েতের পথে চলার জন্য নিজের ক্ষতিকর অভ্যাসকে দূরে সরিয়ে ভালো অভ্যাস রপ্ত করার ইচ্ছাটিকে শক্তিশালী করতে হয়।

৪. পারিবারিক ও সামাজিক প্রভাব: পরিবার, বন্ধু বা সমাজ যদি সেই পথকে সমর্থন না করে বা বিদ্বেষ দেখায়, তবে শুরুটা আরও কঠিন হয়ে যায়। কাছের বন্ধু হয়তো বলল, 'ধুর! একটা সিগারেট খেলে আর কী হবে!' অথবা কাছের আত্মীয় হয়তো বলল, 'এক দিনই তো, আজ পর্দা না করলে কিছু হবে না।' কাছের মানুষের কাছ থেকে পাওয়া আঘাত সহ্য করা, দূরে থাকা মানুষের আঘাতের চেয়ে অনেক বেশি কঠিন ও কষ্টকর হয়।

৫. দ্রুত ফলাফলের আশা: অনেকে হেদায়েতের পথে শুরুতে তাৎক্ষণিক পরিবর্তন বা সাফল্য আশা করে। এতে বিষয়টি তার কাছে অনেক ভারী মনে হয়। কিন্তু বাস্তবে হেদায়েতের পথে অটল থাকার জন্য ধৈর্য ও দীর্ঘমেয়াদি পরিশ্রম একান্ত প্রয়োজন।

**নবীদের পরীক্ষা থেকে শিক্ষা :** সব কটি বাধা হয়তো সবার ক্ষেত্রে থাকে না, তবুও হেদায়েতের পথে অটল থাকার পথটা মোটেই মসৃণ নয়। এ সময়ে একটি বিষয় মাথায় গেঁথে নিতে হয়—এই কষ্ট শুধু আমাদের নয়, আল্লাহর প্রিয় রাসুল (সা.)কেও এ পথ পাড়ি দিতে বিভিন্ন ধরনের কষ্ট সহ্য করতে হয়েছে। তিনি নিপীড়িত, অপমানিত, রক্তাক্ত হয়েছেন; এমনকি 'পাগল' বিশেষণেও বিশেষিত হয়েছেন। অন্য নবীরাসুলরাও একই পথের পথিক ছিলেন। বহু বিপদ আপদ ও লাঞ্ছনা সহ্য করে গেছেন তাঁরা। নবীরাসুল হওয়ার পরও আল্লাহ তাঁদের পরীক্ষা নিয়েছেন। তাঁরা সেই পরীক্ষায় সবর করে, দোয়া করে আল্লাহর সাহায্যে উত্তীর্ণ হয়েছেন। বান্দার সবর শিক্ষার জন্য নবীদের জীবনের পরীক্ষাগুলোই যথেষ্ট।

**জান্নাতের পথ ও পরীক্ষার বাস্তবতা :** মুমিনের জীবনের বাঁকে বাঁকে তো কষ্ট থাকবেই স্বাভাবিক। তা না হলে মুমিন জান্নাতের প্রত্যাশা করবে কীভাবে; জান্নাত হলো এক নিখুঁত শান্তির স্থান। সেই চিরস্থায়ী জান্নাতের জন্য ক্ষণস্থায়ী কষ্টগুলো সহ্য করে যেতেই হবে। হাদিসে এসেছে, রাসুল (সা.) বলেছেন, 'জান্নাত অপ্রিয় বস্তু দ্বারা বেষ্টিত এবং জাহান্নাম কামনা-বাসনা দ্বারা বেষ্টিত।' (সহিহ মুসলিম, হাদিস: ৭,০৬৬)।

এর অর্থ হলো, জান্নাতের পথ অবশ্যই বুক ভেঙে যাওয়া কষ্টে পরিপূর্ণ (যা নফসের বিরুদ্ধে যায়)। আর জাহান্নামের পথ কামনা-বাসনা দ্বারা বেষ্টিত; অনেক মোহনীয় ও মনোহর সুখের রঙে রাঙানো। আর এটাই বান্দার জন্য আল্লাহর এক পরীক্ষা। দুনিয়ায় মুমিনকে সরবে বা নীরবে ভেতরের ও বাহ্যিক শত্রুদের সঙ্গে মোকাবিলা করতে হয়। আল্লাহ তাআলা বলেন, হে মুমিনগণ, যখন তোমরা কোনো দলের মুখোমুখি হও, তখন অবিচল থাকো, আর আল্লাহকে অধিক স্মরণ করো, যাতে তোমরা সফল হও।' (সুরা আনফাল, আয়াত: ৪৫)।

**পথের শেষটা দীপ্তিময় :** হেদায়েতের পথে চলা মুমিনের জীবনের পরীক্ষা নিয়ে ইমাম ইবনুল কাইয়্যিম (রহ.) একটি গভীর সত্য বলে গেছেন, 'মুমিনের জীবনে তার পথের শুরুটা হয় পরীক্ষা ও বিপদ দিয়ে। তারপর আসে সবর ও আল্লাহর ওপর তাওয়াক্কুলের সময়। আর পথের শেষটা হয় দীপ্তিময়হেদায়েত, নুর ও বিজয় দিয়ে।' (ইবনুল কাইয়্যিম জাওজি, তারিক আলহিজরাতাইন ওয়া বাব আসসাআদাতাইন)।

এই বক্তব্যের মানে হলো, হেদায়েতের পথের শেষে বিজয় থাকবেই। যে চিরস্থায়ী বিজয়ের আশা করবে, সে ক্ষণস্থায়ী কষ্টে ভেঙে পড়বে না। মানুষের কথায়, তাচ্ছিল্যে, রাগে, অপমানে তার হৃদয় ভেঙে যাবে না। কারণ, সে জানে এসব সাময়িক, আর আল্লাহর পুরস্কার চিরস্থায়ী।

যখন বান্দা আল্লাহর ইবাদতে নিজেকে পুরোপুরি সমর্পণ করে দিতে পারে, তখন তার হৃদয় আল্লাহর ভালোবাসায় পরিপূর্ণ হয়ে ওঠে। কষ্ট ও বাধাগুলো ধীরে ধীরে হালকা হতে থাকে। আল্লাহর দয়ায় বান্দার মন শান্তি ও স্থিতিশীলতা অনুভব করতে শুরু করে। হেদায়েতের পথে চলার শুরুটা তাই অনেক কঠিন হলেও শেষটা একসময় সহজ হয়ে যায়।

আর এভাবেই বান্দা কষ্টের মধ্য দিয়েই সবর আর আল্লাহর ওপর পূর্ণ তাওয়াক্কুল করতে শিখে যায়। কাছে ও দূরের মানুষের বাঁকা কথা, উপেক্ষা অথবা বিরক্তি, কোনো কিছুই তাকে আর প্রভাবিত করতে পারে না। বান্দা এক অন্য রকম আলোয় পথ চলতে শুরু করে।

ইসমত আরা : শিক্ষক, লেখক।

## শনিবার মানিক মিয়ায় হাদির জানাজা

১ পৃষ্ঠার পর

কলেজ (ঢামেক) হাসপাতালের নিউরোসার্জারি বিভাগের চিকিৎসক ও ন্যাশনাল হেলথ অ্যালায়েন্সের (এনএইচএ) সদস্যসচিব ডা. মো. আব্দুল আহাদ বৃহস্পতিবার রাতে এ তথ্য জানান।

ইনকিলাব মঞ্চের ফেইসবুক পেইজে এক বার্তায় জানানো হয়, বাংলাদেশ বিমানের একটি বাণিজ্যিক ফ্লাইটে কফিন দেশে আনা হবে। বাংলাদেশ সময় বিকাল সাড়ে ৩ টা ৫০ মিনিটে ফ্লাইট ছাড়বে। ঢাকায় নামবে সন্ধ্যা ৬টা ৫ মিনিটে।

সিঙ্গাপুরের দা আঙ্গুলিয়া মসজিদে স্থানীয় সময় শুক্রবার সকাল ১০টায় ওসমান হাদির জানাজা হবে। মরদেহ দেশে আনার পর শনিবার বাদ জোহর মানিক মিয়া অ্যাভিনিউতে তার জানাজা হবে।

সিঙ্গাপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় বৃহস্পতিবার রাতে মারা যান হাদি।

জুলাই অভ্যুত্থান এবং আওয়ামী লীগ নিষিদ্ধের আন্দোলনের মধ্য দিয়ে পরিচিতি পাওয়া হাদি ত্রয়োদশ সংসদ নির্বাচনে ঢাকা-৮ আসন থেকে স্বতন্ত্র প্রার্থী হওয়ার ঘোষণা দিয়েছিলেন। গত শুক্রবার গণসংযোগের জন্য বিজয়নগর এলাকায় গেলে তাকে গুলি করে মোটরসাইকেলে করে আসা আততায়ী। গুলিটি লাগে হাদির মাথায়।

গুরুতর আহত হাদিকে সোমবার দুপুরে এয়ার অ্যাম্বুলেন্সে করে সিঙ্গাপুরে নিয়ে যাওয়া হয়েছিল। বৃহস্পতিবার সেখানেই তার মৃত্যু হয়।

## ন্যাচারালাইজড আমেরিকানদের নাগরিকত্ব হুমকিতে

৬৪ পৃষ্ঠার পর

দিয়েছে, এবং গ্যাং কার্যকলাপ, আর্থিক জালিয়াতি, মানব পাচার বা সহিংস অপরাধে জড়িত ব্যক্তিদের লক্ষ্যবস্তু করেছে। এই প্রক্রিয়ার জন্য ফেডারেল আদালতের পর্যালোচনা এবং নাগরিকত্ব যে অবৈধভাবে বা ভুল তথ্যের মাধ্যমে অর্জন করা হয়েছে তার "অকাট্য প্রমাণও প্রয়োজন।

দেশে প্রায় ২কোটি ২৬ লাখ ন্যাচারালাইজেশন প্রক্রিয়ায় নাগরিকত্বপ্রাপ্ত। তাদের কেসগুলো খতিয়ে দেখতে ট্রাম্প ব্যক্তিগতভাবে অতি আগ্রহী। মিথ্যা তথ্য, আর্থিক জালিয়াতি ও সন্ত্রাসী কর্মকান্ডের সাথে জড়িতদের ডিন্যাচারালাইজেশন প্রক্রিয়া আনা হতে পারে। ইমিগ্রেশন আদালতে জালিয়াতি তথ্য প্রমানিত হলে তাদের নাগরিকত্ব বাতিল করে ডিপোর্ট করা হবে। এই নির্দেশিকাটি প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বৃহত্তর অভিবাসন এজেন্ডার অধীনে একটি কঠোর প্রয়োগ পদ্ধতিরই ইঙ্গিত দেয়।

## বাংলাদেশ সোসাইটির সাধারণ সভা আগামী ২৮ ডিসেম্বর

৬৪ পৃষ্ঠার পর

কুইন্স প্যালেসে সন্ধ্যা ৫টায় এ সভা শুরু হবে। এতে সভাপতিত্ব করবেন সংগঠনের সভাপতি আতাউর রহমান সেলিম। এই সাধারন সভায় নবায়িত সকল ও আজীবন সদস্য অংশগ্রহণ করতে পারবেন। সভায় সাধারণ সম্পাদকের রিপোর্ট, কোষাধ্যক্ষ এর রিপোর্ট ও সংবিধান সংশোধনীর প্রস্তাব উত্থাপিত হবে। সাধারন সম্পাদক মোহাম্মদ আলী হালনাগাদ করা সকল সদস্যকে সভায় উপস্থিত থাকতে আহবান জানিয়েছেন।

## মানবিকতার ধর্ম ইসলাম

২৫ পৃষ্ঠার পর

মুখোশধারী সেই মহাজনদের সুদের কিস্তি আদায় করতে গিয়ে নিভৃতে জীবন দেয় হাজারও গরিব-দুঃখী ও হতদরিদ্র বিবি তমীজনরা। কেউ বা বসতবাড়ি হারিয়ে হয় নিঃস্ব ও পথের ভিখারি। আবার কেউ দেউলিয়া হয়ে পা বাড়ায় আত্মহত্যার মতো জঘন্য পাপে। লজ্জাজনক ব্যাপার হলো, অসহায় গরিব মারার নরপিশাচ ঘাতক কারিগরদের জনসম্মুখে নির্লজ্জভাবে পুরস্কৃত করা হয় নোবেল দিয়ে। অতএব, এ পাপের সময়ে পাহাড় পাহাড় সোনাদানা নয়; প্রত্যেককেই নিজ নিজ অবস্থান ও সাধ্যানুযায়ী এগিয়ে আসতে হবে মানবতার সেবায়। অন্যের কল্যাণ সাধন, দুস্থ ও পীড়িতজনদের সাহায্য প্রদান, নির্যাতিতদের পক্ষ গ্রহণের উদার মানসিকতাকে নবীজি (সা.) প্রমোট করেছেন এ বলে, 'দীন মানেই কল্যাণকামিতা।' (মুসলিম : ১০০)।

অভাবীদের প্রাধান্য দেওয়া ইসলামের শিক্ষা : মানবিকতার ধর্ম ইসলামের অনন্য সৌন্দর্য হলো, ইসলাম যেমন প্রীতি-সৌহার্দ্য ও বদান্যতার চূড়ান্ত স্তরের প্রতি মোমিনদের উদ্বুদ্ধ করে, তেমনি অপর ভাইয়ের জন্য সর্বোচ্চ ত্যাগ স্বীকারের প্রতিও উৎসাহ যোগায়। ইসলামের সূচনালগ্নে যখন মক্কার মুসলমানরা কাফেরদের সীমাহীন অত্যাচারে ভয়ানক এক অগ্নিময় পার করছিলেন, নিজ গোত্রের অবিচার ও নিপীড়নে সহায়-সম্পদ ত্যাগ করে স্বদেশ ছাড়তে বাধ্য হয়েছিলেন, তখন মদিনার আনসার সাহাবিরা হাসিমুখে তাদের বরণ করেছিলেন। নিজেদের স্বার্থ ও কামনা-বাসনা দু'পায়ে দলে, হাজারও চাহিদাকে জলাঞ্জলি দিয়ে স্বতঃস্ফূর্তভাবে মুহাজির মুসলমান ভাইদের সাহায্যে এগিয়ে এসেছিলেন। নিজেরা উপবাসের যন্ত্রণা ভোগ করে সামর্থ্যের সবটুকু উজাড় করে তাদের পরিতৃপ্ত করতেন। নিজেদের প্রয়োজনের ওপর তাদের প্রয়োজনকে অগ্রাধিকার দিয়ে সহযোগিতা ও সহমর্মিতার ঐতিহাসিক উজ্জ্বলতম দৃষ্টান্ত স্থাপন করেছিলেন। তাদের সর্বোচ্চ বিসর্জন ও অপরাজেয় মনোবলের এ পরার্থপরতাময় মহৎ গুণটি মহান আল্লাহ কোরআনে কারিমের মাধ্যমে মানবজাতির জন্য চিরস্মরণীয় করে রেখেছেন। বলেছেন, 'তারা (আনসাররা) নিজেদের ওপর (মুহাজিরদের) প্রাধান্য দেয়। যদিও নিজেদের প্রয়োজন ও অভাব থাকে। যারা স্বভাবগত কার্পণ্য হতে মুক্তি লাভ করে, তারাই তো সফলকাম।' (সুরা হাশর : ৯)। অন্য আয়াতে আল্লাহতায়ালা জান্নাতের বিশেষ কিছু নেয়ামত উল্লেখপূর্বক এসবের অধিকারীদের বৈশিষ্ট্য বর্ণনা করেছেন এ বলে, '(তারাই এসব নেয়ামত লাভ করবে) যারা খাবারের প্রতি নিজেদের আগ্রহ থাকা সত্ত্বেও মিসকিন, এতিম ও বন্দীদের খাবার দান করে।' (সুরা দাহর : ৮)।

দান হোক উৎকৃষ্ট ও প্রিয় বস্তু : অনেকের স্বভাব হচ্ছে, সামর্থ্য থাকা সত্ত্বেও নষ্ট, পচা ও অকেজো বস্তু দান করেই নিজেকে প্রবোধ দেয়। প্রিয় ও শখের বস্তু দান করার কল্পনাও করে না কখনও। দান-খয়রাতকে জরিমানা মনে করে। গা এড়ানোর জন্য উদ্বৃত্ত বস্তু দান করে পরম আনন্দে তৃপ্তির ঢেকুর তোলে। অথচ পরিপূর্ণ সওয়াব লাভ করার জন্য প্রিয় বস্তুই দান করতে হবে। এতেই ঘটবে আল্লাহর সঙ্গে প্রকৃত ভালোবাসা ও মানবতার প্রতি সহমর্মিতার বহিঃপ্রকাশ। পবিত্র কোরআনের বাণী, 'তোমরা কস্মিনকালেও কল্যাণ (পূর্ণ সওয়াব) লাভ করতে পারবে না, যদি তোমাদের প্রিয় বস্তু থেকে তোমরা ব্যয় না কর। আর তোমরা যা কিছু ব্যয় করবে, আল্লাহ তা জানেন।' (সুরা আলে ইমরান : ৯২)।

নবীজি (সা.)-এর শ্রেষ্ঠতম সাহাবায়ে কেরাম সবসময় কোরআনি বিধান বাস্তবায়নে মুখিয়ে থাকতেন। শরিয়তের হুকুম পালনে তারা ছিলেন চাতকসম অটল অবিচল। আলোচ্য আয়াত অবতীর্ণ হওয়ার পর তারা নিজেদের সবচেয়ে প্রিয় ও শখের বস্তুটি দান করার জন্য ব্যাকুল হয়ে পড়লেন।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372


মহিলাদের জন্য
মহিলা গাইডের
সুব্যবস্থা আছে
KARNAFULLY
TRAVEL INC.
EXCLUSIVE UMRAH
PACKAGE FOR NOVEMBER 2025
JFK-JEDDAH
19TH NOV
MADINA-JFK
29TH NOV.
TOTAL DAYS
9 DAYS
(2 Jummah Makka & Madina)
PACKAGE INCLUDES
1. Round Trip Ticket From Jfk To Jedda & Madina To JFK.
2. 1 Year Multiple Entry Tourist Visa (Us Passport) & Perform Umrah With Guide.
3. 5* Star Hotel Makka & Madina Near to Haram With VIP Breakfast Buffet in Hotel.
4. Full Ground Transportation With Luxury Bus From Jedda Airport To Makka Hotel, Makka To Madina, Madina To Airport.
5. Historical & Religius Tours With Guidance (Makka & Madina).
6. Extra Visit Makka Tayef & Madina Wadi-E-Jinn.
7. Individual Family Package Also Available. *
KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite # 201 FR, Jackson Heights, NY 11372
Tel: +1-718-205-6050, Cell: +1-646 724 5933
karnafullytravel@yahoo.com I www.karnafullytravel.com

NY INSURANCE
BROKEAGE INC.
NY I
NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025

NY CAR & LIMO
SERVICES INC
NY CAR & LIMO SERVICES INC
BO2902
BLACK & GREEN CAR BASE
718 727 4444

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

# United Hindus of USA Inc.

120-18 12th Ave. College Point, NY 11356

*A Not-for-profit Organization*

## ২০২৬-২০২৭ সেশনের নতুন কমিটি গঠন সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইউনাইটেড হিন্দুস অব ইউএসএ এর সম্মানিত সদস্য ও সদস্যাবৃন্দের অবগতির জন্য জানানো যাইতেছে যে, আগামী ২৭ ডিসেম্বর শনিবার ওম শক্তি মন্দির, ৪০-২৩ ৭২ স্ট্রিট, জ্যাকসন হাইট্সে নিউ ইয়র্ক ১১৩৭৭, ইউনাইটেড হিন্দুস অব ইউএসএ এর নতুন কমিটি (২০২৬-২০২৭) গঠন করার দিন ধার্য্য করা হইয়াছে।

উক্ত দিবসে সকল সদস্য ও সদস্যাবৃন্দদের বিকাল ৫টার মধ্যে মন্দির প্রাঙ্গনে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাইতেছে।

নির্বাচন সংক্রান্ত যেকোন তথ্যের জন্য সভাপতি ও সাধারণ সম্পাদকের সাথে যোগাযোগ করার জন্য অনুরাধ করা হল।

ধন্যবাদান্তে: নিবাচন কমিশনারবৃন্দ

অজিত চন্দ
৩৪৭-৫৩৬-৫৫১১

আশীষ ভৌমিক
৬৪৬-৪৬২-৮৪৯৮

গৌরাঙ্গ রায়
৭১৮-৪১৫-২০৩৫

যোগাযোগে:

ডাঃ প্রভাত দাস
চেয়ারম্যান
৯১৭-৬৯৮-৮৫৩৭

ভজন সরকার
সভাপতি
৯১৭-৬০৭-৭৩৯৫

রামদাস ঘরামী
সাধারণ সম্পাদক
৭১৮-৪১৫-৫৬৭০


# হীরামন্ডি'র উইন্টার ফিস্ট এ তারার আলোর পক্ষ থেকে পিঠা উৎসব ও ফ্যাশন শো চমক !



সাপ্তাহিক আজকাল : নিউ ইয়র্কের সকলের পরিচিত ও আলোচিত মহিলা সংগঠন তারার আলো কমুনিটির প্রায় সকল সংস্কৃতি ও উৎসব মুখর অনুষ্ঠানে অংশ-গ্রহণ সহ চমক প্রদান করে থাকে। আর এই বিশেষ চমক ও সফল অংশগ্রনের প্রধান আকর্ষণ ও কৃতিত্বের দাবিদার তারার আলোর সভাপতি মীনা ইসলাম। গত ৭ ডিসেম্বর বিশিষ্ট ফ্যাশন ডিজাইনার পিয়াল হোসেন এর পরিচালনায় ও নির্দেশনায় হিরামন্ডি আয়োজিত "উইন্টার ফিস্ট " নামক একটি কালচারাল প্রোগ্রাম অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ছিল ফ্যাশন শো, নাচ-গান, ও পিঠা সহ আকর্ষণীয় খাবার-দাবার স্টল। উক্ত প্রোগ্রামে পিয়ালের নির্দেশনায় স্থানীয়দের নিয়ে একটি ফ্যাশন শো এ তারার আলোর মীনা ইসলাম দুর্দান্ত পারফর্ম উপস্থিত সবাইকে তাক লাগিয়ে দেন। চিত্রে তারই কিছু ছবি তুলে ধরা হলো।











GOLDEN AGE HOME CARE

GOLDEN A
HOME CA

PCA HOME CARE সেবা
আমাদের স

আমরা শীর্ষস্থানীয় PCA HOME CARE সেবা
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদান করে,
সার্ভিস -এ এনরোল করে নেব এবং সব সধরনে

Please Contact

Shah Nawaz MBA
President & CEO
GOLDEN AGE HOME CARE INC.

Tel: 718-775-
Cell: 646-591-83
Email: shah@gol

আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনিং

JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115

BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834

HILLSIDE AVE. O
170-18A Hillside
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-

Email: info@goldenagehomecare.c


AGE
R E
HHA/PCA SERVICE
SKILLED NURSING
নিতে চান?
াথে যোগাযোগ করুন
প্রদানকারী প্রতিষ্ঠান
আপনাকে HOME CARE
নর সেবা প্রদান করবো
7852
96 Text: 646-591-8396
denagehomecare.com
স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903





# ২১ মুক্তিযোদ্ধাকে সন্মাননা দিল ব্রংকস বাংলাদেশি এসোসিয়েশন

৬৪ পৃষ্ঠার পর

গত ১৫ ডিসেম্বর সোমবার পার্কচেষ্টারে আল আকসা পার্টি হলে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি এম এ মামুন। অনুষ্ঠান পরিচালনা করেন সাধারণ সম্পাদক কামরুজ্জামান শামীম।

বিজয় দিবসের এ অনুষ্ঠানে ২১ জন বীর মুক্তিযোদ্ধাকে সন্মাননা প্রদান করা হয়। সন্মাননা প্রাপ্ত উল্লেখযোগ্য ব্যক্তিবর্গ হলেন





লিয়াকত আলী, নাসির উদ্দীন, আব্দুস সালাম, মনজুর আহমেদ, জাহাঙ্গীর আলম, মোহাম্মদ শাহ জাহান, সুফী বশীর উদ্দীন, সৈয়দ আব্দুল মতিন,জিল্লুর রহমান, আব্দুর রৌফ মিয়া, তোফাজ্জেল আহমেদ চৌধুরী, শহিদুল ইসলাম ও বিজয় কৃষ্ণ সাহা।

বক্তব্য রাখেন এম এন মজুমদার, আব্দুর রহিম বাদশা, প্রফেসর সানাউল্লাহ, কমিউনিটি লিডার জামাল হোসেন, জামাল উদ্দীন চেয়ারম্যান, লিংকন নাইকেলওয়ালা, মাকসুদা আহমেদ, ফাহমিদা চৌধুরী, সালমা সুমি, ফারজানা ইয়াসমিন, কার্মিন আক্তার, প্রিন্স রহমান, আবুল হাসেম, মোঃ আর রহমান, আনোয়ার জাহিদ, বোরহান উদ্দীন, আরিফ রেজা, মামুন আহমেদ, ফরিদা ইয়াসমীন, মাসুম আহমেদ, আহমেদ মামুন রহমান,কিরাণ উদ্দীন, মোঃ আলাউদ্দীন ও ফারজানা ইয়াসমীন। ডিনার ও সংগীতের মাধ্যমে অনুষ্ঠান টি শেষ হয় । সংগীত পরিবেশন করেন নিউইয়র্কের জনপ্রিয় সংগীত শিল্পী সাকিলা রুনা, বাবলা ও শারমীন।



# উনবাঙালের বর্ণাঢ্য বিজয় দিবস উদযাপন

৬৪ পৃষ্ঠার পর



দিবসের তাৎপর্য তুলে ধরে বক্তব্য রাখেন কবি কাজী জহিরুল ইসলাম ও মুক্তি জহির। বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্র দুই দেশের জাতীয় সঙ্গীত বাজানোর মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়।

কাজী জহিরুল ইসলামের গ্রন্থনা ও সৈয়দ মাসুদুল ইসলাম টুটুলের নির্দেশনায় পরিবেশিত হয় এক ঘন্টার একটি গীতি-কাব্যালেখ্য বিজয় একটি খোলা জানালা। গীতি-কাব্যালেখ্যটিতে ৮টি গান, বেশ কিছু কবিতা এবং স্বাধীনতা যুদ্ধের পটভূমি সংবলিত বিবরণ ছিল যা দর্শকদের মন্ত্রমুগ্ধ করে রাখে। যে গানগুলো সন্নিবেশিত হয়



সেগুলো হচ্ছেঃ নঈম গওহরের লেখা এবং সমর দাসের সুর করা 'নোঙ্গর তোলো তোলো, সময় যে হলো হলো', গোবিন্দ হালদারের লেখা এবং আপেল মাহমুদের সুর করা 'মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি', আপেল মাহমুদের লেখা ও সুর করা 'তীর হারা এই ঢেউয়ের সাগর পাড়ি দেব রে', খান আতাউর রহমানের লেখা ও সুর করা 'এক নদী রক্ত পেরিয়ে বাংলার আকাশে রক্তিম সূর্য আনলে যারা', কাজী জহিরুল ইসলামের লেখা এবং সুজিত মোস্তফার সুর করা, 'রাঙা রাজপথ শত শহিদের রক্তের আলপনা', নজরুল ইসলাম বাবুর লেখা এবং আহমেদ ইমতিয়াজ বুলবুলের সুর করা 'সব কটা জানালা খুলে দাও না', আবদুল লতিফের লেখা ও সুর করা 'সোনা সোনা সোনা লোকে বলে সোনা' এবং গোবিন্দ হালদারের লেখা ও সমর দাসের সুর করা 'পূর্ব দিগন্তে সূর্য উঠেছে রক্ত লাল রক্ত লাল রক্ত লাল'। এ ছাড়া গীতি-কাব্যালেখ্যটিতে ব্যবহৃত কবিতাংশগুলো নেওয়া হয়েছে কবি শামসুর রাহমান, কবি আল মাহমুদ, মার্কিন কবি অ্যালান গিন্সবার্গ এবং কবি কাজী







জহিরুল ইসলামের কবিতা থেকে। এতে অংশগ্রহণ করেনঃ সৈয়দ মাসুদুল ইসলাম টুটুল, মিতা হোসেন, বুলা আফরোজ, মোহাম্মদ শানু, নজরুল ইসলাম, রেজা কামাল, মুক্তি জহির, রেণু রোজা, রওশন হক, দেলোয়ারা কামাল, আবিদা সুলতানা, শাহীনুর সদী, চমক ইসলাম, আহসান হাবিব, লিমা সেফারতিতি, কাজী জহিরুল ইসলাম। তবলায় সঙ্গত করেন সেতু চৌধুরী। শিল্পীরা শেষ গান 'পূর্ব দিগন্তে সূর্য উঠেছে' গাইতে শুরু করলে দুই প্রজন্মের দুই মানুষ প্রকৌশলী সৈয়দ ফজলুর রহমান এবং শিশু আরহাম বাংলাদেশের এক বিশাল পতাকা নিয়ে মঞ্চে উঠে আসেন। মুক্তিযুদ্ধের প্রথম প্রজন্মের মানুষ ফজলুর রহমান পতাকাটি নতুন প্রজন্মের আরহামের হাতে তুলে দেন এবং আরহাম তা দুই হাতে ডানে-বাঁয়ে দুলিয়ে ওড়াতে থাকে। এই দৃশ্যে উপস্থিত দর্শকরা মুগ্ধ হয়ে করতালি দিতে থাকেন। অনুষ্ঠানে প্রবাসে জন্ম ও বেড়ে ওঠা নতুন প্রজন্মের তিন শিল্পী দানিয়েল ইসলাম, ঋতজা ব্যানার্জি এবং লোহিত চৌধুরী বাংলা গান পরিবেশন করে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। স্বরচিত কবিতা পাঠ পর্বে অংশ নেনঃ কাজী জহিরুল ইসলাম, সজল আশফাক, সোহেল হাবিব, দেওয়ান নাসের রাজা, রওশন হক, রেণু রোজা, মিতা হোসেন, শাহীনুর শানু সদী, সালেহা ইসলাম এবং শেলী জামান খান।

বিখ্যাত কবিদের কবিতা থেকে আবৃত্তি করেনঃ জিএম ফারুক খান, লিমা সেফারতিতি, আহসান হাবিব, মোহাম্মদ শানু, জুনায়েদ হোসেন এবং এম এ সালেক।

সবশেষে ছিল উনবাঙালের শিল্পীদের একক ও দ্বৈত গানের পরিবেশনায় অংশ নেনঃ সৈয়দ মাসুদুল ইসলাম টুটুল, মিতা হোসেন, ফারহানা তুলি, মোহাম্মদ শানু, বুলা আফরোজ, নজরুল ইসলাম, রেজা কামাল ও ইরামনি দেবী। সমাপনী বক্তব্যে সকলে ধন্যবাদ জ্ঞাপন করেন উনবাঙালের উপদেষ্টা ও বইমেলা উদযাপন কমিটির আহবায়ক ফখরুল আলম।

# 'হঠকারী হবেন না' সংযমের আহ্বান ইউনূসের

১ পৃষ্ঠার পর

আহ্বান জানিয়ে প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস এ হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত সব অপরাধীকে দ্রুত আইনের আওতায় আনার ঘোষণা দিয়েছেন। শনিবার রাষ্ট্রীয় শোক ঘোষণা করে তিনি শোককে শক্তিতে পরিণত করার আহ্বান জানান। বৃহস্পতিবার রাতে সিঙ্গাপুরে হাদির মৃত্যুর খবর আসার পর জাতির উদ্দেশে দেওয়া ভাষণে তিনি এ আহ্বান জানান। তিনি বলেন, ওসমান হাদির স্ত্রী ও একমাত্র সন্তানের দায়িত্ব নেবে রাষ্ট্র।

সিঙ্গাপুরের পররাষ্ট্রমন্ত্রী ভিভিয়ান বালাকৃষ্ণানের কাছ থেকে বৃহস্পতিবার রাতে দেশটির জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন হাদির মৃত্যুর খবর পাওয়ার তথ্য দিয়ে প্রধান উপদেষ্টা বলেন, "ফ্যাসিবাদ ও আধিপত্যবাদবিরোধী সংগ্রামের এই অমর সৈনিককে মহান রাব্বুল আলামিন শহীদ হিসেবে কবুল করুন-এই দোয়া করি।"

বৃহস্পতিবার রাত ১০টার দিকে সিঙ্গাপুরে চিকিৎসাধীন হাদির মারা যাওয়ার খবর আসে। এর ঘণ্টা দেড়েকের মধ্যে জাতির উদ্দেশে জরুরি ভাষণ দিতে আসেন প্রধান উপদেষ্টা। হাদির মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তিনি বলেন, "তার প্রয়াণ দেশের রাজনৈতিক ও গণতান্ত্রিক পরিসরে এক অপূরণীয় ক্ষতি।"

তিনি বলেন, হাদি শুধু প্রতিবাদ নয়, দেশপ্রেম, ধৈর্য ও দৃঢ়তার অনন্য দৃষ্টান্ত রেখে গেছেন বলে তুলে ধরে প্রধান উপদেষ্টা সবার প্রতি সংযম বজায় রাখার আহ্বান জানান। বলেন, "দেশের সকল নাগরিকের প্রতি আন্তরিক আহ্বান জানাচ্ছি-আপনারা ধৈর্য ও সংযম বজায় রাখুন। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও সংশ্লিষ্ট সংস্থাগুলো পেশাদারিত্বের সঙ্গে তদন্ত কার্যক্রম পরিচালনা করছে। রাষ্ট্র আইনের শাসন প্রতিষ্ঠায় সম্পূর্ণরূপে প্রতিশ্রুতিবদ্ধ।" অপপ্রচার ও গুজবে কান না দিয়ে যে কোনো হঠকারী সিদ্ধান্ত থেকে বিরত থাকার আহ্বান জানান তিনি।

# জ্যাকসন হাইটসে মামদানির ফান্ডরেইজিং

৬৪ পৃষ্ঠার পর



প্রাণকেন্দ্র জ্যাকসন হাইটসের 'ঠিকানা কমিউনিটি হাব'-এ অনুষ্ঠিত হয়। বাংলাদেশি কমিউনিটির দুই শতাধিক শীর্ষস্থানীয় ব্যক্তির এ অনুষ্ঠানে জোহরান মামদানি নিজেও অংশ নেন। তিনি তাদের সবার সাথে হাত মিলিয়েছেন। সবার আন্তরিক উপস্থিতিতে নবনির্বাচিত মেয়র ছিলেন দারুণ উৎফুল্ল। ট্রানজিশন কার্যক্রম জোরদার ও সফল করতে নবনির্বাচিত মেয়র জোহরান মামদানির আগমনের মধ্য দিয়ে বাংলাদেশি কমিউনিটির সঙ্গে সরাসরি যোগাযোগ ও সিটির প্রশাসনিক প্রস্তুতি আরো একধাপ এগিয়ে গেলো।

জোহরান মামদানি অনুষ্ঠানস্থলে উপস্থিত হওয়ার সাথে সাথে সবাই করতালি দিয়ে স্বাগত জানান। মামদানি হাত উঁচিয়ে সবাইকে অভিবাদন জানান। উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে বক্তব্যে মামদানি বলেন, সবার সহযোগিতা ছাড়া মেয়র হিসেবে জয়লাভ করা সম্ভব হতো না। এখন সবাইকে নিয়ে স্বপ্নের ও সাধ্যের নিউইয়র্ক সিটি গড়ে তুলবো। এজন্য সবার সহযোগিতা চান। আধুনিক, স্বপ্ন ও সাধ্যের নিউইয়র্ক সিটি গড়ে তুলতে সবার মতামত ও পরামর্শ নিচ্ছেন। নগরবাসীও তাকে ভালোবেসে বাড়িয়ে দিয়েছেন পূর্ণ সহযোগিতার হাত। ট্রানজিশনাল টিমের জন্য অর্থ সংগ্রহ লক্ষমাত্রা পূরণের শেষ ধাপে নিয়ে আসতে যারা সহযোগিতা করছেন তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন নবনির্বাচিত মেয়র।

ট্রানজিশন ফান্ডরেইজিংয়ে অধিকাংশ অংশগ্রহণকারী অনলাইনে তাদের ডোনেশন প্রদান করেন, যা সরাসরি ট্রানজিশন ফান্ডে যুক্ত হয়। এ অনুষ্ঠানে যোগ দেন বাংলাদেশ, ভারত, পাকিস্তানসহ বিভিন্ন কমিউনিটি নেতা, পেশাজীবী এবং রাজনৈতিক সচেতন ব্যক্তিরা। প্রবীণ ও নবীনের সমন্বয়ে ট্রানজিশন ফান্ডরেইজিংয়ের আয়োজক হিসাবে ছিলেন ১৫ জন। তারা হলেন- শায়ান শাহ নেওয়াজ, মীর মাসুম আলী, ড. দেবী ও নাজি আলমনওয়াসের, গুরুচরণ সিং বারিং, রাহেলা আলম, জুলফি জাফরি, ড. সালমা কাউসার, আহমেদ খাত্তাব, ইমাম খালিদ লতিফ, আফতাব মান্নান, ইউসুফ মুবারেজ, আসিফ মুহাম্মদ, ড. মুহাম্মদ ওয়াহেদুর রহমান, আলী রশিদ, মুশরাত শাহীন অনুজা, হিম্মত সিং এবং ড. উজমা সৈয়দ। অনুষ্ঠানে বিশিষ্টজনদের মধ্যে উপস্থিত ছিলেন- ঠিকানা গ্রুপের চেয়ারম্যান ও সাবেক সংসদ সদস্য এম এম শাহীন, ঠিকানা গ্রুপের ভাইস চেয়ারম্যান ও সিওও এবং রিভেটরটেক-এর কো-ফাউন্ডার মুশরাত শাহীন অনুজা, ঠিকানা কমিউনিটি হাব এবং রিভারটেক-এর কো-ফাউন্ডার ও সিইও রুবিন হোসেন, ঠিকানার প্রধান সম্পাদক মুহম্মদ ফজলুর রহমান, ঠিকানা টিভির প্রধান সম্পাদক খালেদ মুহিউদ্দীন, জর্জিয়া স্টেট সিনেটর নাবিলা ইসলাম, মূলধারার রাজনীতিক অ্যাটর্নি মঈন চৌধুরী, ওয়াশিংটন ইউনিভার্সিটি সায়েন্স অ্যান্ড টেকনোলজির চ্যান্সেলর আবু বকর হানিপ, তার সহধর্মিনী ফারহানা হানিপ, নারী নেত্রী অধ্যাপিকা হুসনে আরা, বিশিষ্ট ব্যবসায়ী তোফায়েল চৌধুরী, মেয়র ট্রানজিশন টিমের সদস্য শাহরিয়ার রহমান ও শামসুল হক, রিভারটেক-এর কো-ফাউন্ডার ইয়াসির আরাফাত ও ডেভ অব সেলস জেনিশ বোরা, বিশিষ্ট চিকিৎসক শামীম আহমেদ, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা ও সভাপতি মো. ফখরুল ইসলাম দেলোয়ার, বাংলাদেশি আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশনের (বাপা) সভাপতি এরশাদুর সিদ্দিক, মিডিয়া লিয়াজোঁ জাকির সারোয়ার জনি, বাংলাদেশি আমেরিকান অ্যাথলেট মাহদী সিদ্দিকী, ঠিকানা গ্রুপের পরিচালক সাদিয়া শাহীন, লায়ন আহসান হাবিব, বিশিষ্ট রিয়েল্টর আসিফ চৌধুরী ও তার পরিবার, নিউ আমেরিকান ইয়ুথ ফোরামের সভাপতি আহনাফ আলম, বিশিষ্ট ব্যবসায়ী তাওহীদ মুন্না প্রমুখ।

# রাজবাড়ী ডিষ্ট্রিক্ট ওয়েল ফেয়ার এসোসিয়েশন ইউ.এস.এ
## RAJBARI DISTRICT WELFARE ASSOCIATION U.S.A

সুধী,
আসসালামু আলাইকুম, আগামী ২রা জানুয়ারী, ২০২৬, শুক্রবার, রাজবাড়ী ডিষ্ট্রিক্ট ওয়েল ফেয়ার এসোসিয়েশন ইউ.এস.এ এর উদ্যোগে নতুন কমিটির (২০২৬-২০২৭) অভিষেক ও বর্ষবরন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
উক্ত আয়োজনে আমেরিকায় বসবাসরত সকল রাজবাড়ী বাসী সহ সকল শুভাকাঙ্খীদের স্ব-পরিবারে আমন্ত্রণ জানানো যাচ্ছে।

কনভেনের:
মুহাম্মাদ আব্দুস সালাম
৯১৭-৫৪২-১৯১৭

সদস্য সচিব:
মুস্তাফিজুর রহমান লিটন
৫১৬-৫৭৪-২১২২

যুগ্ম-সদস্য সচিব:
শহিদুল হক রিপন
৬৪৬-৬৫১-৩০৬৮

প্রধান সমন্বয়কারী:
মোহাম্মাদ রনজুরুল হক শামীম
৯১৭-৩৯৯-৯২১৭

যুগ সমন্বয়কারী:
হাফিজুর রহমান
৩৪৭-৬৫৩-৭৮৫৯




**সমন্বয়কারী বৃন্দ:**
সোহানুর রহমান সোহান
৩৪৭-২৫১-৩৩৯৩
সবুজ মন্ডল
৯২৯-২০৮-৬৬৫৮
নাঈম খান
৩৪৭-৯৭৭-৮৩০৩
মো বিপুব খান
৯২৯-৩৯৮-৯৭০৭
মো মফিজুল হক (তুহিন)
৩৪৭-৫৫৩-২৬০৮
আসগর আলী
৩৪৭-২০০-১২২৬
আহমেদ আতিক
৬৪৬-৬৪২-৩২৪৫
মুনিম
৯২৯-৪৩১-৯৮৮৫
বীর মুক্তিযোদ্ধা
লোকমান হোসেন
৯২৯-৬০১-৬২৬৬
সাইফুদ্দিন
৫১৬-৮৭০-৮৬৫৮

**সদস্যবৃন্দ:**
রুহুল আমিন
৩৪৭-২৫১-৩২১০
সাইফুল ইসলাম
৯২৯-৫০০-৯৭০১
রিয়াজ
৯২৯-২৩১-৮২৬৩
মনজুরুল হক
৯২৯-৩৪৬-২১৮৮
আবুল বাশার
৭১৬-৮০১-৭১১২
ফরহাদ
৩৪৭-৫৫৩-০৪৬১
পাপিন হক
৩৪৭-৪৯৩-২৬০২
আসিফ ইকবাল
৯১৭-৬৬৯-৩০৪০
আবির
৩৪৭-২৭৯-২৪৭২
আরিফ রাকা
৩৩২-৩২৩-১৪৮২
আতিকুর রহমান
৩৪৭-৩৪৫-৬৯৫৫
সোহেল হক
৬৩১-৪৮২-২৩৩১
নাজিমা বেগম
৯১৭-৬০৩-৪০৮১
লিজা হক
৬০৭-৮২১-৫৩৭৮
রুমা হক
৭১৮-৭৩৯-৮৯৫৩

# অভিষেক ও বর্ষবরণ
## সাংস্কৃতিক অনুষ্ঠান ২০২৬
### ২রা জানুয়ারী

**VENUE:**
AGRA PALACE RESTURENT
116-33 QUEENS BLVD
FOREST HILLS,,NY-11375

Time: 6.00 pm

সভাপতি:
মুহাম্মাদ আবিদুর রহমান
(সাবেক সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার)
৬৪৬-২৫১-০৯২০

সহ-সভাপতি:
(বীর মুক্তিযোদ্ধা)
মোকসেদুল মাওলা দুলাল
৯১৭-৬০০-০৭৫৭

উপদেষ্টা:
মোহাম্মদ মাকসুদুর রহমান(দুলাল)
৬৪৬-৪৬২-৫৮৮৭

সাধারণ সম্পাদক:
মোহাম্মদ রফিকুল ইসলাম
৯১৭-৫২৮-৩১৫৮

## তাসনিয়া ফারিণের শীত বিলাসের আবেদন

৪৬ পৃষ্ঠার পর

জানাই।' ফারিণের পোস্ট থেকে বোঝা যায়, বন্ধুর উষ্ণতার মতোই শীতের আরাম ও স্নিগ্ধতা উপভোগ করতে তিনি প্রস্তুত। নেটিজেনরাও তার এই আবেদনের সঙ্গে একাত্মতা পোষণ করেছেন। একজন কমেন্ট করেছেন, 'মেয়েদের মিষ্টি সন্ধ্যার শীতের আগমনী বার্তা! সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে।' অন্য একজন লিখেছেন, 'শীতের রাতে গরম চা আর পিঠার সাথে গল্প করার মজা সত্যিই আলাদা।'

দর্শক এবং অনুরাগীদের এই উচ্ছ্বাসের জায়গায় স্পষ্ট- শীতকাল শুধু ঠান্ডা নয়, এক বিশেষ আনন্দের মুহূর্ত। তাসনিয়া ফারিণের এই মিষ্টি আবেদন সবার মন কেড়েছে এবং শীতের আনন্দে সবাইকে অংশগ্রহণ করতে প্ররোচিত করেছে।

## 'গোপন' সফরে ঢাকায় আতিফ, একের পর এক প্রাইভেট শো

৪৬ পৃষ্ঠার পর

১৩ ডিসেম্বর আতিফের কনসার্টের আয়োজন করেছিল 'মেইন স্টেজ ইনক' নামের একটি প্রতিষ্ঠান। সহ-আয়োজক হিসেবে ছিল 'স্পিরিট অব জুলাই'। পূর্বাচলের চায়না-বাংলাদেশ ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টারে (সিবিএফসি) কনসার্টের আয়োজনের কথা ছিল। আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়েছিল, কনসার্টের মোট মুনাফার ৪০ শতাংশ অর্থ প্রদান করা হবে জুলাই শহীদ স্মৃতি ফাউন্ডেশনে। এই অর্থ জুলাই আন্দোলনে শহীদ ও আহত ব্যক্তিদের পরিবারকে দীর্ঘ মেয়াদে সহায়তায় ব্যয় করা হবে। আতিফ আসলাম ছাড়াও সংগীত পরিচালক ও প্রযোজক ফুয়াদ, সেমেলিন ব্যান্ডসহ দেশের আরও শিল্পীদের এই কনসার্টে পারফর্ম করার কথা ছিল।

কনসার্টটি বাতিলের পর বাংলাদেশি ভক্তদের উদ্দেশে দুঃখ প্রকাশ করে এক ফেসবুক পোস্টে আতিফ লিখেছেন, 'প্রিয় বাংলাদেশি ভক্তরা, অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে ১৩ ডিসেম্বর ঢাকায় নির্ধারিত কনসার্টে আমরা পারফর্ম করছি না। এর কারণ হলো কনসার্টের আয়োজক ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ প্রয়োজনীয় স্থানীয় অনুমতি, নিরাপত্তা ছাড়পত্র ও লজিস্টিকস (সরঞ্জাম/ব্যবস্থাপনা) বিষয়গুলো ঠিক করতে পারেনি।'


বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য
একমাত্র আমরাই দিচ্ছি সর্বনিম্ন মূল্যের নিশ্চয়তা।
**আমরা ওমরার প্যাকেজ করে থাকি**

আমাদের প্যাকেজ বিবরণ

- ওমরা ভিসা
- এয়ার টিকেট
- ১ দিন মক্কায় ট্যুর
- ১ দিন মদিনা ট্যুর
- মক্কা থেকে মদিনা গাড়িতে
- এয়ারপোর্ট থেকে হোটেল (4 Star Hotel with Breakfast.)
- মদিনার হোটেল থেকে এয়ারপোর্ট ড্রপ অফ (একজন বাংলাদেশী মোয়াল্লেম মক্কা ও মদিনা)

* হজের পর পরই ওমরাহ পুরোদমে শুরু হয়ে যাবে ইনশাআল্লাহ
* শুধুমাত্র গ্রুপ প্যাকেজের জন্য প্রযোজ্য।



**NAFS TRAVEL INC.**
SANU SHEAK (SANA)
Cell: 347-537-7657
Email: nafstravel@gmail.com
www.nafstravel.com
NAFS TRAVEL
37-59 74th Street, Jackson Heights, NY 11372
(Inside Mollika electronics next to CITI Bank)


## নিউইয়র্কে জুন ২০২৬ মাইকেল সম্মেলনের ঘোষণা

৬২ পৃষ্ঠার পর

তুলে দেন সম্মাননা-অর্ঘ্য।

'বাংলাদেশ রাইটার্স ইউনিয়ন' ছিলো অনুষ্ঠানটির আয়োজক। সভাপতিত্ব যশোরের যশস্বী লেখক-অধ্যাপক ডক্টর শাহনাজ পারভীন। মাইকেল গবেষক খসরু পারভেজ ছিলেন প্রধান আলোচক ও উদ্বোধক। স্বাগত বক্তব্য দেন অমরাবতী সম্পাদক মতিন বাঙালি। সম্মানিত অতিথি ছিলেন খুলনা বিএল কলেজের অধ্যাপক মইনুল ইসলাম। 'বিজ্ঞানকর্মী'-খ্যাত হাসনাইন সাজ্জাদী। ছিলেন এক্সপ্রেস বাংলাদেশের যশোর কর্মকর্তা সাইফুল ইসলাম। 'প্রত্যয় ম্যাগাজিনের' নির্বাহী সম্পাদক বিদ্যুৎ ঘোষনবীশ। আলোচনায় মাইকেল চর্চার আলোকচিত্রী তারেকুজ্জামান আজু। আবৃত্তিশিল্পী ও প্রাচ্যবাংলা'র সভাপতি রবিউল রবি। লেখক-সাংবাদিক খায়রুল আলম, আবু তাহের, জলীসউদ্দীন জয়। সংগীত পরিবেশনে রোকেয়া শারমিন, সাহমা স্বপ্না।

মধুসূদনের পৈতৃকবাসে মধুসূদন সনেট সম্মাননার বিষয়টি আলোড়ন তোলে। ড. শাহনাজ পারভিন বলেন ঘটনাটি বিরল ও স্মৃতিময়। মাইকেল বিশেষজ্ঞ খসরু পারভেজ বলেন ইতিহাসে নতুন সংযোজন। কবি হাসনাইন সাজ্জাদী বলেন যথাপাত্রে 'সনেট সম্মাননা' অর্পিত হলো। অধ্যাপক মইনুল বলেন মাইকেল চর্চায় নতুন প্রজন্ম অনুপ্রেরণা পাবে। আয়োজক মতিন বাঙালি বলেন আমাদের উদ্যোগ সফল হলো।

সনেট সম্মাননাপ্রাপ্ত কবিবৃন্দ নিজেদেরকে সৌভাগ্যবান বলেন। সালেম সুলেরী, ফেরদৌস সালাম, জামসেদ ওয়াজেদ বলেন আমরা ধন্য। এমন মূল্যায়ন মাইকেল চর্চায় অন্যদেরও অনুপ্রাণিত করবে। নিউইয়র্কে ২০২৬-এর জুনে 'মাইকেল সম্মেলনের' ঘোষণা দেওয়া হয় এতিহাসিক সময়ে আয়োজনের আহ্বান জানানো হয় সুলেরীকে। উল্লেখ্য, সদস্যপ্রাপ্তদের শুভেচ্ছা জানান মাইকেল জাদুঘরের কিউরেটর হাসানুজ্জামান।

## নির্বাচনের সুযোগ চেয়ে যুক্তরাষ্ট্র আ.লীগের মানববন্ধন

৬২ পৃষ্ঠার পর

সুযোগ না দিলে সে নির্বাচন কখনোই মেনে নেয়া হবে না। মানবে না গণতান্ত্রিক বিশ্ব। এমন পরিস্থিতির বিরুদ্ধে প্রবাসীদের সকল ভেদাভেদের ঊর্ধ্বে উঠে ঐক্যবদ্ধ থাকতে হবে।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ, আওয়ামী পরিবার, সকল সহযোগী অংগ সংগঠনসহ মুক্তিযুদ্ধের পক্ষের বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, পেশাজীবী, কবি, সাংবাদিক, বুদ্ধিজীবী, সাহিত্যিক, কলামিস্ট, লেখক, কমিউনিটির উদ্যোগে আয়োজিত এ মানববন্ধনে স্লোগান উঠেছিল 'হটাও ইউনূস বাঁচাও দেশ-শেখ হাসিনার নির্দেশ'।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের অন্যতম উপদেষ্টা, বাকসু'র নায়েক ভিপি ও বীর মুক্তিযোদ্ধা ড. প্রদীপ রঞ্জন করের সভাপতিত্বে এবং সঞ্চালনা করেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের আইনবিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এডভোকেট শাহ মো. বখতিয়ার আলী।

এ সময় বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের অন্যতম উপদেষ্টা ও সিনিয়র সাংবাদিক হাকিকুল ইসলাম খোকন, অন্যতম উপদেষ্টা রমেশ নাথ, দপ্তর সম্পাদক প্রকৌশলী মোহাম্মদ আলী সিদ্দিকী, শিক্ষা বিষয়ক সম্পাদক ও কলামিস্ট এমএ করিম জাহাঙ্গীর, বীর মুক্তিযোদ্ধা ও কলামিস্ট মকবুল তালুকদার, বীরমুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা খান মিরাজ, বীর মুক্তিযোদ্ধা শওকত আকবর রিচি, বীর মুক্তিযোদ্ধা ফারুক হোসাইন, বীর মুক্তিযোদ্ধা ও কলামিস্ট খোরশেদ আনোয়ার বাবলু, বংগবন্ধু আইনজীবী পরিষদের সভাপতি অ্যাডভোকেট মোর্শেদা জামান, কন্ঠস্বর৭১ এর সাধারণ সম্পাদক এডভোকেট মিয়া জাকির, শেখ হাসিনা মঞ্চের সভাপতি ও আওয়ামী লীগ নেতা জালাল উদ্দিন জলিল, আওয়ামী লীগ নেতা আকতার হোসেন, সাবেক ইউপি চেয়ারম্যান ও আওয়ামী লীগ নেতা ইকবাল হোসেন, যুক্তরাষ্ট্র মহিলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক রুমানা আক্তার, নাজনীন সুলতানা পলি, নাজনীন ইমতিয়াজ, সাংবাদিক সোহেল চৌধুরী, আওয়ামী লীগনেতা একে চৌধুরী, নিউইয়র্ক সিটি আওয়ামী লীগের সভাপতি রফিকুর রহমান, যুগ্ম সাধারণ সম্পাদকমোহাম্মদ বিল্লাহ দুলাল, রফিক আহমেদ, অবিনাশ দাস, মো. সুমন, আখতার হোসেন, এডভোকেট কানিজ ফাতেমা, যুব লীগের আহবায়ক শেখ জামাল হোসাইন, ইকবাল চৌধুরী প্রমুখ।

## শীতের কড়ায় বাড়ে মানসিক চ্যালেঞ্জ

২০ পৃষ্ঠার পর

পুরুষেরা সামাজিক সংকোচ বা ভুল ধারণার কারণে চিকিৎসা নিতে কুণ্ঠাবোধ করেন। কিশোরদের মধ্যে মাত্র ২ শতাংশ চিকিৎসা সুবিধা পায়, যা ভবিষ্যৎ প্রজন্মের জন্য বড় হুমকি। বিশ্বব্যাপীও মানসিক রোগ বাড়ছে। বর্তমানে প্রায় ৯৭ কোটি মানুষ বিভিন্ন মানসিক রোগ বা মাদকাসক্তির সমস্যায় ভুগছে। তাই মানসিক স্বাস্থ্যকে আর অবহেলা করার সুযোগ নেই; বরং এটি এখন জনস্বাস্থ্যের অন্যতম বড় চ্যালেঞ্জ।

মানসিক রোগের কারণ

মানসিক রোগ কোনো একক কারণে তৈরি হয় না; বরং জটিল ও বহুস্তরীয় উপাদানের সম্মিলিত প্রভাব এতে কাজ করে।

১. জেনেটিক কারণ

পরিবারে পূর্বে মানসিক অসুস্থতার ইতিহাস থাকলে ঝুঁকি অনেক বেড়ে যায়।

২. দীর্ঘস্থায়ী শারীরিক রোগ

হৃদরোগ, ক্যান্সার, হরমোনজনিত রোগ বা বারবার অসুস্থ হয়ে পড়ার অভ্যাসও মানসিক শক্তি দুর্বল করে।

৩. মাদকাসক্তি

অ্যালকোহল, ইয়াবা, গাঁজা, আইসসহ এমন নেশা মস্তিষ্কের স্বাভাবিক রাসায়নিক ভারসাম্য নষ্ট করে মানসিক রোগ বাড়ায়।

৪. ট্রমা ও মস্তিষ্কে আঘাত

শিশুকালে সহিংসতা, দুর্ঘটনা বা মানসিক ট্রমা দীর্ঘমেয়াদে মানসিক সমস্যা তৈরি করে।

৫. নিদ্রাহীনতা ও ক্রনিক স্ট্রেস

আজকের ব্যস্ত জীবনে ঘুমের অভাব, কর্মচাপ, উদ্বেগ ও হতাশা মানসিক রোগের অন্যতম প্রধান কারণ।

৬. পারিবারিক অস্থিরতা ও পরিবেশগত চাপ

পরিবারে বিচ্ছেদ, ঝগড়াঝাঁটি, অর্থনৈতিক সংকট বা একাকীত্বও মানসিক স্বাস্থ্যকে ক্ষতিগ্রস্ত করে।

লক্ষণ যেগুলো দেখলে সতর্ক হবেন

মানসিক রোগের লক্ষণ সাধারণ আচরণগত পরিবর্তনের মতো মনে হলেও সময়মতো চিহ্নিত করা জরুরি।

আচরণ বা মেজাজে অকারণ পরিবর্তন
দীর্ঘদিন মন খারাপ বা বিষণ্ণতা
পরিবার-বন্ধুদের সঙ্গে যোগাযোগ কমিয়ে ফেলা
সবকিছুতে নেতিবাচক দৃষ্টিভঙ্গি
রাগ, উত্তেজনা বা অসহিষ্ণুতা বৃদ্ধি
গায়েবি আওয়াজ শোনা অথবা অযৌক্তিক সন্দেহ
কাজের প্রতি অনীহা, মনোযোগের ঘাটতি
ব্যক্তিগত পরিচর্যা বা পরিষ্কার-পরিচ্ছন্নতা অবহেলা
ঘুম ও খাওয়ার অভ্যাসে অস্বাভাবিক পরিবর্তন

এসব লক্ষণ দীর্ঘসময় ধরে থাকলে বিশেষজ্ঞের পরামর্শ নেওয়া অত্যন্ত জরুরি।

মানসিক রোগের ধরন

মানসিক রোগ সাধারণত দুই ভাগে বিভক্ত

১. নিউরোসিস

তুলনামূলক হালকা সমস্যা; রোগী বাস্তবতা বুঝতে পারে এবং আশপাশের মানুষের জন্য বিপজ্জনক নয়। যথাসময়ে চিকিৎসায় দ্রুত উন্নতি হয়।

২. সাইকোসিস

গুরুতর মানসিক সমস্যা; রোগী বাস্তবতা থেকে বিচ্ছিন্ন হয়ে যেতে পারে। আচরণ অস্বাভাবিক হয়ে যায় এবং নিজে বা অন্যের জন্য ঝুঁকি তৈরি হতে পারে। সিজোফ্রেনিয়া, ম্যানিয়া বা গুরুতর বিষণ্ণতা এর অন্তর্ভুক্ত।

শীতকালে মানসিক সমস্যার বৃদ্ধি: কেন?

শীতের দিনে সূর্যের আলো কম থাকে, আর দিন ছোট হয়ে আসে। এই পরিবর্তন মস্তিষ্কে সেরোটোনিনের মাত্রা কমিয়ে দেয়, যা সরাসরি মেজাজ নিয়ন্ত্রণ করে। ফলে অনেকেই শীতকালে হতাশা, মনমরা ভাব ও অস্থিরতায় ভোগেন। এই অবস্থাকে বলা হয়-

সিজনাল অ্যাফেক্টিভ ডিজঅর্ডার

অথবা মৌসুমী বিষণ্ণতা।

এ রোগের সাধারণ লক্ষণগুলো

অতিরিক্ত ক্লান্তি
বেশি ঘুমানোর প্রবণতা
ওজন বৃদ্ধি
কাজে অনাগ্রহ
মনোযোগের অভাব
একা থাকতে ইচ্ছা করা

অনেকের ক্ষেত্রে এটি হালকা আকারে দেখা যায়, যাকে "উইন্টার ব্লুজ" বলা হয়।

মোকাবিলার কার্যকর উপায়

শীতকালে মানসিক সুস্থতা বজায় রাখতে কিছু সহজ অভ্যাস অত্যন্ত কার্যকর:

১. রোদে থাকা

প্রতিদিন ১৫-৩০ মিনিট রোদে হাঁটাচলা করলে সেরোটোনিন বাড়ে ও মন ভালো থাকে।

২. লাইট থেরাপি

যেসব অঞ্চলে রোদ কম, সেখানে এটি অত্যন্ত উপকারী।

৩. নিয়মিত ব্যায়াম

রোজ ৩০ মিনিট ব্যায়াম মানসিক চাপ কমায়, শক্তি বাড়ায় এবং ঘুম ভালো করে।

৪. ঘুমের নিয়ম ঠিক রাখা

নির্দিষ্ট সময় অনুযায়ী ঘুম-জাগরণের অভ্যাস মানসিক স্থিতি উন্নত করে।

৫. পরিবার-বন্ধুদের সঙ্গে যোগাযোগ রাখা-একাকীত্ব মানসিক রোগকে আরও বাড়ায়।

৬. প্রয়োজনে বিশেষজ্ঞের সাহায্য নেওয়া-লক্ষণ দীর্ঘস্থায়ী হলে দেরি করা উচিত নয়।

পরিশেষে বলতে চাই, মানসিক স্বাস্থ্যকে গুরুত্ব দেওয়ার সময় এখনই। মানসিক অসুস্থতা কোনো দুর্বলতা নয়; বরং এটি চিকিৎসাযোগ্য একটি স্বাস্থ্যসমস্যা। পরিবার, সমাজ ও রাষ্ট্রের সম্মিলিত উদ্যোগ-কুসংস্কার দূর করা, রোগীর পাশে দাঁড়ানো এবং তাদের চিকিৎসায় সহযোগিতা করাই মানসিক সুস্থতার মূলভিত্তি।

ব্যক্তিগত সচেতনতা, পারিবারিক সমর্থন এবং ইতিবাচক সামাজিক পরিবেশ গড়ে তুললেই মানসিক সুস্থতা নিশ্চিত করা সম্ভব।

লেখক: চিকিৎসক, কলাম লেখক ও গবেষক, প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান: জাতীয় রোগী কল্যাণ সোসাইটি।




**MD Golam Mostofa, ESQ.**
**NY State Attorney**
*LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.*
*Barrister-At-Law, London.*
*Attorney-At-Law, NY.*

- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters

**Address:**
Queens: 148-45 Hillside Ave
Jamaica, NY 11435

Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com


আমরাই একমাত্র
যারা সর্বোচ্চ সুবিধার
নির্ভরযোগ্য
নিশ্চয়তা
প্রদান করি
ZAM ZAM
TRAVEL US
আমাদের সার্ভিস সমূহ
এয়ার টিকেটিং
হজ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
HOTEL
হোটেল বুকিং
ভিসা প্রোসেসিং
ওমরাহ্ প্যাকেজ
সার্ভিস প্রোভাইডার
কেন আমাদের সার্ভিস নিবেন?
বিশেষজ্ঞ দল
যাচাইকৃত ভিসা চেকলিস্ট
প্রিমিয়াম সহায়তা
নিখুঁত ভিসা আবেদন পরিষেবা
ZAM ZAM TRAVEL US
in a Partnership with
إثراء الخير
ITHRAA ALKHAIR
এয়ার লাইন সমূহ
السعودية
SAUDIA
QATAR
AIRWAYS القطرية
Emirates
TURKISH
AIRLINES
ঢাকা অফিস
+88 017 1133 6292
Tropical Mollah Tower
Shop no: 08 (4th Floor), Progoti Sharoni
Middle Badda, Dhaka 1212, Bangladesh
নিউইয়র্ক অফিস
+1 718 395 9697
37-15 73 Street (Suite-207),
Jackson Heights, NY-11372
zamzamtravelus
www.zamzamtravelus.com
zamzamtravelus@gmail.com

## জাতীয় ইতিহাস নিয়ে ফ্রিস্টাইল বয়ান!

১০ পৃষ্ঠার পর

ইতিহাস। এই তত্ত্বের আলোকে জাতীয় ইতিহাস রচনার মূল সংকটটি স্পষ্ট হয়। যদি ইতিহাস দলীয়, ব্যক্তিকেন্দ্রিক বা ক্ষমতানির্ভর বয়ান হয়ে ওঠে, তবে সেই কল্পিত সম্প্রদায় ভেঙে যায় বা খণ্ডিত হয়। বাংলাদেশের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার ইতিহাস যদি একেক সময়ে একেক দলের "নিজস্ব সম্পত্তি" হয়ে ওঠে, তবে একটি অভিন্ন কল্পিত জাতীয় সম্প্রদায় গড়ে ওঠে না। বরং একাধিক প্রতিদ্বন্দ্বী কল্পনা (শঙ্কণ্ঠবথমম রুশথমরথংক্ষরড়ঢ়রবং) সৃষ্টি হয়। অ্যান্ডারসনের ভাষায়, তখন ইতিহাস আর জাতিকে সংহত করে না, বরং জাতির ভেতর বিভাজনকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়।

অ্যান্ডারসন আরও দেখিয়েছেন যে মুদ্রণ-পুঁজিবাদ (print capitalism)-পত্রিকা, পাঠ্যপুস্তক, সরকারি ইতিহাস-জাতি নির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এখানেই রাষ্ট্রের দায়িত্ব ও ইতিহাসবিদদের নৈতিক দায় এসে যুক্ত হয়। পাঠ্যপুস্তক ও রাষ্ট্রীয় ইতিহাস যদি ক্ষমতার পরিবর্তনের সঙ্গে পাল্টে যায়, তবে জাতির "সময়বোধ" (sense of shared time) ভেঙে পড়ে। বাংলাদেশের স্বাধীনতার সংগ্রাম, ১৬ ডিসেম্বরের বিজয় দিবস নিয়ে ভিন্ন ভিন্ন বয়ান এবং আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশের ইতিহাস উপেক্ষিত হওয়ার ঘটনাও এই অভ্যন্তরীণ বয়ানগত দুর্বলতার সঙ্গে সম্পর্কিত।

সুতরাং, বেনেডিক্ট অ্যান্ডারসনের তত্ত্ব আমাদের শেখায় যে, জাতীয় ইতিহাস কোনো দলের নয়, এটি জাতির কল্পিত ঐক্যের ভিত্তি। মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার ইতিহাসকে যদি অন্তর্ভুক্তিমূলক, বহুস্বরিক এবং মৌলিক সত্যের নিরিখে ঐকমত্যপূর্ণভাবে উপস্থাপন করা না যায়, তবে সেই কল্পিত সম্প্রদায় দুর্বলই থেকে যাবে। জাতীয় ইতিহাস রচনার করণীয় তাই শুধু তথ্যসংগ্রহ নয়; বরং এমন একটি বয়ান নির্মাণ, যা রাজনৈতিক পরিবর্তনের ঊর্ধ্বে উঠে জাতিকে দীর্ঘমেয়াদে একত্রিত করতে সক্ষম। এখন ফ্রিস্টাইল ইতিহাসচর্চার অবসানে করণীয় সম্পর্কে আলোচনা করা যেতে পারে। কারণ, ফ্রিস্টাইল তথা দলীয় বা গোষ্ঠীগত ইতিহাস কেবল ইতিহাসের অপমৃত্যুই ঘটাবে না, বরং বিভেদ, বিতর্ক ও বিরোধ বাড়াবে। এজন্য প্রথম করণীয় হলো ইতিহাসকে রাষ্ট্রীয় বা দলীয় প্রচারণা থেকে পৃথক করে প্রাতিষ্ঠানিক ও পেশাদার ইতিহাসচর্চা নিশ্চিত করা। স্বাধীন ইতিহাস কমিশন, উন্মুক্ত আর্কাইভ এবং দলিলভিত্তিক গবেষণার এমন উদার ও অবারিত পরিবেশগত সুযোগ সৃষ্টি করা জরুরি, যেখানে ইতিহাসবিদরা রাজনৈতিক চাপমুক্তভাবে কাজ করতে পারবেন।

দ্বিতীয়ত, জাতীয় ইতিহাসকে একক বয়ান হিসেবে নয়, বরং সম্মিলিত ও অন্তর্ভুক্তিমূলক বয়ান হিসেবে নির্মাণ করতে হবে-যেখানে মুক্তিযুদ্ধের সামরিক, রাজনৈতিক, সামাজিক ও আন্তর্জাতিক মাত্রা একসঙ্গে বিবেচিত হবে। বাংলাদেশের রাজনৈতিক ইতিহাসের ধারায় অখণ্ড অংশগ্রহণের বাস্তবতার বিরুদ্ধে এতে কারও একাধিপত্য থাকবে না, আবার কারও অবদানও মুছে যাবে না।

তৃতীয়ত, পাঠ্যপুস্তক ও জনইতিহাস (public history) প্রণয়নে ঐকমত্যভিত্তিক ন্যূনতম জাতীয় বয়ান নির্ধারণ করা প্রয়োজন-যাতে একই সঙ্গে মৌলিক সত্য ও ঘটনাবলিকে প্রশ্নহীন করবে এবং ঐতিহাসিক ব্যাখ্যায় বহুমাত্রিক কণ্ঠস্বরের প্রতিধ্বনি শোনা যাবে। এর ফলে ইতিহাস আর ক্ষমতার পালাবদলের সঙ্গে পাল্টাবে না। সর্বশেষে, ইতিহাসবিদদের নিজেদেরও বুদ্ধিবৃত্তিক দায় পালন করতে হবে-নীরব দর্শক বা দলীয় আনুগত্যশীল সহজাত বুদ্ধিজীবী না থেকে দলীয় বা গোষ্ঠীগত ইতিহাসের প্রবণতার বিরুদ্ধে পদ্ধতিগত, যুক্তিনির্ভর ও নৈতিক অবস্থান গ্রহণ করতে হবে।

বাংলাদেশ সৃষ্টির ৫৪ বছর পরেও "আর কতদিন ফ্রিস্টাইল ইতিহাস?"-এই প্রশ্নটি মোটেও কাম্য নয়। আবার, এই প্রশ্নের উত্থাপন নিছক আবেগী প্রতিবাদ মাত্র নয়। এই প্রশ্নের সঙ্গে জড়িত জাতীয় ইতিহাস রচনার একটি গভীর তাত্ত্বিক ও নৈতিক সংকট। এই সংকট কাটিয়ে উঠতে পারলেই বাংলাদেশের মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার ইতিহাস সত্যিকার অর্থে সর্বজনীন জাতীয় ইতিহাসে রূপ নিতে পারবে এবং দেশে বা বিদেশে ইচ্ছামতো, ফ্রিস্টাইলে ঐতিহাসিক বয়ান নির্মাণ ও প্রচারের যাবতীয় অপধারার কবর রচিত হবে।

**প্রফেসর ড. মাহফুজ পারভেজ : চেয়ারম্যান, রাজনীতি বিজ্ঞান বিভাগ বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এবং নির্বাহী পরিচালক, চট্টগ্রাম সেন্টার ফর রিজিওন্যাল স্টাডিজ, বাংলাদেশ (সিসিআরএসবিডি)।**

## আল্লাহর পক্ষ থেকে নবীজির প্রতি বিশেষ হেদায়েত

২৫ পৃষ্ঠার পর

*(মুহাম্মদ রশিদ রিদা, তাফসীরুল মানার, ৩/১৮৪, মিশর: দারুল মানার, ১৯৫৩)*। এই সরল পথের জন্যই আমরা আল্লাহর কাছে প্রার্থনা করি, "আমাদেরকে সরল পথ দেখান।" *(সুরা ফাতিহা, আয়াত: ৬)*।

এই সরল পথই হলো 'দীনান ক্বিয়ামান' বা সুপ্রতিষ্ঠিত ধর্ম, যা মানুষের জীবনধারণ ও পরকালের কল্যাণ নিশ্চিত করে।

এটি এমন এক দীন, যা মানুষের সামগ্রিক জীবনের জন্য অপরিহার্য ও সঠিক ব্যবস্থা প্রতিষ্ঠা করে।

শায়খ মুহাম্মদ আবু যাহরা (রহ.) উল্লেখ করেছেন যে, আল্লাহ তাঁর নবীকে (সা.) নির্দেশ দিলেন যেন তিনি পরিষ্কারভাবে ঘোষণা করেন যে, তিনি হেদায়েতপ্রাপ্ত, তথা সেই সুপ্রতিষ্ঠিত ধর্ম অনুসরণ করছেন, যা ইবরাহিম (আ.)-এর মিল্লাত। (মুহাম্মদ আবু যাহরা, যুহরাতুত তাফাসির, ৪/৫১৪, কায়রো: দারুল ফিকর আল আরাবি, ১৯৯৭)। নবীজি (সা.)-কে এই ঘোষণা দিতে বলা হয়েছে যাতে তিনি আরবদের সম্বোধন করতে পারেন। তিনি বলছেন যে, এই হেদায়েত সেই প্রতিপালক পক্ষ থেকে এসেছে যিনি তাঁকে সৃষ্টি করেছেন ও লালন-পালন করেছেন। তাই এটি হেদায়েতে হক্ব, যার মধ্যে কোনো গোমরাহী, কল্পনা বা ব্যক্তিগত ইচ্ছা নেই। এই হেদায়েত যে স্বয়ং সৃষ্টিকর্তার পক্ষ থেকে, তা আরবি ব্যাকরণের 'ইন্না' অব্যয় দ্বারা জোর দেওয়া হয়েছে।

হেদায়েতের তিনটি বৈশিষ্ট্য

এই হেদায়েতের মাধ্যমে প্রাপ্ত দীন তিনটি অনুপম গুণাবলিতে ভূষিত:

এটি সিরাতে মুস্তাকিম বা সরল পথ: এটি বক্রতা বা জটিলতা মুক্ত, যা মানুষকে সন্দেহের ঊর্ধ্বে থাকা সত্যের কাছে পৌঁছে দেয়। এটি মানব-প্রকৃতির সহজাত ও সরল ধর্ম।

এটি দীনান ক্বিয়ামান বা সুপ্রতিষ্ঠিত ধর্ম: 'ক্বিয়াম' শব্দের অর্থ এমন কিছু যা সঠিক এবং উচ্চতম অবস্থানে প্রতিষ্ঠিত। এই দীন সব ধর্মের মধ্যে সর্বোচ্চ স্থান অধিকার করে।

এটি মিল্লাতে ইবরাহিম বা ইবরাহিমের আদর্শ: এটি একটি অতিরিক্ত সম্মান ও গৌরব, যা ইবরাহিম (আ.)-এর ঐতিহ্যের সঙ্গে এই ধর্মের সম্পর্ক স্থাপন করে। এর মাধ্যমে সেই আরবদের জবাব দেওয়া হয়েছে যারা নবী ইবরাহিমের বংশধর হওয়ার অহংকার করত, কিন্তু মূর্তি পূজা করত। নবীজি পরিষ্কার করে দিলেন যে তিনিই ইবরাহিমের প্রকৃত মিল্লাতের ওপর আছেন। এই ধর্মের আরেকটি অলংকৃত গুণ হলো 'হানিফান' বা একনিষ্ঠ (সুরা বাকারাহ, আয়াত: ১৩৫), অর্থাৎ এটি মিথ্যা থেকে বিমুখ এবং সত্যের দিকে নিবিষ্ট।

২. হেদায়েতের পূর্ণতা ও সম্প্রসারণ: আল্লাহ তায়ালা বলেন, "যেন আল্লাহ আপনার অতীত ও ভবিষ্যতের সব ত্রুটি ক্ষমা করে দেন, আপনার প্রতি তাঁর অনুগ্রহ পূর্ণ করেন এবং আপনাকে সরল পথ দেখান।" (সুরা ফাতহ, আয়াত: ২)। এই আয়াতের শেষ অংশটি এই আলোচনার জন্য প্রাসঙ্গিক: "এবং আপনাকে সরল পথ দেখান"।

ইবনে আশুর (রহ.) এই আয়াতের ব্যাখ্যায় বলেন যে এটি পূর্ববর্তী হেদায়েতের উপর আরও অতিরিক্ত হেদায়েতকে বুঝায়। (মুহাম্মদ তাহির ইবনে আশুর, আত-তাহরির ওয়াত-তানভির, ২৬/১৫৯, তিউনিস: দার সাহনুন, ১৯৯৭)

নবীজি (সা.)-এর জন্য সিরাতে মুস্তাকিমের হেদায়েত তাঁর নবুয়তের শুরু থেকেই প্রতিষ্ঠিত ছিল। কিন্তু ইসলামের বিধান ও শরীয়তের ব্যাখ্যার প্রসার লাভের সঙ্গে সঙ্গে এই হেদায়েতও বৃদ্ধি পেতে থাকে। ইসলামের ভূখণ্ড বৃদ্ধি এবং মুসলিমদের সংখ্যাধিক্যের কারণে নবীজিকে তাদের পথপ্রদর্শন, পরিচালনার, মাতৃভূমি রক্ষার এবং শত্রুদের প্রতিহত করার জন্য অনেক নতুন পথ ও পদ্ধতির প্রয়োজন হয়েছিল।

সুতরাং এই হেদায়েত ছিল অতীতের হেদায়েতের ওপর সুদৃঢ় থাকা এবং পূর্বের অপ্রকাশিত বিষয়ে হেদায়েত লাভ করার এক সম্মিলিত রূপ। এই আয়াতে 'সিরাত' শব্দটি আরবি ব্যাকরণে 'তানভীনুল তা'যিম' (মহত্ত্ব প্রকাশক তানভীন) সহ ব্যবহার করা হয়েছে, যা এই পথের মহিমা প্রকাশ করে।

## অস্কারে বাংলাদেশ ব্যর্থ আবারও

৪৬ পৃষ্ঠার পর

পিকচার আর্টস অ্যান্ড সায়েন্সেস।

এবারের আসরে বাংলাদেশসহ মোট ৮৬টি দেশের ছবি অস্কারের আন্তর্জাতিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র বিভাগে বিবেচিত হয়েছে। এরমধ্যে সংক্ষিপ্ত তালিকায় জায়গা করে নিয়েছে ১৫টি ছবি। এগুলো হলো আর্জেন্টিনার 'বেলেন', ব্রাজিলের 'দ্য সিক্রেট এজেন্ট', ফ্রান্সের 'ইট ওয়াজ জাস্ট অ্যান অ্যাক্সিডেন্ট', জার্মানির 'সাউন্ড অব ফলিং', ভারতের 'হোমবাউন্ড', ইরাকের "দ্য প্রেসিডেন্ট'স কেক", জাপানের 'কোকুহো', জর্ডানের "অল দ্যাট লেফট'স অব ইউ", নরওয়ের 'সেন্টিমেন্টাল ভ্যালু', ফিলিস্তিনের 'প্যালেস্টাইন ৩৬', দক্ষিণ কোরিয়ার 'নো আদার চয়েস', স্পেনের 'সিরাট', সুইজারল্যান্ডের 'লেট শিফট', তাইওয়ানের 'লেফট-হ্যান্ডেড গার্ল' ও তিউনিসিয়ার 'দ্য ভয়েস অব হিন্দ রাজাব'। এরমধ্যে অ্যাকাডেমির সব শাখার সদস্যদের ভোটে চূড়ান্ত মনোনয়ন পাবে ৫টি চলচ্চিত্র।

৯৮তম অস্কারের সেরা আন্তর্জাতিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র বিভাগে বাংলাদেশের প্রতিনিধিত্ব করার আশায় 'বাড়ির নাম শাহানা' ছাড়াও জমা পড়েছিল মাকসুদ হোসেন পরিচালিত 'সাবা', আকরাম খানের 'নকশিকাঁথার জমিন', শঙ্খ দাশগুপ্ত পরিচালিত 'প্রিয় মালতী' ও মনজুরুল ইসলাম মেঘের 'মন্দা'। বাংলাদেশ ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজের তত্ত্বাবধানে গঠিত অস্কার কমিটির ছয় সদস্য যাচাই-বাছাই ও পর্যালোচনা করে 'বাড়ির নাম শাহানা' চূড়ান্ত করে। কমিটিতে সভাপতিত্ব করেন বাংলাদেশ ফেডারেশন অব ফিল্ম সোসাইটিজের মোহাম্মদ জহিরুল ইসলাম। কমিটিতে সদস্য ছিলেন সাংবাদিক ও সমালোচক সাজ্জাদ শরিফ, চিত্রগ্রাহক রাশেদ জামান, প্রযোজক শাহরিন আক্তার সুমি, পরিচালক শাহীন দিল-রিয়াজ ও চলচ্চিত্র বিষয়ক শিক্ষক এস এম ইমরান হোসেন।

নব্বই দশকের পটভূমিতে সত্যি ঘটনা অবলম্বনে নির্মিত 'বাড়ির নাম শাহানা' নির্মাণ করেছেন লীসা গাজী। অস্কারের ইতিহাসে এবারই প্রথম বাংলাদেশের প্রতিনিধিত্ব করেছে কোনো নারী পরিচালকের চলচ্চিত্র। ছবিটির গল্প দীপা নামের এক নারীকে ঘিরে। কৈশোর পেরোনোর আগেই মেয়েটির বিয়ে হয়ে যায়। এরপর নির্যাতনের জাল ছিঁড়ে নিজের মতো করে বাঁচতে লড়াই চালিয়ে যায় সে। দীপা চরিত্রে অভিনয় করেছেন লন্ডনপ্রবাসী ব্যান্ডের গায়িকা আনান সিদ্দিকা। তিনি ও লীসা গাজী যৌথভাবে ছবিটির চিত্রনাট্য লিখেছেন।

গত ১৯ সেপ্টেম্বর দেশের বিভিন্ন প্রেক্ষাগৃহে বাণিজ্যিকভাবে মুক্তি পায় 'বাড়ির নাম শাহানা'। ২০২৩ সালে জিও মামি মুম্বাই চলচ্চিত্র উৎসবে 'জেন্ডার সেনসিটিভিটি অ্যাওয়ার্ড' পেয়েছে ছবিটি। এর অর্জনের খাতায় আরও আছে লন্ডন, শিকাগো, মেলবোর্ন ও রোমে বিভিন্ন চলচ্চিত্র উৎসবের পুরস্কার। ছবিটি যৌথভাবে প্রযোজনা করেছে গুণী বাবা প্রোডাকশনস লিমিটেড ও লন্ডনভিত্তিক শিল্পসংগঠন কমলা কালেক্টিভ।

এদিকে আন্তর্জাতিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্রসহ এবারের অস্কারের মোট ১২টি বিভাগের সংক্ষিপ্ত তালিকা প্রকাশিত হয়েছে মঙ্গলবার। বাকি ১১টি বিভাগ হলো অ্যানিমেটেড স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, কাস্টিং, চিত্রগ্রহণ, প্রামাণ্য চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য প্রামাণ্য চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, মেকআপ অ্যান্ড হেয়ারস্টাইলিং, মৌলিক আবহ সংগীত, মৌলিক গান, শব্দ, ভিজ্যুয়াল ইফেক্টস।

২০২৬ সালের ২২ জানুয়ারি ঘোষণা করা হবে চূড়ান্ত মনোনয়ন তালিকা। আগামী বছরের ১৫ মার্চ যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসের ডলবি থিয়েটারে জমকালো আয়োজনে ২৪টি বিভাগে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে। টানা দ্বিতীয়বারের মতো অনুষ্ঠানটি সঞ্চালনা করবেন আমেরিকান কমেডিয়ান কোনান ওব্রায়েন। এবিসি নেটওয়ার্ক সারা বিশ্বের ২০০টিরও বেশি দেশে অনুষ্ঠানটি সরাসরি দেখাবে।

## গর্ভবতী সন্দেহে পরীক্ষার পর যুক্তরাষ্ট্রের ভিসা

৬২ পৃষ্ঠার পর

গত ১১ বৃহস্পতিবার ডিসেম্বর সন্ধ্যায় সামাজিক যোগাযোগমাধ্যম এক্স প্ল্যাটফর্মে পোস্ট করা এক বার্তায় ভারতের মার্কিন দূতাবাসের পক্ষ থেকে বলা হয়েছে, কোনো আবেদনকারীর ব্যাপারে যুক্তরাষ্ট্রের কনস্যুলার কর্মকর্তাদের যদি এই বিশ্বাস জন্মায় যে ওই আবেদনকারী সন্তানের জন্ম দেওয়ার জন্য ভিজিট ভিসার আবেদন করেছেন, তাহলে সেই আবেদন বাতিল বলে গণ্য করা হবে।

যুক্তরাষ্ট্রের সংবিধানের চতুর্দশ ধারা অনুসারে, কোনো শিশু যদি দেশটির ভূখণ্ড, জলসীমা কিংবা আকাশসীমায় জন্ম নেয়, তাহলে ওই শিশু স্বয়ংক্রিয়ভাবে মার্কিন নাগরিকত্ব লাভ করে। এই ১২৫ বছরের পুরোনো নিয়মটিই এতদিন ধরে বার্থ ট্যুরিজম-এর মূল ভিত্তি ছিল।

২০২৪ সালের নির্বাচনে জয়ী হয়ে দ্বিতীয় দফায় প্রেসিডেন্ট হিসেবে শপথ নেওয়ার পরপরই ডোনাল্ড ট্রাম্প অবৈধ অভিবাসন সংক্রান্ত একাধিক নির্বাহী আদেশ জারি করেন। এর মধ্যে জন্মসূত্রে নাগরিকত্ব প্রাপ্তির ধারা বাতিল বিষয়ক একটি আদেশও ছিল, যা নিয়ে তীব্র বিতর্ক শুরু হয়।

প্রেসিডেন্ট ট্রাম্পের এই আদেশের বিরুদ্ধে মামলা হয়েছে যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টে। সম্প্রতি সুপ্রিম কোর্ট এই মামলার শুনানি করতে সম্মতি জানিয়েছেন। সুপ্রিম কোর্ট যদি প্রেসিডেন্ট ট্রাম্পের নির্দেশেই সিলমোহর দেন, তবে যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব সংক্রান্ত ১২৫ বছরের পুরোনো নিয়ম বদলে যাবে।

অভিবাসন নীতি নিয়ে কঠোর অবস্থান নেওয়া ট্রাম্প সম্প্রতি এক সাক্ষাৎকারে বলেছেন, যুক্তরাষ্ট্র জন্মসূত্রে নাগরিকত্ব পাওয়া লাখ লাখ মানুষের দায়িত্ব নিতে পারবে না। তবে মার্কিন প্রেসিডেন্ট ইঙ্গিত দিয়েছেন, সুপ্রিম কোর্ট তার পক্ষে রায় দিলেও ইতিমধ্যে যারা জন্মসূত্রে নাগরিকত্ব পেয়েছেন, তাদের কোনো সমস্যা হবে না।

## রিয়েলেটরস অ্যাসোসিয়েশনের রানি নাইটস অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

করেন। তারা হলেন কো-কনভেনার সাইফুর আর লিকন, কো-কনভেনার আদান ইসলাম, মামুন প্রামানিক, মোহাম্মদ রাজ্জাক মুন্না, জামাল হোসেন, জুবায়ের এইচ আলি, মামুন আহমেদ, শামীম নাসির, মোহাম্মদ এ হোসেন, সাদমান জামান, আশিকুর আর রিনয়, আফজালুর রহমান দিদার, নুরুল ইসলাম মিলন, রফিকুল ইসলাম, মোহাম্মদ কে আহমেদ, মোহাম্মদ এম মিজা, গোলাম হোসেন।

রানি'র আহ্বায়ক এইচ এম ইকবাল, সদস্য সচিব মামুদ সিরাজী, প্রধান সমন্বয়কারী নুরুজ্জামান সরদার শুভেচ্ছা বক্তব্যে সংগঠনের উদ্দেশ্য, করণীয় সম্পর্কে তারা বিস্তারিত তুলে ধরেন এবং নিউইয়র্কের রিয়েলেটর বিজনেসম্যানদের যে কোনো সমস্যায় ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান। অনুষ্ঠানের গেস্ট অব অনার নিউইয়র্ক স্টেট সিনেটর নাতালিয়া ফার্নান্ডেজ বলেন, নিউইয়র্ক স্টেটের রিয়েলেটর ব্যবসায়ীদের সমস্যা স্টেট সিনেটে তুলে ধরতে ও সমস্যা সমাধানে কার্যকর উদ্যোগ নিতে চেষ্টা করব।

অপর গেস্ট অব অনার নিউইয়র্ক স্টেট এসেম্বলিওম্যান জেনিফার রাজকুমার বলেন, বাংলাদেশ কমিউনিটির সাথে আমি সব সময় আছি।

বাংলাদেশ সোসাইটির পক্ষে সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী বলেন, আপনাদের যে কোনো প্রয়োজনে পাশে থাকব

অনুষ্ঠানের প্রধান পৃষ্ঠপোষক ও সংগঠনের প্রধান উপদেষ্টা মোস্তাফিজুর রহমান প্রিন্স আবাসন ব্যবসায়ীদের সততার সঙ্গে তাদের কার্যক্রম চালানোর আহ্বান জানান।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য করেন ভিকে সি এক্সইট রিয়েলেটি, ওসমান ফারুকী, সি টি এস প্রানি সিং, মরণেন্দ্র ব্রোকার ফায়ানা ওসপিনা, সিপিএ জাকির চৌধুরী, বাংলাদেশ সোসাইটির সিনিয়র সহ-সভাপতি মহিউদ্দিন দেওয়ান, ওসমান ফারুকী, জেনি কলিন্স, ক্যাটলিন কলিন্স, ইউনি টাকিটা, জাকি বাজওয়া, সারওয়ার খান বাবু প্রমুখ।

## শিশুর মস্তিষ্কের বিকাশে সেরা ৮ খাবার

২০ পৃষ্ঠার পর

ভিটামিন বি১২, ক্যালসিয়াম ইত্যাদি দিয়ে স্নায়ু, হাড় ও দাঁতের বিকাশে সহায়ক।

**৪. সবুজ শাকসবজি**

বিশেষ করে পালংশাক ও ব্রকলি আয়রন, ফলিক অ্যাসিড ও অ্যান্টিঅক্সিডেন্টে সমৃদ্ধ। মস্তিষ্কের টিস্যুকে রক্ষা করে।

**৫. বাদাম, বীজ ও বিভিন্ন ধরনের ডাল**

বিশেষ করে আখরোট ও তিসি, চিয়া বীজ স্বাস্থ্যকর ফ্যাট, প্রোটিন, জিঙ্ক ও ভিটামিন ই-র ভালো উৎস। স্মৃতিশক্তি বাড়ায়। মস্তিষ্কের কোষ রক্ষা করে, শক্তি বজায় রাখে, মনোযোগ ও শেখার ক্ষমতা বাড়াতে সহায়ক। আর বিভিন্ন ধরনের ডাল প্রোটিন, আয়রন ও ফলিক অ্যাসিডের ভালো উৎস।

**৬. ফলমূল**

বিশেষ করে কলা, ও বেরিজাতীয় ফল দিন শিশুকে। এসবে প্রাকৃতিক চিনি, পটাশিয়াম ও অ্যান্টিঅক্সিডেন্ট পাবে সে। এসব ফলের অ্যান্টি-অক্সিডেন্ট ও ভিটামিন মস্তিষ্ককে অক্সিডেটিভ স্ট্রেস থেকে রক্ষা করে। স্মৃতি ও কোষ-সংযোগ উন্নত করতে সহায়ক।

অ্যাভোকাডো বিদেশি ফল হলেও সুপারশপগুলোয় পাবেন। এতে আছে শরীর ও মস্তিষ্কের জন্য ভালো মনোস্যাচুরেটেড ফ্যাট, যা মস্তিষ্কে রক্ত চলাচল ও কোষের স্বাভাবিক কার্যকলাপে সহায়তা করে।

**৭. গোটা শস্য**

লাল চাল, লাল আটার রুটি ও ওটসের মতো হোল গ্রেইন বা গোটা শস্য থেকে আসা খাবার ধীরগতিতে গ্লুকোজ ভাঙতে থাকে। ফলে শিশুর মস্তিষ্ক সারা দিন ধরে এনার্জি ও মনোযোগ পায়। এ ছাড়া এসবে ভিটামিন বি পাওয়া যায়, যা স্নায়ুতন্ত্র ও মস্তিষ্কের জন্য জরুরি।

**৮. খিচুড়ি**

আমাদের অতি প্রিয় খাবার। সুষম খাবার বলতে যা বোঝায়, খিচুড়ি ঠিক তাই। শিশুরা নতুন খাওয়া শেখার সময় মাছ, মাংস, ডিম, ডাল, শাকসবজি আলাদাভাবে সহজে খেতে চায় না। এতে তাদের পুষ্টির ঘাটতি হতে পারে। সে ক্ষেত্রে খিচুড়ি হতে পারে সহজ ও সেরা সমাধান।

**কিন্তু খিচুড়ি কি প্রথম শ্রেণির প্রোটিনের চাহিদা পূরণ করতে সক্ষম**

উত্তর হলো, হ্যাঁ। কীভাবে? কেননা খিচুড়ি তো মূলত উদ্ভিজ্জ খাবার। প্রথম শ্রেণির প্রোটিন হলো সেই প্রোটিন, যাতে প্রয়োজনীয় ৯টি অ্যামিনো অ্যাসিডের সবই থাকে।

প্রাণিজ প্রোটিন বা আমিষ মূলত মাছ, মাংস, ডিম, দুধ। ডালকে দ্বিতীয় শ্রেণির প্রোটিন বলা হয়; কারণ, ডালের মধ্যে লাইসিন নামক একটি অতিপ্রয়োজনীয় অ্যামিনো অ্যাসিড থাকে না।

অন্যদিকে চালের মধ্যে ওই লাইসিন নামক অ্যামিনো অ্যাসিড বেশি থাকে। আমরা যখন চাল আর ডাল একসঙ্গে রাঁধি, তখন চালের অধিক অ্যামিনো অ্যাসিড ভারসাম্য আনে।

হাতের কাছে আলু, গাজর, মটরশুঁটি, ফুলকপি, ব্রকলি, শিম, টমেটো, বাঁধাকপি, পালংশাকগুলোর একটু একটু করে নিয়ে নিতে পারেন খিচুড়িতে। তাতে সেই খাবার শিশুর জন্য হয়ে উঠবে সুপারফুড।

**সূত্র: হার্ভার্ড হেলথ**

## হাদির মৃত্যুতে উত্তাল বাংলাদেশ

১ পৃষ্ঠার পর

সহকারী হাইকমিশনারের বাড়িতে হামলা চালানোর চেষ্টা করলে পুলিশ তাকে বাধা দেয়। তবে অন্যান্য স্থানে সেনাবাহিনী ও পুলিশ মোতায়েন করা থাকলেও তারা অনেকটা নীরব দর্শকের ভূমিকা পালন করছে। জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) নেতা নাহিদ ইসলাম বলেছেন, বাংলাদেশে এখন একটা যুদ্ধাবস্থা বিরাজ করছে। ভারত শেখ হাসিনাসহ আওয়ামী লীগের নেতাদের ফিরিয়ে না দেওয়া পর্যন্ত তাদের আন্দোলন চলমান থাকবে। তাদের দাবি মানা না হলে ভারতের সঙ্গে কিছুতেই স্বাভাবিক সম্পর্ক বজায় রাখা সম্ভব নয় বলেও মন্তব্য করেন নাহিদ।

ইনকিলাব মঞ্চের মুখপাত্র ও শেখ হাসিনার বিরুদ্ধে পরিচালিত গণঅভ্যুত্থানের সামনের সারির নেতা শরিফ ওসমান হাদি প্রায় এক সপ্তাহ মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ে বৃহস্পতিবার রাতে সিঙ্গাপুরের একটি হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। এই তরুণ নেতাকে টার্গেট করে রাজধানী ঢাকার কাকরাইলের কালভার্ট রোডে দুই তরুণ মোটরসাইকেলে এসে গুলিবর্ষণ করে। হাদি তার মাথায় গুলিবিদ্ধ হয়ে লুটিয়ে পড়লে তাকে প্রথমে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে এবং পরে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থার অবনতি ঘটলে তাকে সিঙ্গাপুরে নিয়ে গিয়ে চিকিৎসা করানো হয়। কিন্তু সকল চেষ্টাকে ব্যর্থ করে দিয়ে তিনি পরপারে পাড়ি জমান। হাদির মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। একই সঙ্গে তিনি আগামী শনিবার রাষ্ট্রীয় শোক পালনের ঘোষণা দেন। প্রধান উপদেষ্টা জানান, হাদির পরিবারের দায়িত্ব সরকার নেবে। বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ওসমান হাদির মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন। তিনি বলেন, হাদি ছিলেন নির্ভিক কণ্ঠস্বর।

হাদির মৃত্যুর খবর আসার সঙ্গে সঙ্গে গোটা বাংলাদেশে ব্যাপক অরাজকতা শুরু হয়। বিক্ষুব্ধ জনতা প্রথমে শাহবাগে সমবেত হয়ে ভারত ও আওয়ামী লীগের বিরুদ্ধে স্লোগান দিতে থাকে। মধ্যরাতে একটি গ্রুপ প্রথমে প্রথম আলো ভবনে আগুন দেয়। তার কিছুক্ষণ পর ডেইলি স্টার ভবনে আগুন দেয়। দাউ দাউ করে জ্বলে আগুন। ডেইলি স্টারে দেওয়া আগুনে অনেকে আটকা পড়েন। রাত গভীর হওয়ার সঙ্গে সঙ্গে চারদিক থেকে একের পর এক হামলা, ভাংচুর, অগ্নিসংযোগের খবর আসতে থাকে। ধানমন্ডি ৩২ নম্বরে অবস্থিত বঙ্গবন্ধুর বাড়িতে হামলা চালায় জনতা। কয়েক দফা ভাঙার ফলে ৩২ নম্বরের বাড়ি প্রায় নিশ্চিহ্ন। এখন তারা এই বাড়িটিকে ধুলায় মিশিয়ে দিতে চায়। কিছু কিছু বিক্ষোভকারী ৩২ নম্বরের বাড়িতে দাঁড়িয়ে প্রকাশ্যে বলছে যে, তারা এই বাড়িতে একটি পাবলিক শৌচাগার গড়ে তুলবে। ডেইলি স্টারে হামলার সময়ে পত্রিকাটির অনেকে ভবনের ভেতরে অনেকে আটকা পড়লে দমকল বাহিনী উদ্ধারে তৎপর হয়। ইংরেজি দৈনিক দ্য ডেইলি স্টারের প্রধান কার্যালয়ের ছাদের ওপর আটকে পড়া কয়েকজন সাংবাদিককে বর্তমানে ক্রেনের মাধ্যমে উদ্ধার করছে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

বিক্ষুব্ধ জনতা ছায়ানট কার্যালয়ে হামলা চালায়। ভাংচুর করে। চট্টগ্রামে ভারতের সহকারী হাইকমিশনারের ওপরও হামলা চালানোর চেষ্টা হয়। তখন পুলিশ তাতে বাধা দেয়। এক পর্যায়ে পুলিশ এবং হামলাকারীদের মধ্যে সংঘর্ষের সৃষ্টি হয়। চট্টগ্রামে আওয়ামী লীগের নেতাদের বাড়িঘর ভাংচুর করা হয়। সাবেক শিক্ষামন্ত্রী নওফেলের বাসভবনে হামলা চালানো হয়। ধর্ম অবমাননার দায়ে ময়মনসিংহে এক ব্যক্তিকে পিটিয়ে হত্যা করা হয়। একইভাবে সারাদেশ থেকে হামলা ও ভাংচুরের খবর আসতে থাকে। এদিকে, শরিফ ওসমান হাদির লাশ আজ শুক্রবার দেশে আসবে। হাদির লাশ দেশে আসার পর পরিস্থিতি আবার পর্যবেক্ষণে রাখবে।

বাংলাদেশে জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে এই অরাজক পরিস্থিতি নির্বাচনকে আবার অনিশ্চিত করে দেয় কিনা সেই প্রশ্ন রয়েছে। কারণ এই নৈরাজ্য থামবে কিনা সেই প্রশ্নও রয়েছে। বাংলাদেশে জাতীয় সংসদ নির্বাচনের প্রাক্কালে সহিংসতা নতুন নয়। ফলে এই পরিস্থিতির মধ্যে নির্বাচনের কী হাল হয় সেটি বিবেচ্য বিষয়।

# হ্যান্ডস অন ফিজিক্যাল থেরাপি রিহাবিলেইশন

**এ. ভূঁইয়া**

এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway

170-08 Hillside Ave, Jamaica, NY 11432

Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100



# হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



**ডাঃ এফ হক**
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

জয় বাংলা



বাংলাদেশ চিরজীবী হউক

# ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস



জয় বঙ্গবন্ধু

বাংলাদেশ লিবারেশন ওয়ার ভেটেরান্স ১৯৭১ ইউএসএ ইনক এর উদ্যোগে মহান বিজয় দিবস উপলক্ষে

# আলোচনা সভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান

মুক্তিযুদ্ধের গান পরিবেশন করবেন
জনপ্রিয় কণ্ঠশিল্পী



রাজিব ভট্টাচার্য্য ও আল আমিন বাবু

তারিখঃ ২০ ডিসেম্বর
শনিবার ২০২৫
সময়ঃ সন্ধ্যা ৫ টা

স্থানঃ নবান্ন পার্টি হল
37-22 73rd St, Jackson Heights, NY 11372

মহান মুক্তিযুদ্ধ ও সুদীর্ঘ স্বাধীনতা সংগ্রামের চেতনায় উজ্জীবিত সকল প্রবাসীদের ও জাতির শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের এই অনুষ্ঠানে অংশ গ্রহণের জন্য বিনীত অনুরোধ করছি

কবিতা আবৃত্তি করবেনঃ
হাসানআল আবদুল্লাহ, মিথুন আহমেদ, গোপন সাহা ও মুমু আনসারী

বিনীত

বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা খান মিরাজ
সভাপতি
(৭১৮-৫৫৯-২৩২২)

বীর মুক্তিযোদ্ধা ফারুক হোসাইন
সাধারণ সম্পাদক
(৯২৯-৪৩১-৫১২৭)

BANGLADESH LIBERATION WAR VETERANS 1971, USA INC.
বাংলাদেশ লিবারেশন ওয়ার ভেটেরান্স ১৯৭১, ইউএসএ ইনক

## হলিউডে আরেক বড় পরিবর্তন

৪৬ পৃষ্ঠার পর

ফাইন্যান্সের অধিগ্রহণে প্রস্তাব প্রত্যাখ্যান করে নেটফ্লিক্সের বিকল্প প্রস্তাব বিবেচনার সুপারিশ করেছে।

বিশ্লেষকদের মতে, এই দুই প্রস্তাবই এমন শিল্পের জন্য খুব একটা ইতিবাচক নয়। বড় স্টুডিওগুলোর মতোই কেবল নেটওয়ার্কগুলোও চাপে পড়েছে, কারণ দর্শকরা ক্রমেই স্ট্রিমিং প্ল্যাটফর্মের দিকে ঝুঁকছেন।

অস্কারের সম্প্রচারাধিকার ইউটিউবের হাতে যাওয়ায় ভবিষ্যতে স্ট্রিমিং প্ল্যাটফর্মের ওপর নির্ভরতা আরও বাড়ার বিষয়টি আরও স্পষ্ট হচ্ছে।

## 'ধুরন্ধর' সৃষ্টি করলো বিরল নজির!

৪৬ পৃষ্ঠার পর

প্রথম সপ্তাহেই তৈরি হয়েছিল ভিত : 'ধুরন্ধর'-এর সাফল্যের বড় ভিত্তি ছিল প্রথম সপ্তাহের পারফরম্যান্স। ছবিটি প্রথম সপ্তাহ শেষে ভারতে ২০৭ কোটির বেশি আয় করে। অনেক ব্লকবাস্টার যেখানে প্রথম কয়েক দিনে আয় করে পরে গতি হারায়, সেখানে 'ধুরন্ধর' দ্বিতীয় সপ্তাহে এসে আরও বেশি শক্তিশালী হয়ে উঠেছে।

**রণবীর সিংয়ের ক্যারিয়ারের সর্বোচ্চ আয়**

রণবীর সিংয়ের সঙ্গে ছবিটিতে অভিনয় করেছেন সঞ্জয় দত্ত, অক্ষয় খান্না, অর্জুন রামপাল, সারা অর্জুন, আর মাধবন ও রাকেশ বেদি। বিশ্বব্যাপী বক্স অফিসে ছবিটির আয় এখন ৬৩৪ কোটি টাকা ছাড়িয়েছে, যা এটিকে রণবীর সিংয়ের ক্যারিয়ারের সবচেয়ে বেশি আয় করা ছবি হিসেবে প্রতিষ্ঠিত করেছে।

সব মিলিয়ে, 'ধুরন্ধর' শুধু একটি সফল সিনেমাই নয়, বরং বক্স অফিসের প্রচলিত হিসাবনিকাশ ভেঙে দেওয়া এক নজিরবিহীন উদাহরণ হয়ে থাকলো। ছবিটি মুক্তি পায় চলতি বছরের ৫ ডিসেম্বর। সূত্র: এনডিটিভি

## অবশেষে মুক্ত 'অমীমাংসিত', নির্মাতার কণ্ঠে ক্ষোভ

৪৬ পৃষ্ঠার পর

টিজার-ট্রেলার প্রকাশের পর দেখা যায়, এক সাংবাদিক দম্পতি হত্যাকাণ্ডকে ঘিরে তৈরি এই ওয়েব ফিল্ম। সেই খুনের তদন্ত করতে ক্রাইম জোনের নানা আলামতের চুলচেরা বিশ্লেষণ করতে মাঠে নামে আইনশৃঙ্খলাবাহিনী। গল্প মোড় নেয় অন্যদিকে। এরপর পরতে পরতে থ্রিল আর লোমহর্ষক ঘটনা! পরিচালক রায়হান রাফী বলেন, "'অমীমাংসিত' আমার হৃদয়ের খুব কাছের একটি ওয়েব ফিল্ম। আমরা পুরো টিম ভীষণ প্যাশন নিয়ে সিনেমাটি বানিয়েছি। এরপর মুক্তির জন্য দীর্ঘদিন অপেক্ষাও করেছি। বারবার নানা কারণে সেন্সরে আমাদের সিনেমাটি আটকে দেয়া হয়েছে। দুইবছর পর অবশেষে আইচরকিতে মুক্তি পেল। সবার উদ্দেশ্যে বলতে চাই, এই সিনেমার গল্পটি যেন নির্দিষ্ট কোনও ব্যক্তি বা কেসের সঙ্গে মিলিয়ে না দেখা হয়। কারণ, আমরা একক কোনও ঘটনার ওপর নয়, বরং বাংলাদেশের অসংখ্য 'অমীমাংসিত' কেসকে সামনে রেখে আমাদের দায়িত্ববোধের জায়গা থেকে নির্মাণ করেছি। এই সিনেমার কারণে যদি একটি 'অমীমাংসিত' কেসেও সামান্য অগ্রগতি আসে, যদি একজন দর্শকও প্রতিবাদী হয়ে ওঠেন, তাহলে সেটাই হবে আমাদের সবচেয়ে বড় প্রাপ্তি।" বলা দরকার, প্রচলিত রয়েছে এই সিনেমাটি রায়হান রাফী বানিয়েছেন আলোচিত সাংবাদিক দম্পতি সাগর-রুনি হত্যাকাণ্ডের ছায়া ধরে। বিষয়টি সামনে তুলতেই নির্মাতা নিজের ক্ষোভের অনুভূতি প্রকাশ করলেন এভাবে, "গাজীপুরে একটি বাড়িতে খুনের ঘটনা নিয়ে 'জানোয়ার' কনটেন্ট বানিয়েছিলাম। পরে ওই ঘটনায় জড়িতদের আইন অনুযায়ী শাস্তি হয়েছে। একজন নির্মাতা হিসেবে আমি চাইনা, শুধুমাত্র আমার ক্যারিয়ারে দুই কোকিল, পাপে উরাধুরা, তুফান বা পরাণের মতো সিনেমা থাকুক। আমি চাই আমার কাজ মানুষের মধ্যে প্রভাব ফেলুক। এজন্য রূপকথার নিয়ে 'আমলনামা' বানিয়েছি, মুক্তিযুদ্ধকালীন ফুটবল নিয়ে 'দামাল' বানিয়েছি। 'অমীমাংসিত' রিলিজের পর দর্শক জানুক, এর প্রভাব পড়ুক। সেটাই শুধু প্রত্যাশা।"

এর আগে শুটিংসহ সব কাজ শেষ হওয়া সত্ত্বেও সেন্সর বোর্ডের আপত্তির কারণে ২০২৪ সালের নির্ধারিত মুক্তি আর হয়নি। অনেক কাঠ-খড় পুড়িয়ে অবশেষে পুনরায় আপিলের মাধ্যমে মুক্তির অনুমতি পায় 'অমীমাংসিত'।


বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।

Md. Alamgir Hossain
Associate Broker

75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com

মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২



REAL ESTATE, DIVORCE,
IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা,
ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয়
অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী
বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

Hasan Malik, Esq.
718-433-9243

37-13 74TH ST. FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING



জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে

TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES

রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry

Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600

Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services



Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

# নিউ ফাইভ স্টার

## কাচ্চি বিরিয়ানি হাউস




নতুন স্বাদের, নতুন মানের দক্ষতার সাথে তৈরি হালাল ও প্রতিদিনের টাটকা খাবার

**পরিবার-পরিজন নিয়ে আপনাদের সবাইকে স্বাগত**

১৪৫৫-১৪৫৭ ইউনিয়নপোর্ট রোড
ব্রঙ্কস, নিউ ইয়র্ক ১০৪৬২

newfivestarkbh@gmail.com

**Phone: 718-409-6840**

জ্যাকসন হাইট্স, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

বাংলাদেশী ডাক্তার

মেডিসিন বিশেষজ্ঞ

**Internal Medicine**

**Geriatric Medicine**

শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30, 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

TEL: 718-205-6561



Starling Car Service LLC

Best Choice for your trip



একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

- 24 Hours Service
- Experienced & Professional Driver
- Affordable Price
- Airport Service
- Long Distance - Short Distance Hourly Service
- Special Occasions Service
- Wheelchair Available
- Corporate Transporation

Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825

2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com

We arrange
Base Letter &
Base Affiliate



Amader Service.com

Your Trusted Service Partner

আমাদের সেবাসমূহ

ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী

হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা

অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিস্ট্যান্ট
৬. হোম কেয়ার

এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।

Get all services you need in one place from professional expart, at home!

এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।

GET IT ON Google Play | GET IT ON App Store

CONTACT

+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410

www.amaderservice.com



প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO

917-476-6628, 718-371-8334

www.neherphotography.weebly.com

KARNAFULLY TRAVEL INC. (Approved Travel Agent)

IATA arc Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক

## Bangladeshi Foot Specialist

## Dr. Sadi Alam



পায়ের কোন সমস্যায় ভুগছেন ?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

**We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.**

Our Office Locations

01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861

আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।

**Call for Appointment**



ESTD 2017

## Tribune Training Academy

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



# 40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

**40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)**

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.



# আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?

আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।

REALTOR® MLS EQUAL HOUSING LENDER





**KAZI N JALAL**
Licensed Sale Agent

## ARA REALTY SERVICES INC

*A full Service Real Estate Brokerage of Professional Company*

158-10 84th DriveJamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com
Office: 917-417-6766
Cell: 516-439-0156



# CHAUDRI CPA P.C.

FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

## Sarwar Chaudri, CPA, MBA



ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যানশিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স
সমস্যা সমাধানে অভিজ্ঞ

AUTHORIZED IRS e-file PROVIDER

Individual and Business Tax
Audit, Financial Statement
Bookkeeping, Non-Profit
Business Setup, Licensing & Payroll
Specialized in IRS &
NYS Tax problem resolution

tax refund

*Finance, Accounting, Tax Filing, Audit & Consulting*
*(Business & Not for Profit)*

**JACKSON HEIGHT OFFICE:**
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

**BRONX OFFICE:**
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

## সিআইপি অ্যাওয়ার্ড পেলেন আজকাল সম্পাদক শাহ নেওয়াজ

১ পৃষ্ঠার পর

দেশের অর্থনীতিতে রেমিট্যান্স প্রবাহে বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখার এনআরবি ক্যাটাগরিতে সিআইপি অ্যাওয়ার্ডে ভূষিত হয়েছেন। আন্তর্জাতিক অভিবাসী দিবস এবং জাতীয় প্রবাসী দিবস-২০২৫ উপলক্ষ্যে ওসমানী স্মৃতি মিলনায়তনে বুধবার ১৭ ডিসেম্বর আয়োজিত অনুষ্ঠানে এনআরবি ক্যাটাগরিতে তিনি এ অ্যাওয়ার্ড গ্রহণ করেন।

শাহ নেওয়াজ পড়াশোনা করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে। ক্যারিয়ারের শুরুর দিকে বিদেশি দূতাবাস, ব্রিটিশ আমেরিকান টোব্যাকোতে চাকরি করেন তিনি। পরে গার্মেন্টস ব্যবসায় নাম লিখেন। খুলনার শাহ নেওয়াজ ২০০৫ সালে দেশ ছেড়ে পাড়ি জমান নিউইয়র্কে। সেখানে শুরুতে চাকরি, পরে নিউইয়র্কের ক্যানাল স্ট্রিটে ব্যবসা শুরু করেন। যুক্তরাষ্ট্রে প্রবাসী বাংলাদেশিদের মাদার সংগঠন বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান তিনি। আন্তর্জাতিক সংগঠন লায়ন্স ক্লাব ডিস্ট্রিক্ট ২০-আর২ এর সেকেন্ড ভাইস প্রেসিডেন্ট হিসেবে তিনি দায়িত্ব পালন করছেন। নিউইয়র্কে ব্যবসায়ীদের সংগঠন জেবিবিএ'র সাবেক সভাপতি তিনি। জ্যামাইকা বাংলাদেশি এসোসিয়েশনেরও সভাপতি।

শাহ নেওয়াজের এই অর্জনে প্রবাসী বাংলাদেশি কমিউনিটির নেতৃবৃন্দ তাকে অভিনন্দন জানিয়েছেন। তাদের মধ্যে উল্লেখযোগ্যরা হলেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারন সম্পাদক মোহাম্মদ আলী, সিনিয়র সহ সভাপতি মহিউদ্দীন দেওয়ান, সহ সভাপতি কামরুজ্জামান কামরুল, স্কুল বিষয়ক সম্পাদক হাসান জিলানী, নিউইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাবের সভাপতি জেএফএম রাসেল, সাধারন সম্পাদক মশিউর রহমান মজুমদার, কোষাধ্যক্ষ লায়ন মাসুদ রানা তপন ও নরসিংদী জিলা সমিতির সাধারন সম্পাদক আহসানুল হক।

রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূসের উপস্থিতিতে সময় রপ্তানি, রেমিট্যান্স, শিল্প ও বানিজ্য খাতে অবদান রাখায় গত ১৭ ডিসেম্বর এ এওয়ার্ড গ্রহণ করেন। সিআইপি (কমার্শিয়ালী ইমপরটেন্ট পারসন) হওয়ার জন্য বাংলাদেশের অভ্যন্তরীণ নিরাপত্তা ও গোয়েন্দা সংস্থা, পুলিশের বিভিন্ন গোয়েন্দা ইউনিট, বাংলাদেশ রাজস্ব বোর্ড ,বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ কনস্যুলেট সহ ১৩টি সংস্থা আবেদনকারীর ব্যাকগ্রাউন্ড, দেশে বৈদেশিক মুদ্রা প্রেরণের পরিমান, আর্থিক স্বচ্ছতা ও জাতীয় নিরাপত্তা সংক্রান্ত বিষয়গুলো যাচাই-বাছাই করার পর নির্বাচন করে থাকে।

সিআইপি হিসেবে তালিকাভুক্ত ব্যক্তিরা বিমান বন্দরে ভিআইপি মর্যাদা পাবেন। বাংলাদেশ সরকারের সচিবালয়ে প্রবেশ করতে সিআইপি কার্ডই যথেষ্ট। আলাদা কোন পাস লাগে না। ব্যবসা সংক্রান্ত সব ধরনের ভ্রমণে রিজার্ভেশনে তারা সিট প্রায়োরিটি পেয়ে থাকেন।

## ২৫ ডিসেম্বর ফিরছেন তারেক ফ্লাইটে কোন সিট খালি নেই

১ পৃষ্ঠার পর

পর দেশে ফিরছেন। আগামী ২৫ ডিসেম্বর তিনি ফিরবেন বলে বিএনপির পক্ষ থেকে জানানো হলেও মঙ্গলবার ১৬ ডিসেম্বর নিজ মুখেই এই ঘোষণা দিয়েছেন তিনি। তিনি ফিরবেন বিজি২০২ ফ্লাইটে। ১৬ ডিসেম্বর রাতেই এই ফ্লাইটের সব টিকেট বিক্রি হয়ে যায়। লন্ডন সময় ২৪ ডিসেম্বর সন্ধ্যা ৬টা ২০ মিনিটে বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে হিথ্রো বিমানবন্দর থেকে ঢাকার উদ্দেশে রওনা দেবেন তারেক রহমান। বিজি২০২ ফ্লাইটে তার সঙ্গে বিএনপির অন্তত ৫০ জন নেতা-কর্মী থাকবেন। বাংলাদেশ সময় ২৫ ডিসেম্বর সকালে ঢাকার মাটিতে পা রাখতে পারেন তিনি।

দলীয় সূত্র জানিয়েছে, তারেক রহমানের দেশে ফেরার খবরে বিএনপির অনেক নেতাকর্মী একই ফ্লাইটের টিকিট পাওয়ার চেষ্টা করেছিলেন। কিন্তু অল্প সময়ের মধ্যে সব টিকিট বিক্রি হয়ে গেছে।

এদিকে দেশে ফেরার সময় যুক্তরাজ্য বিএনপির নেতাকর্মীদের বিমানবন্দরে বিদায় দিতে ভিড় না করার অনুরোধ জানিয়েছেন তারেক রহমান। লন্ডনে যুক্তরাজ্য বিএনপি আয়োজিত বিজয় দিবস উপলক্ষে এক আলোচনা সভায় তিনি বলেন, 'আপনাদের সাথে বহুদিন ছিলাম। প্রায় ১৮ বছর আপনাদের সাথে ছিলাম, কিন্তু আগামী ২৫ তারিখে ইনশাআল্লাহ আমি দেশে চলে যাচ্ছি।' দেশে ফেরার সময় লন্ডনের বিমানবন্দরে কোনো ধরনের হট্টগোল সৃষ্টি না করার অনুরোধ জানিয়ে দলের প্রধান বলেন, '২৫ তারিখে ইনশাআল্লাহ আপনাদের দোয়ায় আল্লাহর রহমতে আমি দেশে ফিরে যাব। কিন্তু, এখানে উপস্থিত প্রত্যেক মানুষের কাছে আমার অনুরোধ, দয়া করে কেউ আপনারা সেদিন এয়ারপোর্টে যাবেন না। কারণ, এয়ারপোর্টে গেলে একটি হট্টগোল তৈরি হবে। মানুষ জানবে যে এরা সবাই বাংলাদেশি। এতে দেশের সুনাম নষ্ট হবে। দলের সুনাম নষ্ট হবে।'

তারেক রহমান দেশে ফেরার আগে তার বাসভবন ও অফিসের সংস্কারকাজও প্রায় শেষ। বাড়ির দেয়ালে শুভ্র রং, কাঁটাতারের বেড়া আর নিরাপত্তায় সিসিটিভি ক্যামেরা বসানো হয়েছে। সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিতে পুলিশ বক্স বসানো হয়েছে। ছোট গেট বদলে লাগানো হয়েছে বড় করে। ভেতরের সংস্কার কাজও শেষের দিকে।

বিএনপির মিডিয়া সেলের সদস্য আতিকুর রহমান রুমন জানান, গুলশান এভিনিউয়ের ১৯৬ নম্বর বাড়ি প্রায় প্রস্তুত। কোনো কারণে পুরোপুরি প্রস্তুত না হলে পাশেই মায়ের ভাড়া বাসা ফিরোজায় উঠবেন তারেক রহমান। দেশে ফিরে বিএনপি চেয়ারপারসনের গুলশানের কার্যালয়ে অফিস করবেন তিনি।

তিনি আরও জানান, ভারপ্রাপ্ত চেয়ারম্যানের স্ত্রী ডা. জুবাইদা রহমান এখন ঢাকায় আছেন। তাদের একমাত্র মেয়ে ব্যারিস্টার জাইমা রহমানও বাবার সঙ্গে দেশে ফিরতে পারেন। এদিকে বিএনপির চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া এবং তারেক রহমানের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে 'প্রধান নিরাপত্তা কর্মকর্তা' হিসেবে ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামসুল ইসলামকে নিয়োগ দেওয়া হয়েছে। ২০০৮ সালের ১১ সেপ্টেম্বর চিকিৎসার জন্য যুক্তরাজ্যে যান তারেক রহমান। এরপর আওয়ামী লীগ সরকার ক্ষমতায় এলে দেশে ফেরা হয়নি তার।


# জব জব হেল্প জব

**Job Help Application Processing Service**

**917-500-3937**

* পোষ্টাল জব
* ফেডারেল জব
* স্টেট জব
* এম. টি. এ জব
* সিটি জব
* রেজুমী তৈরী
* কভার লেটার
* সিটিজেনশীপ এপ্লিঃ প্রঃ
* নিউ পাসপোর্ট/রিনুয়েল
* ডুয়েল সিটিজেনশীপ
* ফুড স্ট্যাম্প
* ডিজএবিলিটি (SSI)
* সসিয়াল সিকিউরিটি (SS)
* রিটারম্যান্ট বেনিফিড



**Md. Ali**
B.Sc. LLB
Chittagong University
Retired Govt. Officer
Bangladesh

148-45, Hillside Ave, 2nd Fl, Suite 204
Jamica, NY 11435

**Phone/Fax: 917-300-6160**



বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম

BMCUI

# ব্রঙ্কস মুসলিম সেন্টার ইউএসএ ইনক

(মসজিদ আল ফেরদাউস)

## বার্ষিক সাধারণ সভা

স্থানঃ মসজিদ গৃহ 2531 Davidson Ave, Bronx, NY 10468
সময়ঃ দুপুর ১২টা থেকে শুরু
তারিখঃ ২৮ ডিসেম্বর, রবিবার, ২০২৫

সম্মানিত সুধী,
আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ,
উপরোক্ত সময়সূচী অনুযায়ী ব্রঙ্কস মুসলিম সেন্টারের কার্যকরী কমিটি, সম্মানিত বোর্ড অব ট্রাস্টি, লাইফ মেম্বার ও সকল সাধারণ সদস্য/সদস্যদের উপস্থিত থাকার জন্য সবিনয় অনুরোধ জানাচ্ছি।
*জাজাক আল্লাহ খাইরান*

এজেন্ডা সমূহঃ
- সভাপতির শুভেচ্ছা বক্তব্য
- সাধারণ সম্পাদকের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন
- কোষাধ্যক্ষের বিগত বছরের আয় ব্যয়ের অডিট রিপোর্ট প্রকাশ
- নতুন বছরের বাজেট ঘোষণা
- নতুন প্ল্যান অনুযায়ী মসজিদের নতুন ভবন নির্মাণ
- ইউথ কার্যক্রম সম্প্রসারণ ● শিক্ষা কার্যক্রম সম্প্রসারণ
- সাধারণ সদস্য ও লাইফ মেম্বার বৃদ্ধিকরণ
- যুব ও মহিলা শিক্ষা কার্যক্রম সম্প্রসারণ ● বিবিধ

অনুরোধক্রমে

| আনোয়ার হোসেন | মোঃ সোলায়মান আলী |
|---|---|
| সভাপতি | সাধারণ সম্পাদক |
| (917-379-5866) | (347-236-2737) |

বি.দ্র. নতুন সদস্য গ্রহণ ও পুরাতন সদস্য পদ নবায়নের শেষ তারিখ ২৭ ডিসেম্বর ২০২৫

সার্বিক সহযোগিতায়ঃ কার্যকরী কমিটির সকল সদস্যবৃন্দ

লাইফ মেম্বার ফি-১৫০০ ডলার, সাধারণ সদস্য ফি- মাসিক ১০ ডলার,এককালীন বার্ষিক সদস্য ফি-১০০ ডলার।

# হলিউডে আরেক বড় পরিবর্তন

## ইউটিউবে সম্প্রচার হবে অস্কার

আজকাল বিনোদন



আরেকটি বড় পরিবর্তনের সাক্ষী হতে যাচ্ছে হলিউড। ২০২৯ সাল থেকে আর এবিসি টেলিভিশনের পর্দায় দেখা যাবে না অস্কার। তখন থেকে ইউটিউবে সম্প্রচারিত হবে হলিউডের এই বিখ্যাত অনুষ্ঠানটি। বুধবার বিবিসির প্রতিবেদনে এস তথ্য জানানো হয়।

অ্যাকাডেমি অব মোশন পিকচার আর্টস অ্যান্ড সায়েন্সেস এক বিবৃতিতে জানায়, তারা ইউটিউবের সঙ্গে একটি চুক্তি করেছে। এই চুক্তির আওতায় ২০২৯ থেকে ২০৩৩ সাল পর্যন্ত অস্কার অনুষ্ঠানের বিশ্বব্যাপী সম্প্রচারের অধিকার থাকবে ইউটিউবের।

বিবিসির প্রতিবেদনে বলা হয়, অস্কার অনুষ্ঠানটি প্রায় অর্ধশতাব্দী ধরে এবিসিতে সম্প্রচারিত হয়ে আসছে। তবে ২০২৯ সাল থেকে ইউটিউবে সরাসরি ও বিনামূল্যে দেখা যাবে।

এটি হলিউডে চলমান বড় রদবদলের আরেকটি উদাহরণ। বর্তমানে স্টুডিও বিক্রি ও একীভূতকরণ, পাশাপাশি বড় আকারের প্রযোজনা খরচ কমানোর মতো সংকটের মধ্য দিয়ে যাচ্ছে শিল্পটি।

এক যৌথ বিবৃতিতে অ্যাকাডেমির সিইও বিল ক্রেমার ও প্রেসিডেন্ট লিনেট হাওয়েল টেইলর বলেন, 'অ্যাকাডেমি একটি আন্তর্জাতিক প্রতিষ্ঠান। এই অংশীদারত্ব আমাদের কাজকে বিশ্বের সবচেয়ে বড় দর্শকগোষ্ঠীর কাছে পৌঁছে দেওয়ার সুযোগ করে দেবে।'

দীর্ঘ সময় ধরে অস্কার অনুষ্ঠানের দর্শক সংখ্যা কমে এলেও ২০২৫ সালে সামান্য বৃদ্ধি পায়। বিশেষ করে মোবাইল ফোন ও কম্পিউটারের মাধ্যমে তরুণ দর্শকদের অংশগ্রহণ বেশি ছিল। ইউটিউবের সিইও নিল মোহন এক বিবৃতিতে অস্কারকে গুরুত্বপূর্ণ সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলোর একটি বলে উল্লেখ করেন।

তিনি বলেন, 'অ্যাকাডেমির সঙ্গে এই অংশীদারত্ব অস্কারের ঐতিহ্য অক্ষুণ্ন রেখে নতুন প্রজন্মের সৃজনশীলতা ও চলচ্চিত্রপ্রেমীদের অনুপ্রাণিত করবে।'

এবিসি ১৯৭৬ সাল থেকে অস্কার সম্প্রচার করে আসছে। চ্যানেলটি জানিয়েছে, তারা পরবর্তী তিনটি অনুষ্ঠান সম্প্রচার করবে, সেগুলোর জন্য অপেক্ষা করছে। এই সিদ্ধান্ত এমন সময়ে এলো, যখন ওয়ার্নার ব্রাদার্স ডিসকভারি তাদের শেয়ারহোল্ডারদের প্যারামাউন্ট এরপর ৪০ পৃষ্ঠায়



## অস্কারে বাংলাদেশ ব্যর্থ আবারও

আজকাল বিনোদন

অস্কারের সংক্ষিপ্ত তালিকায় জায়গা পেতে আবারও ব্যর্থ বাংলাদেশের চলচ্চিত্র। ৯৮তম অ্যাকাডেমি অ্যাওয়ার্ডসের আন্তর্জাতিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র বিভাগের সংক্ষিপ্ত তালিকায় নেই বাংলাদেশ থেকে পাঠানো 'বাড়ির নাম শাহানা'। মঙ্গলবার নিজেদের অফিসিয়াল ওয়েবসাইট ও সামাজিক যোগাযোগমাধ্যমে এই শর্টলিস্ট প্রকাশ করেছে অস্কারের আয়োজক অ্যাকাডেমি অব মোশন এরপর ৩৮ পৃষ্ঠায়



## 'গোপন' সফরে ঢাকায় আতিফ একের পর এক প্রাইভেট শো

আজকাল বিনোদন

গত এক মাসে ঢাকায় বাতিল হয়েছে একের পর এক কনসার্ট। পাকিস্তানের আজমত আলী থেকে ভারতের অনুব জৈন, পাকিস্তানি জাল ব্যান্ড থেকে কাবিশ, সবশেষ এ তালিকায় নাম ওঠে আতিফ আসলামের। ১৩ ডিসেম্বর ঢাকায় পারফর্ম করার কথা থাকলেও নিরাপত্তাজনিত ছাড়পত্র পায়নি আয়োজক প্রতিষ্ঠান। তাই বাতিল হয় কনসার্টটি। কনসার্ট বাতিল হলেও ঢাকা সফর বাতিল হয়নি আতিফের। সামাজিক যোগাযোগমাধ্যম থেকে জানা গেছে, ঢাকায় একের পর এক প্রাইভেট কনসার্ট করছেন আতিফ। গত বৃহস্পতিবার দুপুরে একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে তাঁর পারফর্ম করেছেন।

'মিউজিক বিয়ন্ড বাউন্ডারিস' শিরোনামের কনসার্টটি শুরু হয় বিকেল চারটায়। বিশ্ববিদ্যালয়ের মাঠের এ আয়োজনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারী ও অ্যালামনাইরা অংশ নিয়েছে।

এর আগে ১৫ ডিসেম্বর ঢাকার একটি ক্লাবে প্রাইভেট শোতে পারফর্ম করেন আতিফ। 'দ্য ফাইনাল নোট: আতিফ আসলাম' শিরোনামের এ কনসার্টের ছবি ভিডিও ঘুরছে ফেসবুকে। গতকাল ১৭ ডিসেম্বরও আরেকটি প্রাইভেট শোতে পাকিস্তানের জনপ্রিয় এই গায়কের পারফর্ম করার কথা শোনা গেছে। এরপর ৩৬ পৃষ্ঠায়



অক্ষয়, রণবীর ও সঞ্জয়

## 'ধুরন্ধর' সৃষ্টি করলো বিরল নজির!

আজকাল বিনোদন

রণবীর সিং অভিনীত ছবি 'ধুরন্ধর' বলিউড বক্স অফিসে তৈরি করলো এক বিরল নজির। সাধারণত মুক্তির প্রথম সপ্তাহান্তের পর বেশিরভাগ ছবির আয় দ্রুত কমে আসে। কিন্তু সেই প্রচলিত হিসাব পুরোপুরি উল্টে দিয়েছে আদিত্য ধর পরিচালিত এই অ্যাকশনধর্মী সিনেমাটি।

বক্স অফিস ট্র্যাকার স্যাকনিল্কের তথ্য অনুযায়ী, মুক্তির ১২তম দিনে ভারতে ছবিটি আয় করেছে ৩০.৫ কোটি টাকা, যা ছবিটির ওপেনিং ডে'র (২৮ কোটি টাকা) আয়কেও ছাড়িয়ে গেছে। দীর্ঘ সময় ধরে প্রেক্ষাগৃহে চলা এবং এ-সার্টিফিকেট (অ্যাডাল্ট) পাওয়া একটি ছবির ক্ষেত্রে এমন সাফল্য সত্যিই ব্যতিক্রমী।

বিশেষ করে উল্লেখযোগ্য বিষয় হলো, ৩.৫ ঘণ্টা দৈর্ঘ্যের ও প্রাপ্তবয়স্ক দর্শকদের জন্য নির্মিত এই অ্যাকশন স্পেকট্যাকল সাধারণত পুনরায় দর্শক টানতে বা পারিবারিক দর্শক পেতে সমস্যায় পড়ে। কিন্তু সব ধরনের প্রচলিত বক্স অফিস ধারণাকে ভুল প্রমাণ করে 'ধুরন্ধর' দ্বিতীয় সপ্তাহে আরও শক্ত অবস্থান তৈরি করেছে।

বক্স অফিসে 'ধুরন্ধর'-এর হিসাব : ১২তম দিন (১৬ ডিসেম্বর) শেষে ভারতে ছবিটির নেট আয় দাঁড়িয়েছে ৪১১.৭৫ কোটি টাকা। দ্বিতীয় সপ্তাহের কর্মদিবসগুলোতেও ছবিটির আয় ছিল বেশ শক্তিশালী, যা সাধারণত এই ধরনের ছবির ক্ষেত্রে দেখা যায় না। প্রেক্ষাগৃহ সূত্রে জানা গেছে, দেশের বড় বড় শহরে এখনও একাধিক শো হাউসফুল যাচ্ছে। শুধু তাই নয়, জম্মু ও কাশ্মীরসহ ছোট শহর ও মফস্বল এলাকাতেও ছবিটি উল্লেখযোগ্য দর্শক টানতে সক্ষম হয়েছে।যেখানে সাধারণত বড় বাজেটের সিনেমার প্রদর্শন সীমিত থাকে। এরপর ৪০ পৃষ্ঠায়

## অবশেষে মুক্ত 'অমীমাংসিত', নির্মাতার কণ্ঠে ক্ষোভ

আজকাল বিনোদন



সেন্সর বোর্ডের কাঠগড়ায় প্রায় দুই বছর আটকে থাকার পর অবশেষে মুক্ত হলো রায়হান রাফীর সিনেমা 'অমীমাংসিত'। ১৫ ডিসেম্বর সন্ধ্যা ৭টা থেকে আইস্ক্রিন প্ল্যাটফর্মে দেখতে পাচ্ছেন দর্শকরা। শুধু বাংলাদেশ নয়, পৃথিবীর যে কোনও প্রান্ত থেকে সাবস্ক্রিপশনের মাধ্যমে সিনেমাটি দেখতে পারবেন সবাই।

এমন আনন্দঘন দিনে অনেকটাই ক্ষোভ প্রকাশ করলেন দেশের সর্বশেষ সর্বাধিক সফল নির্মাতা রায়হান রাফী। সিনেমাটির প্রকাশনা উৎসবে হাজির থেকে তিনি বলেন, "সেন্সর নাকি এখন সার্টিফিকেশন বোর্ড। নামে হয়েছে সার্টিফিকেশন বোর্ড, কিন্তু নিয়ম আগেরটাই রয়েছে। অনেক গল্প সেন্সরে আটকে আছে। কোন আইনে আটকে আছে এটা নিয়ে আমাদের অনেক কথা আছে। দর্শকরা আমাদের কাছে ভিন্ন ছবি চায়, কিন্তু আমরা ভিন্ন গল্প বলতে গেলে আগেই 'সেন্সর বোর্ড আটকে দেবে' ভয় মাথায় রাখতে হয়। এভাবে তো আসলে আসল গল্পটা বলা যায় না।"

'পোড়ামন ২', 'পরাণ', 'সুড়ঙ্গ', 'তুফান', 'তাণ্ডব' নির্মাণ করে এইসময়ে সুনাম অর্জন করা নির্মাতা রায়হান রাফী পরিচালিত অরিজিনাল ওয়েব ফিল্ম 'অমীমাংসিত'। রহস্য, থ্রিলার এবং টান টান উত্তেজনায় ভরা গল্পে নির্মিত 'অমীমাংসিত'র মুক্তি উপলক্ষে সোমবার সন্ধ্যায় চ্যানেল আইয়ের ছাদ-বারান্দায় এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। যেখানে পরিচালকের সঙ্গে উপস্থিত ছিলেন আইস্ক্রিনের প্রজেক্ট ডিরেক্টর রাফায়েল মাহবুব, অভিনেতা ইমতিয়াজ বর্ষণ, তানজিকা আমিন, একে আজাদ সেতু, শেওতি, আবদুল্লাহ আল সেন্টু, শাহজাহান সৌরভ প্রমুখ।

নির্মাণের শুরু থেকে 'অমীমাংসিত' নিয়ে বাড়তি আগ্রহ দেখা যায় দর্শকদের মধ্যে। এর এরপর ৪০ পৃষ্ঠায়



## তাসনিয়া ফারিণের শীত বিলাসের আবেদন

আজকাল বিনোদন

জনপ্রিয় অভিনেত্রী তাসনিয়া ফারিণ ছোটপর্দা থেকে বড়পর্দা, সবখানেই দর্শকদের মন জয় করে চলেছেন। শুধু অভিনয় নয়, সোশ্যাল মিডিয়াতেও তিনি সক্রিয়, তার উজ্জ্বল ব্যক্তিত্ব ও বহুমুখী প্রতিভার ছাপ দিয়ে চলেছেন।

শীতের আগমনী বার্তা যেন এই মুহূর্তে সবাইকে আনন্দের স্রোতে ভাসাচ্ছে। এই প্রাকৃতিক সৌন্দর্যকে আরও উপভোগ করার জন্য সম্প্রতি তাসনিয়া ফারিণ নিজের মনের কথা প্রকাশ করেছেন। একগুচ্ছ ছবি শেয়ার করে তিনি লিখেছেন, 'বসন্ত বিলাসের পাশাপাশি শীত বিলাসের জোর দাবি এরপর ৩৬ পৃষ্ঠায়


SYLHET M.C. & GOVT COLLEGE ALUMNI ASSOCIATION OF USA INC
সিলেট এম.সি. এন্ড গভঃ কলেজ এলামনাই এসোসিয়েশন অব ইউএসএ ইনক্
নির্বাচিত কার্যকরী পরিষদ
২০২৫-২০২৭
আজিমুর রহমান (বোরহান)
সভাপতি
মামুনুর রশিদ (শিপু)
সাধারণ সম্পাদক
শাখাওয়াত আলী
সহ-সভাপতি
গোলাম কিবরিয়া চৌধুরী
সহ-সভাপতি
মোহাম্মদ রেজাউল করিম
সহ-সভাপতি
মোহাম্মদ খায়রুল ইসলাম
সহ সাধারণ সম্পাদক
আব্দুল্লাহ এম. সাব্বির আহমেদ সিকদার
সহ সাধারণ সম্পাদক
মোহাম্মদ আকমল হোসেন খান
কোষাধ্যক্ষ
আশফাক চৌধুরী
ক্রীড়া সম্পাদক
মোঃ আমিনুল হক (চুন্নু)
প্রচার সম্পাদক
সৈয়দ জিয়াউস শামস
সাংস্কৃতিক সম্পাদক
মোহাম্মদ সামাদ মিয়া
দপ্তর সম্পাদক
মোঃ মাহফুজুল বারী চৌধুরী
সদস্য
শফিক উদ্দীন চৌধুরী
সদস্য
দেওয়ান শাহেদ চৌধুরী
সদস্য
মোঃ শাহনওয়াজ চৌধুরী
সদস্য
দীদার শাহিন
সদস্য
কাজী ওদুদ আহমেদ
সদস্য
মোহাম্মদ সেলিম আলমজী
সদস্য
মোহাম্মদ মতিউর রহমান
সদস্য
রেজাউস সামাদ
সদস্য
প্রতিটি পদে একাধিক প্রার্থী না থাকায়, উপরোক্ত ২১ (একুশ) জন প্রার্থীকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করা হলো।
Ashif Chowdhury
Election Commissioner
917-741-3308
Moinul Hoque Chowdhury Helal
Chief Election Commissioner
860-938-6718
Tufael Chowdhury
Election Commissioner
917-839-4727


First Time in NY
COMMUNITY CONNECT
Scan to Register
Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM
150 State Street 4 FL
Albany 12207 NY
Speakers
The Next Bangladesh: Powered by its Global Citizens (NRBs)
Quazi M. Ahmed
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC
Cybersecurity Awarness: Protecting Ourselves and Our Community
Mahbub Rahman
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC
Refreshments will be served
Hosted by
MAJESTIC TOUCH
Organizing Partners
BOND
SUSTAIN SECURE
QUAZI consultants
GLOBAL
EAGLES BOOST
triplezero
CXO GLOBAL ALLIANCE
America TECH


পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে
প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ
মানচিত্রে প্রকল্পের অবস্থান
যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372


PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC Consumer and Worker Protection
Certified Training Institute by:
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us
1-855-JOB-PIIT(1-855-562-7448)
www.piit.us


US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.


আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড
লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়
Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

Video & Photo
**PRODUCTION SERVICES**

DFC TV
DREAM FRAME CREATIVE

- Brand Videos
- Event Coverage
- Product Demos
- Corporate Videos
- Video Editing

সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!

আমাদের সেবাসমূহ:
ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন)
কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও
সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট
লাইভস্ট্রিমিং (Facebook, YouTube)
ডকুমেন্টারি

ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও –সবকিছু এক ছাতার নিচে!



Phone
(646) 457-6732
(929) 498-0979

Website
www.dfcreative.org

Location
Jamaica, NY 11432



We Speak বাংলা, English, हिन्दी العربية

ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

**Dr. Rehana Alam**
DO, DPM
Board certified family medicine physician



আমাদের সেবাসমূহ :

- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com



WIN ZONE REALTY INC.
Licensed Real Estate Broker
Realty Inc.

Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
**Hard Money Loan Available.**

রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর



**Somnath Ghosh ( SAM)**
Licensed Real Estate Agent
Tel: ( Direct)
646-597-1760

Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com



মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.



Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য



- ব্যক্তিগত পরামর্শ
- ইন্টারেষ্ট রেট কম
- ইনভেষ্টমেন্ট
- ফ্রি এপ্রোভাল
- ফাষ্ট ক্লোজিং
- দ্রুত এবং বিশ্বস্ত

139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain



# ফুলকলি ফাউন্ডেশনের বিজয় দিবস পালন

৬৪ পৃষ্ঠার পর

ডিসেম্বর জ্যামাইকার ইকরা পার্টি হলে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিজয় দিবসে ৩ জন বীর মুক্তিযোদ্ধা এবং ৬ জন কমিউনিটি ব্যক্তিত্বকে কমিউনিটির উন্নয়নে বিশেষ অবদানের জন্য সম্মাননা দেওয়া হয়।
সম্মাননা প্রাপ্ত মুক্তিযোদ্ধারা হলেন- শরাফ সরকার, মোহাম্মদ এনামুল হক, জসীম উদ্দিন মাহমুদ। কমিউনিটি ব্যক্তিত্বরা হলেন- সাংবাদিক মনোয়ারুল ইসলাম, নাঈমা খান, অনিক রাজ, ডা. অনুপম ভূইয়া ও শিল্পী সবিতা দাস ও ডা. উলফাত আল জলিল।
অনুষ্ঠানে বক্তব্য রাখেন শরাফ সরকার, জসীম উদ্দিন মাহমুদ, মোহাম্মদ এনামুল হক, ডা. অনুপম ভূইয়া, সাংবাদিক মনোয়ারুল ইসলাম, অনিক রাজ, ডা. আবুল ফজল শাহানশাহ, নাঈমা খান, শিল্পী সবিতা দাসসহ আরো অনেকে।
অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফুলকলি ফাউন্ডেশনের সভাপতি সাংবাদিক বেলাল আহমেদ। গোল্ডেন এজ হোম কেয়ার এবং ডে কেয়ারের সকল মেম্বারদের বিজয় দিবসের শুভেচ্ছা জানানো হয়। সব শেষে গোল্ডেন এজ হোম কেয়ারের প্রেসিডেন্ট ও সিইও শাহ নেওয়াজ ও ভাইস প্রেসিডেন্ট রানো নেওয়াজকে শ্রদ্ধা জানানো হয়। অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন, চন্দন চৌধুরী, সোমা চৌধুরী, কামরুনা চৌধুরী তুলি, সবিতা দাস, রুনা রায় প্রমুখ।




















# জাতিকে কাঁদিয়ে হাদির বিদায়

১ পৃষ্ঠার পর

এনসিপিসহ ফ্যাসিবাদবিরোধী সব রাজনৈতিক দল শোক প্রকাশ করে বিবৃতি দেয়। বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকেও শোক জানানো হয়। জুলাই গণ-অভ্যুত্থানের পক্ষে থাকা লাখ লাখ মানুষ হাদির সুস্থতার জন্য মহান আল্লাহর কাছে দোয়া করেছেন। কিন্তু হাদিকে আর ফিরে পাননি তার সহযোদ্ধারা। এই আত্মাহুতিতে বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি বর্তমানে মারাত্মকভাবে অস্থিতিশীল।
বৃহস্পতিবার রাতেই প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস জাতির উদ্দেশে তাৎক্ষণিক ভাষণ দেন। ভাষণে তিনি সবাইকে ধৈর্য ধারণ করার আহ্বান জানান। তিনি হাদির রুহের মাগফিরাত কামনায় শুক্রবার প্রতিটি মসজিদে বিশেষ দোয়া ও মোনাজাত করা এবং আগামীকাল শনিবার একদিনের রাষ্ট্রীয় শোক পালনের ঘোষণা দিয়েছেন।
রাজধানীর শাহবাগে জড়ো হওয়া সহযোদ্ধা ও বিপুলসংখ্যক বিক্ষুব্ধ ছাত্র-জনতা ক্ষোভ-বিক্ষোভে ফেটে পড়েন। হাদি হত্যার বিচার চেয়ে 'তুমি কে, আমি কে, হাদি-হাদি'; 'আমার ভাই কবরে, খুনি কেন বাইরে'সহ নানা স্লোগানে মুখরিত করে তুলেন ঢাকা শহর। উত্তাল হয়ে ওঠে শাহবাগসহ আশপাশের এলাকা। এ সময় শাহবাগে সব ধরনের যান চলাচল বন্ধ হয়ে যায়। শরিফ ওসমান হাদি আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-৮ আসনের সম্ভাব্য স্বতন্ত্র প্রার্থী ছিলেন।
গত ১২ ডিসেম্বর দুপুরে নির্বাচনি গণসংযোগের জন্য রাজধানীর বিজয়নগর এলাকায় তিনি কুখ্যাত সন্ত্রাসী ও আওয়ামী লীগের অন্যতম দোসর ফয়সাল করিম মাসুদের গুলিতে গুরুতর আহত হন। মোটরসাইকেলে আসা সন্ত্রাসী হাদির মাথা লক্ষ্য করে খুব কাছ থেকে গুলি করে। এর পর গুরুতর আহত হাদিকে দ্রুত ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে অস্ত্রোপচার করার পর রাতেই তাকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। সোমবার দুপুরে এয়ার অ্যাম্বুলেন্সে হাদিকে সিঙ্গাপুরে নিয়ে যাওয়া হয় উন্নত চিকিৎসার জন্য। ঝালকাঠি জেলার নলছিটি উপজেলার খাসমহলের খাড়চিখালী গ্রামের মুন্সি বাড়ির মরহুম মাওলানা আব্দুল হাদির ছোট ছেলে শরিফ ওসমান হাদি। নলছিটি ইসলামিয়া ফাজিল মাদ্রাসার উপাধ্যক্ষ ছিলেন মাওলানা শরিফ আব্দুল হাদি। তার তিন ছেলে ও তিন মেয়ে। ছোট ছেলে ছিলেন ওসমান হাদি।
বাংলাদেশের রাজনৈতিক অঙ্গন হাদি নিহতের ঘটনার পরপর ব্যাপকভাবে উত্তাল হয়ে উঠেছে। তার সহকর্মী ছাড়াও সাধারণ মানুষ হাদির নৃশংস হত্যাকাণ্ডে জড়িতদের গ্রেফতার করে কঠোর শাস্তির আওতায় আনার দাবি জানিয়েছেন।

# গোল্ডেন এজ হোম কেয়ারের উদ্যোগে 'শীত বস্ত্র বিতরণ'

৬৪ পৃষ্ঠার পর

নেওয়াজের প্রতিষ্ঠান গোল্ডেন এজ হোম কেয়ার এই মহতি উদ্যোগের আয়োজন করে। প্রায় ২ শতাধিক দরিদ্র মানুষের মধ্যে কম্বল বিতরণ করা হয়।
বেলাল আহমেদ ও অনিক রাজের নেতৃত্বে এই কম্বল বিতরণ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মনোয়ারুল ইসলাম, ফরিদ আলম, বদরুদ্দোজা সাগর, সিদ্দিকুর রহমান, আফরোজা ইসলাম ও কুইন্স বরো প্রেসিডেন্ট ডোনাভান রিচার্ডের প্রতিনিধি প্রকৌশলী সাদেকুর রহমান।

# ট্রাম্পের জনপ্রিয়তা কমছেই

১ পৃষ্ঠার পর

পেয়েছেন। বৈদেশিক নেতৃত্বেও মানুষ আস্থা হারিয়েছে। ব্যর্থ হয়েছে আরব বিশ্বের অস্থিরতা কমাতে। ইউক্রেন যুদ্ধ বন্ধের এখনও আশার আলো নেই। জরিপ অনুযায়ী, ৫৭ শতাংশ আমেরিকান মনে করেন, ট্রাম্প অর্থনীতি ভালোভাবে পরিচালনা করছেন না। বিপরীতে মাত্র ৩৬ শতাংশ বলেছেন, তিনি ভালো কাজ করছেন, যা তার দুই মেয়াদের মধ্যে সর্বনিম্ন। একসময় যেটিকে ট্রাম্পের অন্যতম বড় শক্তি হিসেবে দেখা হতো, সেই অর্থনীতিই এখন তার জন্য দুর্বলতায় পরিণত হয়েছে। অর্থনীতিতে এই অসন্তোষের প্রভাব পড়েছে ট্রাম্পের সামগ্রিক জনপ্রিয়তায়ও। জরিপে দেখা যায়, মাত্র ৩৮ শতাংশ আমেরিকান মনে করেন, তিনি প্রেসিডেন্ট হিসেবে ভালো কাজ করছেন, যা তার প্রথম মেয়াদ শেষ হওয়ার পর থেকে সর্বনিম্ন হার। ম্যারিস্ট ইনস্টিটিউট ফর পাবলিক ওপিনিয়নের পরিচালক লি মিরিংফ বলেন, 'এটি তার জন্য বড় সমস্যা। মানুষের মনে যখন ক্রয়ক্ষমতা সবচেয়ে গুরুত্বপূর্ণ হয়ে ওঠে, তখন এর দায় শেষ পর্যন্ত দেশের প্রধান নির্বাহীর ওপরই পড়ে।'
জরিপে আরও উঠে এসেছে, প্রতি ১০ জনে ৭ জন আমেরিকান জানিয়েছেন তাদের এলাকায় জীবনযাত্রার ব্যয় অসহনীয়। এর মধ্যে প্রায় অর্ধেক রিপাবলিকান ভোটার এবং তিন-চতুর্থাংশ স্বাধীন ভোটারও রয়েছেন। মাত্র ৩ জন মনে করেন জীবনযাত্রার ব্যয় সহনীয়, যা জুন মাসের তুলনায় ২৫ শতাংশ পয়েন্ট কম।
দ্য কুক পলিটিক্যাল রিপোর্টের সম্পাদক অ্যামি ওয়াল্টার বলেন, 'এই পরিস্থিতি যত দীর্ঘ হবে, এই পরিসংখ্যান ঘুরিয়ে আনা তত কঠিন হবে। একসময় এটি স্বয়ংসম্পূর্ণ এক চক্রে পরিণত হয়, মানুষ আস্থা হারায় এবং ধরে নেয়, দাম কেবল বাড়তেই থাকবে।' উল্লেখ্য, অর্থনৈতিক অসন্তোষ ট্রাম্পের পূর্বসূরি প্রেসিডেন্ট জো বাইডেনকেও ভুগিয়েছিল। ২০২২ সালের শুরুতে যখন মুদ্রাস্ফীতি চরমে পৌঁছায়, তখন বাইডেনের অর্থনৈতিক অনুমোদন নেমে আসে ৩৬ শতাংশে। মেয়াদের শেষ দিকে কিছুটা উন্নতি হলেও সেই ক্ষতি পুরোপুরি পুষিয়ে ওঠেনি। ২০২৪ সালের প্রেসিডেন্ট নির্বাচনে ট্রাম্প ভোটারদের অর্থনৈতিক অসন্তোষকে পুঁজি করে ফের হোয়াইট হাউসে ফেরেন। তবে এখন সেই একই অসন্তোষ আগামী বছরের মধ্যবর্তী নির্বাচনে রিপাবলিকানদের জন্য বড় ঝুঁকি হয়ে উঠতে পারে বলে বিশ্লেষকরা মনে করছেন।
অর্থনৈতিক ইস্যুতে নিবন্ধিত ভোটারদের মধ্যে ডেমোক্র্যাটরা রিপাবলিকানদের তুলনায় এগিয়ে রয়েছে। জরিপে ৪০ শতাংশ ভোটার মনে করেন, ডেমোক্র্যাটরা অর্থনীতি ভালোভাবে সামলাতে পারবে, সেখানে রিপাবলিকানদের পক্ষে রয়েছে ৩৫ শতাংশ। স্বাধীন ভোটারদের মধ্যে ডেমোক্র্যাটরা ১১ পয়েন্টে এগিয়ে, যদিও ত্রুটির মার্জিন ৬.২ শতাংশ।


## Zillur Tax Accounting and Insurance

Accounting, Tax Filling, Audit, Insurance and Real State



**Zillur Rahim**

IRS Enrolled Agent, MBA

646-322-3254

Our Services:

- Personal tax filling
- Business tax filling
- New Business Set-up
- Immigration
- Insurance and all kind of form fill up
- Notary

IRS e-file

We help Buying, Selling and Renting

Zillur Rahim
Exit Realty Prime

88-11A, 169th St. (2nd floor) Jamaica NY-11432

646-322-3254, 718-374-3110

Email: zillurincometaxnyc@gmail.com


Empire Care Agency
LHCSA Licensed Home Health Care
PCA / HHA SERVICE
WHY CHOOSE US?
We Pay The Highest Rate
Our Experienced Nurse Will Advocate for your more Hours
হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি
OUR SERVICES
Skilled Nursing
Home Health Aides
Medicaiton Remindrs
Meal Preparation
Personal Care
Light Housekeeping
$23
Per Hour Giver to PCA & HHA Care Giver
WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH
NURUL AZIM
CEO
516-451-3748
119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415
516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com


DUO NEST
REAL ESTATE TUTORING CENTER
ঈদ উপলক্ষে 10% DISCOUNT
নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!
DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি
কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?
দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।
শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।
আমাদের সুযোগ ও সুবিধা
এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা
Design by: ihopeprint.com, 929-538-7903
CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434
duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us

# বিশ্বকাপের ট্রফি যাচ্ছে বাংলাদেশে

আজকাল স্পোর্টস

ফিফা বিশ্বকাপ-২০২৬ এর মূল ট্রফি আসছে বাংলাদেশে। আগামী ১৪ জানুয়ারি ট্রফিটি ঢাকায় পৌঁছাবে বলে জানা গেছে। 'ফিফা বিশ্বকাপ ট্রফি ট্যুর বাই কোকা-কোলা'র অংশ হিসেবে ট্রফিটি বাংলাদেশে নিয়ে আসছে জনপ্রিয় পানীয় প্রস্তুতকারী প্রতিষ্ঠান কোকা-কোলা। গত বৃহস্পতিবার কোকা-কোলার সূত্রে বিষয়টি জানা গেছে।



এবার প্রথমবারের মতো বৈশ্বিক টুর্নামেন্ট অনুষ্ঠিত হবে তিনটি দেশেঃ যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডায়। আগামী বছরের ১১ জুন আসর শুরু হয়ে শেষ হবে ১৯ জুলাই। অংশ নেবে ৪৮টি দেশ।

বৈশ্বিক ট্যুরের অংশ হিসেবে বিশ্বকাপ ট্রফি সফর করবে ফিফার ৩০টি সদস্য দেশের ৭৫টি স্থানে। প্রায় ১৫০ দিনের এই সফরে ফুটবলভক্তরা একবারের জন্য হলেও মূল ট্রফিটি কাছ থেকে দেখার সুযোগ পাবেন।

বাংলাদেশের ফুটবলপ্রেমীদের জন্য কোকা-কোলা চালু করেছে একটি ইন্টারঅ্যাকটিভ 'আন্ডার দ্য ক্যাপ' প্রোমো ক্যাম্পেইন। এই ক্যাম্পেইনের মাধ্যমে ফ্যানরা ফিফা বিশ্বকাপের মূল ট্রফি দেখার টিকিট জেতার সুযোগ পাবেন এবং ট্রফির সঙ্গে ছবি তোলার সুযোগও থাকবে।

এই ক্যাম্পেইনে অংশ নিতে ভক্তদের এক লিটার কোকা-কোলার প্রোমো প্যাক কিনে বোতলের লেবেলে থাকা কিউআর কোড স্ক্যান করতে হবে, যা ফিফার ট্রফি ট্যুরের অফিশিয়াল ওয়েব পেজে নিয়ে যাবে। সেখানে ক্যাপের নিচে থাকা ইউনিক কোড জমা দিয়ে ফিফা বিশ্বকাপ সম্পর্কিত একটি কুইজের সঠিক উত্তর দিতে হবে। প্রতি ঘণ্টায় সবচেয়ে দ্রুত সঠিক উত্তরদাতারা ট্রফি দেখার টিকিট জিতবেন।

এই অফার শুরু হয়েছে গত ১৫ নভেম্বর ২০২৫ থেকে, চলবে ৮ জানুয়ারি ২০২৬ পর্যন্ত। প্রতি ৯০ মিনিটে একবার করে টিকিট জেতার সুযোগ থ াকবে।

কোকা-কোলা কোম্পানির ভাইস প্রেসিডেন্ট (গোবাল অ্যাসেটস, ইনফ্লুয়েন্সারস অ্যান্ড পার্টনারশিপস) মিকায়েল তিনে বলেন, "ফিফা বিশ্বকাপ ট্রফি ট্যুরের মাধ্যমে ভক্তদের খেলাটির কেন্দ্রবিন্দুর আরও কাছে নিয়ে আসতে পেরে আমরা আনন্দিত। এবারের ট্যুর ফুটবলের উত্তেজনা ও আবেগকে খুব কাছ থেকে অনুভব করার একটি বিশেষ সুযোগ তৈরি করবে।"

এরপর ৫৩ পৃষ্ঠায়



## ২০২৬ বিশ্বকাপ ফুটবলে রেকর্ড প্রাইজমানি

আজকাল স্পোর্টস

যুক্তরাষ্ট্র, মেক্সিকো ও কানাডার যৌথ আয়োজনে অনুষ্ঠিত হতে যাচ্ছে ২০২৬ ফিফা বিশ্বকাপ। এবার দল ও ম্যাচের সংখ্যা বাড়ার পাশাপাশি উল্লেখযোগ্যভাবে বাড়ছে প্রাইজমানির অঙ্কও। ৪৮ দলের এই বিশ্বকাপের জন্য রেকর্ড পরিমাণ পুরস্কারমূল্য ঘোষণা করেছে বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা ফিফা।

আগামী ১১ জুন থেকে ১৯ জুলাই পর্যন্ত অনুষ্ঠিতব্য বিশ্বকাপে মোট ৬৫৫ মিলিয়ন ডলার প্রাইজমানি ঘোষণা করা হয়েছে। বাংলাদেশি মুদ্রায় যার পরিমাণ এরপর ৫৩ পৃষ্ঠায়



## আইপিএলের মাঝেই বাংলাদেশের হয়ে খেলবেন মোস্তাফিজ

আজকাল স্পোর্টস

ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) এবারের আসর শুরু হবে আগামী ২৬ মার্চ, ফাইনাল অনুষ্ঠিত হবে ৩১ মে। তবে পুরো টুর্নামেন্টে কলকাতা নাইট রাইডার্সের হয়ে খেলা হচ্ছে না বাংলাদেশের বাঁহাতি পেসার মোস্তাফিজুর রহমানের।

আইপিএলের নিলামে মোস্তাফিজকে নিয়ে চেন্নাই সুপার কিংস ও কলকাতা নাইট রাইডার্সের মধ্যে ছিল তুমুল প্রতিযোগিতা। শেষ পর্যন্ত ২ কোটি রুপি ভিত্তিমূল্যের মোস্তাফিজকে ৯ কোটি ২০ লাখ রুপিতে দলে ভেড়ায় কলকাতা। এত বড় অঙ্কে দলে নেওয়া হলেও পুরো মৌসুমের জন্য মোস্তাফিজকে পাচ্ছে না ফ্র্যাঞ্চাইজিটি।

আগেই ইঙ্গিত মিলেছিল, আইপিএলের পুরো মৌসুম খেলতে পারবেন না মোস্তাফিজ। বৃহস্পতিবার (১৮ ডিসেম্বর) বিষয়টি নিশ্চিত করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)।

আগামী বছর এপ্রিলে তিন ম্যাচের ওয়ানডে ও সমানসংখ্যক টি-টোয়েন্টি সিরিজ খেলতে বাংলাদেশ সফরে আসবে নিউজিল্যান্ড। ওই সিরিজের ওয়ানডে ম্যাচগুলো খেলতে আইপিএল থেকে আট এরপর ৫৩ পৃষ্ঠায়




## গোলকিপারের অবিশ্বাস্য নৈপুণ্যে বছরের ষষ্ঠ শিরোপা পিএসজির

আজকাল স্পোর্টস

ম্যাচের সব আলো একাই কেড়ে নিলেন প্যারিস সেন্ট জার্মেইয়ের গোলকিপার মাতভেই সাফানভ। টাইব্রেকারে ঠেকিয়ে দিয়েছেন প্রতিপক্ষের চার শট। ফিফা বর্ষসেরার পুরস্কার জেতা উসমান দেম্বেলের শট ফ্ল্যামেঙ্গোর গোলকিপার ঠেকিয়ে দিলে হতাশায় পড়ে যান তিনি। তবে সেই হতাশা দূর করার দায়িত্ব নেন রুশ গোলকিপার।

টাইব্রেকারে চারটি শট ঠেকিয়ে দিয়ে ফ্ল্যামেঙ্গোর স্বপ্নভঙ্গ করে পিসজিকে প্রথমবারের মতো ফিফা ইন্টারকন্টিনেন্টাল কাপ জেতালেন মাতভেই সাফানভ।

নির্ধারিত সময়ের খেলা শেশ হয় ১-১ সমতায়। অতিরিক্ত ৩০ মিনিট শেষেওঃ ম্যাচের স্কোরে কোনো পরিবর্তন আসেনি। টাইব্রেকারে খেলা গড়ালে সেখানে অবিশ্বাস্য নৈপুণ্য দেখায় পিএসজির গোলকিপার। ফলে ২-১ ব্যবধানে জিতে শিরোপা নেয় লুইস এনরিকের দল।

ম্যাচের শুরু থেকেই আধিপত্য দেখিয়ে খেলতে থাকে পিএসজি। ৬০ শতাংশ বল দখলে রেখে এগিয়েও যায় প্রথ মার্ধের শেষদিকে। দিজিরে দুয়ের শট ডান দিক থেকে প্রতিহত হওয়ার পর ফিরতি বলে গোল আদায় করে নেন খাভিচা কাভারাৎস্খেলিয়া ৩৮ মিনিটে।

প্রথমার্ধে ম্যাচের গোল হয় ওই একটাই। দ্বিতীয়ার্ধে ঘুরে দাঁড়ায় ফ্ল্যামেঙ্গো। ৫৯ মিনিটে পেনাল্টি পেয়ে গোল করতে ভুল করেননি জর্জিনিয়ো।

৯০ মিনিটের খেলায় আরকোনো গোল হয়নি। অতিরিক্ত সময়েও গোলের দেখা পায়নি দুই দলের কেউই। পরে খেলা গড়ায় টাইব্রেকারে।

টাইব্রেকারে প্রথম দুই শটে গোল পায় দুই দলই। এরপরই পিএসজির গোলকিপার দেখান অবিশ্বাস্য পারফরম্যান্স। ডান দিকে ঝাঁপিয়ে ঠেকিয়ে দেন সাউল এরপর ৫৩ পৃষ্ঠায়

## এমবাপ্পের নৈপুণ্যে ৫ গোলের ম্যাচ জিতলো রিয়াল

আজকাল স্পোর্টস

আগের দিন কোপা দেল রেতে বার্সেলোনা শেষ ষোল নিশ্চিত করেছিল। এবার আরেক জায়ান্ট রিয়াল মাদ্রিদও সেই পথ অনুসরণ করলো। ৫ গোলের রোমাঞ্চকর ম্যাচ জিতে নিয়েছে জাবি আলোনসোর দল। কিলিয়ানো এমবাপ্পের জোড়ায় রিয়াল মাদ্রিদ ৩-২ গোলে হারিয়েছে তৃতীয় স্তরের দল তালাভেরাকে।




রিয়াল মাদ্রিদ এদিন একাদশে বেশ কিছু পরিবর্তন আনে। লা লিগায় আলাভেসের বিপক্ষে জয়ের ম্যাচের একাদশ থেকে ভিনিসিউস জুনিয়র, রদ্রিগো, জুড বেলিংহ্যাম ও অরেলিয়া চুয়ামেনিদের জায়গা হয় বেঞ্চে। মূল গোলকিপার থিবো কোর্তোয়া ছিলেন না। আন্দ্রি লুনিনকে দায়িত্ব দেন কোচ আলোনসো। তাতে ম্যাচে আধিপত্য কমেনি রিয়ালের।

অধিকাংশ সময় বল দখলে রেখে বিরতির আগে দুই গোল করে চালকের আসনে বসে যায়। তৃতীয় স্তরের দলটির মাঠে ৪১মিনিটে প্রথম গোল আসে। এমবাপ্পের সফল স্পট কিকে এগিয়ে যায় রিয়াল। ডি-বক্সে তালাভেরার ফরোয়ার্ড মার্কোস মরেনোর হাতে বল লাগলে পেনাল্টিটি পায় সফরকারীরা।

চার মিনিট পর দ্বিতীয় গোলের দেখাও পেয়ে যায় তারা। এমবাপের শট ঠেকাতে গিয়ে আত্মঘাতী গোল করেন স্প্যানিশ ডিফেন্ডার ফরাদো।

বিরতির পর শেষ দিকে এসে তালাভেরা জ্বলে উঠে। ম্যাচ জমিয়ে তোলার ইঙ্গিত দেয়।

৮০ মিনিটে ব্যবধান কমায় তালাভেরা। ডি-বক্সে বাঁ দিক থেকে জোরাল কোনাকুনি শটে জাল কাঁপান স্প্যানিশ ফরোয়ার্ড নাহুয়েল।

আট মিনিট পরেই অবশ্য আবার এগিয়ে যায় রিয়াল। ডি-বক্সের বাইরে থেকে জোরাল শটে জাল কাঁপিয়ে নিজের দ্বিতীয় গোলটি করেন এমবাপ্পে। চলতি মৌসুমে সব মিলিয়ে ফ্রান্সের তারকার ২৩ ম্যাচে গোল হলো ২৮টি। আর রিয়াল মাদ্রিদের জার্সিতে এরপর ৫৩ পৃষ্ঠায়




## ফিফার বর্ষসেরা দেম্বেলে

আজকাল স্পোর্টস

সেপ্টেম্বরে ব্যালন ডি'অর জিতেছিলেন। এবার ফিফা থেকে বর্ষসেরা তথা দ্য বেস্ট পুরস্কারও জিতেছেন প্যারিস সেন্ট-জার্মেই (পিএসজি) ও ফ্রান্স ফরোয়ার্ড উসমান দেম্বেলে। মেয়েদের বিভাগে ফিফা দ্য বেস্ট হয়েছেন বার্সেলোনার স্প্যানিশ মিডফিল্ডার আইতানা বোনমাতি।

২৮ বছর বয়সী দেম্বেলে মঙ্গলবার কাতারে বর্ষসেরা পুরুষ ফুটবলারের এই স্বীকৃতি পান। ২০২৪-২৫ মৌসুমে পিএসজিকে চারটি শিরোপা জেতাতে গুরুত্বপূর্ণ অবদান ছিল তার। এই এরপর ৫৩ পৃষ্ঠায়

Urgent sell

1. One king size bed with mattress
2. One queen size bed with mattress
3. One twin size bed with mattress and storage drawers
4. Wooden dining table with 6 chairs+cushions
5. Wooden coffee table
6. Wooden TV stand with drawers
7. One 3 seater Sofa couch cum bed
8. 2 display tables/racks
9. Two chairs
10. Humidifier - 3
11. Study desk (White) for kids
12. Shelf
13. Floor lamps

Electronics
1. Coffee maker
2. Air fryer oven
(has several functions including rotisserie chicken)
3. Braun hand held blender
4. Three set blender
5. Bullet blender
6. Mini waffle maker
7. Hamilton Beach confectionary mixer
8. 17" Monitor for computer with key board (cord less) not used

PICK UP LOCATION:
Roosevelt island New York City
CONTACT:
CELL: +1 (347) 294-9697

## বিশ্বকাপের ট্রফি যাচ্ছে বাংলাদেশে

৫২ পৃষ্ঠার পর

তিনি বলেন, "একটি ফুটবল ম্যাচ দেখার সময় যে আবেগ, উত্তেজনা ও প্রত্যাশা তৈরি হয়, সেই অনুভূতিগুলোকে উদযাপন করার লক্ষে ফিফা বিশ্বকাপের মূল ট্রফিটি বাংলাদেশে নিয়ে আসা হচ্ছে।"

এর আগে ২০০২ জাপান-কোরিয়া, ২০১৪ ব্রাজিল এবং সবশেষ কাতার বিশ্বকাপের ট্রফি এসেছিল বাংলাদেশে।

## ২০২৬ বিশ্বকাপ ফুটবলে রেকর্ড প্রাইজমানি

৫২ পৃষ্ঠার পর

প্রায় ৭ হাজার ৯৯৮ কোটি ৯৩ লাখ ৬ হাজার টাকা। ২০২২ কাতার বিশ্বকাপের তুলনায় এবারের প্রাইজমানি উল্লেখযোগ্য হারে বেড়েছে। সবচেয়ে বেশি অর্থ বরাদ্দ রাখা হয়েছে চ্যাম্পিয়ন দলের জন্য। শিরোপা জয়ী দল পাবে ৫০ মিলিয়ন ডলার, যা বাংলাদেশি মুদ্রায় প্রায় ৬১০ কোটি টাকা।

২০২২ কাতার বিশ্বকাপে আর্জেন্টিনা চ্যাম্পিয়ন হয়ে পেয়েছিল ৪২ মিলিয়ন ডলার (প্রায় ৫০০ কোটি টাকা)। রানার্সআপ ফ্রান্স পেয়েছিল ৩০ মিলিয়ন ডলার (প্রায় ৩৬৬ কোটি টাকা)। এবারের বিশ্বকাপে চ্যাম্পিয়ন দলের প্রাইজমানি আরও বেড়েছে। রানার্সআপ দল পাবে প্রায় ৪০২ কোটি ৯৯ লাখ ৯৯ হাজার টাকা। তৃতীয় হওয়া দলের জন্য বরাদ্দ প্রায় ৩৫৪ কোটি ১৫ লাখ ১৫ হাজার টাকা এবং চতুর্থ স্থানে থাকা দল পাবে প্রায় ৩২৯ কোটি ৭২ লাখ ৭৩ হাজার টাকা।

কোয়ার্টার ফাইনাল থেকে বাদ পড়া প্রত্যেক দল পাবে প্রায় ২৩২ কোটি ৩ লাখ ৩ হাজার টাকা। শেষ ষোলো থেকে বিদায় নেওয়া প্রত্যেক দলের জন্য বরাদ্দ প্রায় ১৮৩ কোটি ১৮ লাখ ১৮ হাজার টাকা। রাউন্ড অব ৩২ থেকে বাদ পড়া দলগুলো পাবে প্রায় ১৩৪ কোটি ৩৩ লাখ ৩৩ হাজার টাকা। এ ছাড়া গ্রুপ পর্ব থেকেই বিদায় নেওয়া প্রত্যেক দল পাবে প্রায় ১০৯ কোটি ৯০ লাখ ৯০ হাজার টাকা।

BECOME A REALTOR
রিয়েল এস্টেট পেশায় আসুন
Make SIX-FIGURE ($$$$$$) or more income/ year !
মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন
YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:
Pass Real Estate Exam
[ Salesperson in New York State ]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়
Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%
Real Estate Productivity Coaching



Azizul Hoque
[Realtor Hoque]
Consultant, Coach & Licensed Realtor
148-45 Hillside Avenue, Suite 201B
Jamaica, NY 11435
Phone: 347 451 7307
Email: realtorhoque64@gmail.com

kw LANDMARK II
KELLERWILLIAMS REALTY




•Residential •Commercial •Investment
•Foreclosures •Auctions •Co-Op & Condo
•Short Sale •Hud •Rentals
•Bank Owned/ REO Properties
List Your Property Faster with TOP $$$
Free Market Analysis
Consultation



Azizul Hoque
[Realtor Hoque]
Licensed Realtor
realtorhoque64@gmail.com
azizul.hoque@kw.com
www.azizul-hoque.kw.com
347-451-7307
347-846-1200
347-846-1201
75-35 31st Avenue Suite. 202
Jackson Heights, NY-11370
realtorhoque64 AzizulH48770125
azizul-hoque-880064245

## এমবাপ্পের নৈপুণ্যে ৫ গোলের ম্যাচ জিতলো রিয়াল

৫২ পৃষ্ঠার পর

সব মিলিয়ে ৭২ গোল।

যোগ করা সময়ের প্রথম মিনিটে ব্যবধান আবার কমিয়ে আনে তালাভেরা। তবে গনসালেসের গোলে ৩-২ ব্যবধান হলেও হার এড়ানো যায় নি। আগামী শনিবার লা লিগায় ঘরের মাঠে রিয়াল মুখোমুখি হবে সেভিয়ার।

## গোলকিপারের অবিশ্বাস্য নৈপুণ্যে বছরের ষষ্ঠ শিরোপা পিএসজির

৫২ পৃষ্ঠার পর

নিপেলের শট।

ফ্লামেঙ্গোর একটি মিস কাজে লাগাতে ব্যর্থ হন পিএসজির দেম্বেলে। তিনি নিজেই করে বসেন মিস। তাতে সাফোনভের আত্মবিশ্বাসে পড়েনি কোনো ঘাটতি। ফ্লামেঙ্গোর পেদ্রো, লিও পেরেইরা ও লুইস আরাউহোর শট ঠেকিয়ে ম্যাচ একাই পিএসজির দিকে এনে দেন তিনি। নুনো মেন্দেসের সফল শটে শেষ পর্যন্ত ২-১ ব্যবধানে জয় নিশ্চিত হয় পিএসজির।

বছরের শেষ প্রান্তে এসেও পিএসজির সাফল্যের ক্ষুধা কমেনি। ইউরোপ সেরার পরিচয়ের পর উয়েফা সুপার কাপ জিতে তারা আবারও প্রমাণ করে দেয়, এই মৌসুমে তাদের থামানো কঠিন। সেই ধারাবাহিকতার আসে আন্তর্জাতিক মঞ্চে আরেকটি ট্রফি জয়ের মাধ্যমেতুয়া প্যারিসের ক্লাবটির আধিপত্যে যোগ করে নতুন এক পালক।

ঘরে বসে আয় করুন

আপনার কি বাবা, মা, আত্মীয় স্বজন, বন্ধু বান্ধব কিংবা প্রতিবেশী অসুস্থ?

তাহলে এক্ষুনি আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে সর্বোচ্চ ইনকামের নিশ্চয়তা দিচ্ছি।





যোগাযোগ : ৯১৭ ৫১৯ ১১৫১

## আইপিএলের মাঝেই বাংলাদেশের হয়ে খেলবেন মোস্তাফিজ

৫২ পৃষ্ঠার পর

দিনের জন্য দেশে ফিরতে হবে মোস্তাফিজকে।

মিরপুরে সংবাদ সম্মেলনে এ তথ্য জানিয়েছেন বিসিবির ক্রিকেট পরিচালনা বিভাগের প্রধান নাজমুল আবেদীন ফাহিম। ২০২৭ সালের ওয়ানডে বিশ্বকাপে বাংলাদেশের সরাসরি খেলা নিয়ে রয়েছে শঙ্কা। সরাসরি বিশ্বকাপে খেলতে হলে ২০২৭ সালের ১৫ ফেব্রুয়ারির মধ্যে আইসিসি ওয়ানডে র‍্যাঙ্কিংয়ে অন্তত নবম স্থানে থাকতে হবে। বর্তমানে বাংলাদেশ আছে দশম স্থানে। এ কারণে নিউজিল্যান্ডের বিপক্ষে ওয়ানডেতে পূর্ণ শক্তির দল মাঠে নামাতে চায় বিসিবি।

এ বিষয়ে নাজমুল আবেদীন ফাহিম বলেন, 'ওয়ানডেতে আমাদের সরাসরি বিশ্বকাপ খেলার বিষয়টা খুব গুরুত্বপূর্ণ। এই জায়গাটাতে আমরা বিন্দুমাত্র ছাড় দিতে রাজি না। যদি আমরা নিরাপদ অবস্থানে থাকতাম, তাহলে হয়তো পুরো টুর্নামেন্টের জন্য মোস্তাফিজকে এনওসি দিতে পারতাম। কিন্তু আমরা সেই জায়গায় নেই বলেই এই সিদ্ধান্ত নিতে হয়েছে।'

টিটোয়েন্টির আবহ থেকে এসে ওয়ানডে খেলাটা মোস্তাফিজের জন্য কঠিন হবে কি নাওএমন প্রশ্নের জবাবে নাজমুল বলেন, 'ও যে পর্যায়ে খেলবে, যে প্রতিদ্বন্দ্বিতামূলক পরিবেশে থাকবে, সেখান থেকে এসে আরও ভালোভাবে অবদান রাখার সম্ভাবনাও থাকে। সব দিক বিবেচনা করেই আমরা দেখেছি, এই মুহূর্তে দলের জন্য ওর উপস্থিতিটা খুব জরুরি। ও থাকলে আমাদের শক্তি আরও বাড়ে।'

## ফিফার বর্ষসেরা দেম্বেলে

৫২ পৃষ্ঠার পর

ব্যক্তিগত পুরস্কারের দৌড়ে বার্সেলোনার লামিনে ইয়ামাল ও রিয়াল মাদ্রিদের কিলিয়ান এমবাপ্পেকে পেছনে ফেলেছেন দেম্বেলে। যেমনটা করেছিলেন ব্যালন ডি'অর জেতার সময়।

২০২৩ সালে বার্সেলোনা ও বরুশিয়া ডর্টমুন্ড ছেড়ে পার্ক দ্য প্রিন্সে যোগ দেওয়া এই তারকা লুইস এনরিকের অধীনে গত মৌসুমে ৫৩ ম্যাচে ৫১টি গোলে অবদান রেখেছিলেন। এখানেই থেমে থাকেননি। পিএসজিকে ইতিহাসে প্রথমবারের মতো চ্যাম্পিয়ন্স লিগ জেতাতেও ভূমিকা রাখেন তিনি। গত মৌসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে ৫৩ ম্যাচে ৩৫ গোল করেছেন।

পিএসজির জন্য দিনটি ছিল স্মরণীয়। কারণ দেম্বেলের মতো বর্ষসেরা কোচ হয়েছেন পিএসজির লুইস এনরিকে।

ফিফা দ্য বেস্টের বর্ণাঢ্য অনুষ্ঠানটি হয়েছে কাতারের দোহায়। এসময় ৮০০ অতিথি হাজির ছিলেন। উপস্থিত ছিলেন ফিফা সভাপতি জিয়ান্নি ইনফান্তিনোও।

UCS Ultra Credit Solutions Inc.

# CREDIT REPAIR
## ক্রেডিট রিপেয়ার




আমাদের সেবাসমূহঃ
পাবলিক রেকর্ড, কালেকশন একাউন্ট, ব্যাংকক্রাপসি, ডেবট সেটেলমেন্ট, লেট-পেমেন্ট, ষ্টুডেন্ট লোন, মেডিক্যাল বিল ও কার রিপজিশানিং রিমুভাল।
(এটি একটি বাংলাদেশী প্রতিষ্ঠান)

Public Record Removal, Collection Removal
Bankruptcy Removal, Debt Settlement, Debt Elimination

**929-386-6426**
**929-386-4705**

3716 73rd Street, Suite. 302-B (3RD FLOOR)
JACKSON HEIGHTS, NY 11372
34-18 Northern Blvd, Suite#5/14
Long Island City, NY 11101 (বাংলাদেশ কনস্যুলেট অফিসের উপর তলায়)

www.ultracreditsolutions.com



# MITU DISABILITY CENTER



RONJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

## IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) • Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury • Divorce • Bankruptcy • Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Loan Modification • Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

37-47 73 St. #215, Jackson Heights NY 11372
TEL: 718-701-2666





# ডাঃ গোবিন্দ পাল
মেডিসিন বিশেষজ্ঞ

Attending Physician
Wyckoff Heights
Medical Center

## Gobinda Paul M.D., F.A.C.P.
Board Certified in Internal Medicine

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- বয়সভিত্তিক বিভিন্ন রোগের টিকা দিয়ে ভবিষ্যতে নিরাপদ থাকুন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

GOBINDA PAUL PHYSICIAN P.C.
An Ideal Healthcare Unit for Curative and Preventive Medicine

Visiting Hours: Mon-Fri : 6PM-9PM
Sat or Sun : 9AM-2PM

87-38 168 Pl, Jamaica, NY 11432
P: 718-874-0076, F: 718-841-7499
E-mail : GobindaPaul.PC@outlook.com



# মহিলা দাঁতের ডাক্তার

NAEEMA BHUIYA, D.D.S
নাঈমা ভূঁইয়া, ডি.ডি.এস

Program Director, Department of Dentistry, Lincoln Hospital

* রেফারেন্সের প্রয়োজন নেই। সরাসরি চলে আসুন
* আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
* স্বল্প মূল্যে দাঁতের সবধরনের চিকিৎসা করা হয়



87-48, 168 Street, Jamaica, NY 11432
Tel: 718-206-0601, Fax: 718-206-0603



# রুমী ডেন্টাল ল্যাব



কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।



আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)
Tel: 718-414-4760

# USR BROKERAGE CORP.

USR BROKERAGE

আমরা সব ধরনের ইন্সুরেন্স করে থাকি

★HOME ★BUSINESS ★AUTO ★WORKERS' COMPENSATION

MULTI-CARRIER ACCESS:
ALLOWS US TO COMPARE PRICES
FROM MULTIPLE CARRIERS.



## MD ABDUR ROUF

President

Electrical and Computer Engineer NYIT, NY
Cybersecurity and Cyber Insurance Specialist
Licensed Property and Causality Insurance Broker

**+1 (646) 270 4861, +1 (631) 565 4334**

usrbrokerage.com | a.rouf@usrbrokerage.com, info@usrbrokerage.com
37- 21 72 Street, Suit # 2, Jackson Heights, New York 11372

# Investors wanted



**Entertainment Ventures
40% Returns on your
Money in 9 Months**

## BAVLS
## Media Group

Please call for more information

**(929) 900-9196**

# হোমিও চিকিৎসা



## এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রস্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *এ্যাজমা *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

## Homeopathy & Herbal

72-08 Broadway, Jackson Heights, NY 11372

**Cell: 917-285-4804**

BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

# LIBERTY REAL ESTATE SCHOOL

NYS Approved Real Estate School

রিয়েলএস্টেটের লাইসেন্স করুন
বছরে লক্ষ ডলার আয় করুন

বিস্তারিত তথ্য এবং ক্লাসের সময় সুচি জানতে কল করুন **+1 (929) 393-8620**

- SALESPERSON COURSE : 75 HOURS
- CONTINUING EDUCATION : 22.5 HOURS
- BROKER COURSE : 45 HOURS

**YOU LEARN :**

The easiest way to buy and sell a home
Learn for Being a professional Realtor or for knowledge
Buying and selling a home as an investment
The market price of house goes up and down
Buy for profit, sell for profit (fix-flip)
What to do to buy your own house
Rules of buying and selling properties
Different types of mortgage loans

Jackson Heights Office: 37-22 73rd Street, Suite 2A
Jamaica Office: 167-16 Hillside Avenue
917 781 0647, 929 399 9352
libertyrealestateschool@gmail.com

# Marriage Media

## পাত্র-পাত্রী

### খুজছেন সন্ধান দাতা

আপনি বিয়ে করে আমেরিকাতে স্থায়ীভাবে বসবাস করতে চান?

সকল ধর্ম, সকল বর্ণের ইমিগ্রান্ট/ননইমিগ্রান্ট, ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক, ফার্মাসিষ্ট, নার্স, ফেডারেল জব, প্রাইভেট জব, ব্যবসায়ী, ট্যাক্সি ড্রাইভার, ছাত্র/ছাত্রী, ডিভোর্স, বিধবা ও (বয়স্ক) পাত্র-পাত্রী।

৫০টি স্টেটের বাঙ্গালি পরিবারের সাথে যোগাযোগ।
সাফল্যতার সাথে অগ্রগতি।

আল্লাহর হুকুম ছাড়া কিছু হয় না আমি উছিলা মাত্র।

**খান ভাই**
**646-637-7590**
Email: khanma663@gmail.com

জ্যাকসন হাইটসে বাংলাদেশীদের দ্বারা পরিচালিত ড্রাইভিং স্কুল

কেন সবাই আমাদের ড্রাইভিং স্কুলে শিখতে চায়

সপ্তাহে ৭ দিনই খোলা

- আমাদের ফি যুক্তিসঙ্গত এবং সেবা অতুলনীয়
- মহিলা পুরুষ ও বয়স্ক সবার প্রতি সমপরিমান যত্ন নিয়ে শিখিয়ে থাকি
- আমাদের সব প্রশিক্ষক NYS Instructor License প্রাপ্ত এবং খুবই ধৈর্যশীল।
- আমাদের স্কুলে পাশের হার সবচেয়ে বেশী
- প্রতি দশজনের আটজন আমরা প্রাক্তন ছাত্র/ছাত্রীর রেফারেন্স থেকে পাই
- আপনি যদি আমাদের সেবায় সন্তুষ্ট হন তবে, অন্যজনকে বলুন আর যদি সন্তুষ্ট না হন তবে আমাদেরকে বলুন



অন্য ড্রাইভিং স্কুলের প্রতারনার বিভ্রান্ত হবেন না। আমাদের প্যাকেজ টীলে একই মূল্যে পাচ্ছেন পাঁচ ঘন্টার ক্লাসের সার্টিফিকেট যা অন্যখানে পাচ্ছেন না।

৩৩০ ডলারে পাচ্ছেন

- ৫টি রোড লেসন,
- রোড টেস্টের দিন গাড়ী
- পাঁচ ঘন্টার (5 Hours) ক্লাস
- অতি অল্প মূল্যে গাড়ী ইন্সুরেন্স করে থাকি Defensive Driving Class দেয়া
- নতুন অটোমেটিক গাড়ী (A/C) সহ

- অত্যন্ত সহজ উপায়ে পার্কিং শিক্ষা
- আপনার সময়ই আমাদের সময়

যোগাযোগ : অভিজ্ঞ ইনস্ট্রাক্টর রহমান 917-378-0353

Full Insured & Licensed by New York State
PUPIL DRIVING SCHOOL
37-16 73rd Street (Suit#201) 2nd Floor, Jackson Heights, NY 11372

# JOY TECH ELECTRONICS & COMPUTER

## সেলস এবং রিপেয়ার



Laptop এবং Desktop কম্পিউটার রিপেয়ার।
Cellphone, TAB, iPad রিপেয়ার ও আনলক করা হয়।
GSM আনলক সেলফোন বিক্রয়।
সবধরনের Accesories পাওয়া যায়
সিম কার্ড এক্টিভেশন / সব ফোন বিল পে করা হয়।

ultra mobile · h2o · T-Mobile · Univision mobile · Lycamobile

Ph : (347) 730-5984 | Cell: (646) 707-7733
37-22 73RD ST, SUITE # 1D, JACKSON HEIGHTS, NY 11372

OPEN 24 HOURS

# PANSHI NEVER SLEEP

আমরা সব ধরনের ক্যাটারিং করি
ভাল খাবার, সুন্দর পরিবেশ, ভাল সার্ভিস, কমদামে উপভোগ করুন।

$6.99 Midnight & Driver Special



**PANSHI RESTAURANT & PARTY HALL**
168-37/39 Hillside Ave, Jamaica, NY 11432
Tel: 718-480-8516, Fax: 718-480-8531

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই যোগাযোগ করুন

# আমাদের সার্ভিস

নিউ ইয়র্ক ফিল্ম একাডেমী থেকে প্রকাশিত
২০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন কর্মী দ্বারা পরিচালিত

স্বল্প খরচে, দ্রুত ডেলিভারি

বিয়ে, জন্মদিন, বিসিনেস পার্টি, কালচারাল প্রোগ্রাম হাই কোয়ালিটি নিশ্চিত করা হয়



যোগাযোগঃ আমাদের সার্ভিস
+১ (৯১৭) ৫১৯ - ১১৫১
amader.services@gmail.com

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন DMV অনুমোদিত অত্যন্ত নির্ভরযোগ্য ইনস্ট্রাকটরের কাছে ড্রাইভিং শিখুন

# স্বদেশ ড্রাইভিং স্কুল



ঃ সেবা সমূহ ঃ

* রোড লেসন ০৫/১০/১৫ লেসনের প্যাকেজ ডিলস্
